

যুক্তরাষ্ট্রে গরুর মাংসের দাম রেকর্ড বেড়েছে

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রে গরুর মাংসের দামে রেকর্ড হয়েছে। সাধারণত বারবিকিউ মৌসুম উপলক্ষে বছরের এ সময় দাম ঊর্ধ্বমুখী থাকে। তবে চলতি বছর রেকর্ড ৬-এর পৃষ্ঠায় দেখুন

জন্মসূত্রে নাগরিকত্ব বাতিলে নির্বাহী আদেশ

এবার স্থগিতাদেশ দিলেন বোস্টনের ফেডারেল বিচারক

বাংলা পত্রিকা রিপোর্ট: অবৈধভাবে বসবাসরত অভিবাসীদের যুক্তরাষ্ট্রে জন্ম নেয়া শিশুদের জন্মসূত্রে নাগরিকত্ব বাতিলে প্রেসিডেন্ট ট্রাম্পের নির্বাহী আদেশ কার্যকরে স্থগিতাদেশ দিলেন বোস্টনের এক ফেডারেল বিচারক। শুক্রবার ম্যাসাচুসেটসের ফেডারেল আদালতের বিচারক লিও সরকিন এই আদেশ দেন।

এর আগে নিউ হ্যাম্পশায়ার ও ক্যালিফোর্নিয়াতেও ফেডারেল আদালত একই ধরনের স্থগিতাদেশ দেন। বুধবার সান ফ্রান্সিসকোর একটি আপিল আদালত সরাসরি একে অসাংবিধানিক ৬-এর পৃষ্ঠায় দেখুন

পথচলায় ২৯ বছর

The Weekly বাংলা পত্রিকা Bangla Patrika

www.banglapatrikausa.com ■ Vol. 29 ॥ Issue 43 / July 28, 2025, USA. Free in NY, Other State $1


বর্ষ ২৯ ॥ সংখ্যা ৪৩ ॥ সোমবার, জুলাই ২৮, ২০২৫, শ্রাবণ ১৩, ১৪৩২ ॥ সফর ০২, ১৪৪৭

পাঁচ মাসে ৫০ ইমিগ্রেশন বিচারক বরখাস্ত

বাংলা পত্রিকা রিপোর্ট: সীমিত ইমেইল নোটিশ বার্তায় যুক্তরাষ্ট্রজুড়ে অভিবাসন আদালতের ৫০ জনের মতো বিচারকদের বরখাস্তের ঘটনায় বিচারকদের মধ্যে উদ্বেগ-অস্থিরতা বিরাজ করছে। বিভিন্ন স্টেটের ইমিগ্রেশন কোর্টের বিচারক হিসেবে- কারো দশ বছর, কারো এক যুগ, আবার কারো দুই দশকেরও বেশি সময় ধরে অভিবাসন প্রত্যাশীদের বিচারিক দায়িত্ব দায়িত্ব পালন করে আসছিলেন জর্জ পাপাস, জেনিফার পেইটন, ইলা ডেইস এবং কারলা এসপিনোজার। তাদের অধীনে হাজার হাজার মামলার শুনানী রয়েছে। কিন্তু হঠাৎ করে তিন লাইনের ইমেইল বার্তায় তাদেরকে বরখাস্তের নোটিশ পাঠানো হয় ট্রাম্প প্রশাসনের পক্ষ থেকে। বিচার বিভাগের শৃঙ্খলা বজায় রাখতে প্রথমে নীরব ছিলেন বরখাস্ত হওয়া ইমিগ্রেশন বিচারকরা। এবার সেই নীরবতা ভেঙে তারা মুখ খুলতে শুরু করেছেন এবং একাট্টা হয়ে এর বিরুদ্ধে আইনী লড়াইয়ের প্রস্তুতিও নিচ্ছেন।

সম্প্রতি সিবিএস নিউজ, এপি, এনবিসি নিউজের কাছে মুখ খুলেছেন জুলাই মাসে বরখাস্ত হওয়া ইমিগ্রেশন কোর্টের বিচারক জর্জ পাপাস, জেনিফার পেইটন, ইলা ডেইস এবং কারলা এসপিনোজার মতো একাধিক বিচারক।

তারা অভিযোগ করেন, "বিচার বিভাগের ওপর হস্তক্ষেপ ও বিচারকদের বরখাস্ত এটা আইন ও বিচারপ্রক্রিয়ার ওপর সরাসরি আক্রমণ।" এমন বরখাস্তের বিরুদ্ধে আর নীরব থাকবেন না এবং এবার আইনী প্রক্রিয়ায় চ্যালেঞ্জ করবেন বলেও জানান তারা।



- বিচারকদের মধ্যে উদ্বেগ-অস্থিরতা
- চাপ বৃদ্ধিতে আরো বিচারকদের স্বেচ্ছায় অব্যাহতি
- পাল্টা আইনী লড়াইয়ের প্রস্তুতি বিচারকদের
- ইমিগ্রেশন মামলার জট প্রকট হওয়ার আশঙ্কা

সিবিএস নিউজ ও দ্য অ্যাসোসিয়েট প্রেসের প্রতিবেদনে বলা হয়, প্রেসিডেন্ট ট্রাম্পের ইমিগ্রেশন ক্র্যাকডাউনে কিংবা অভিবাসী বিরোধী নীতিতে চাপ প্রয়োগে বিচারকদের টার্গেট করা হচ্ছে। অভিবাসীদের বিতাড়ন গতি বৃদ্ধিতে ইমিগ্রেশন মামলাগুলো দ্রুত মুশন টু ডিসমিশ করার জন্য চাপ রয়েছে ট্রাম্প প্রশাসনের। এর ফলে বিচার বিভাগে অস্থিরতা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। প্রেসিডেন্ট ট্রাম্পের দ্বিতীয় মেয়াদে গত ফেব্রুয়ারিতে ক্ষমতা গ্রহণ করার পর জুলাই মাস পর্যন্ত অন্তত ৫০ জন ইমিগ্রেশন বিচারককে বরাখাস্ত করা হয়েছে। জুলাই মাসে প্রায় ১৭ জন বিচারককে বরখাস্ত করা হয়েছে। এছাড়াও ৫৬ জন বদলী কিংবা চাপে পড়ে স্বেচ্ছায় অব্যাহতি নিয়েছেন। বরখাস্ত ও অব্যাহতি নেয়ার পর সারাদেশে মাত্র ৬০০ জন ইমিগ্রেশন বিচারক বর্তমানে দায়িত্বে রয়েছেন। বরখাস্ত একেকজনের কাছে ২ থেকে ৬ হাজারের বেশি মামলা বিচারধীন ছিলো। এরকম বরখাস্ত ও চাপ প্রয়োগের কারণে আরো বিচারক বরখাস্ত এবং স্বেচ্ছায় অব্যাহতি নিলে বিচারক সংকটে বিচার প্রক্রিয়ায় মারাত্মক নেতিবাচক প্রভাব পড়বে। এমনিতেই যুক্তরাষ্ট্রের ইমিগ্রেশন কোর্টে ৩৬ লাখেরও বেশি মামলা পেন্ডিং অবস্থায় আছে।

বিচারক সংকটে এ মামলাগুলোর জট আরো প্রকট হবে এবং মামলাধীন বিষয় নিষ্পত্তি না করে অভিবাসীদের বিতাড়ন এদেশের আইনের শাসনকে প্রশ্নবিদ্ধ করবে বলে বরখাস্ত হওয়া বিচারক ও বিশ্লেষকদের আশঙ্কা। ১৮-এর পৃষ্ঠায় দেখুন

নিউইয়র্ক সিটির স্যাংকচুয়ারি নীতির বিরুদ্ধে মামলা

বাংলা পত্রিকা রিপোর্ট: অভিবাসন আইন কার্যকরে ও বিতাড়নে প্রতিবন্ধকতা সৃষ্টির অভিযোগ এনে এবার নিউইয়র্ক সিটির স্যাংচুয়ারি নীতি ও মেয়র এরিক অ্যাডামসের বিরুদ্ধে মামলা করলো ট্রাম্প প্রশাসন। বৃহস্পতিবার ব্রুকলিনের ফেডারেল ডিস্ট্রিক্ট কোর্টে এ মামলা দায়েরের বিষয়টি নিশ্চিত করেন বর্ডার জার টম হোম্যান। মামলায় মেয়র ছাড়াও সিটি কাউন্সিলর স্পিকার অ্যান্ড্রে অ্যাডামস ও এনওয়াইপিডি পুলিশ কমিশনার জেসিকা টিশকেও অভিযুক্ত করা হয়। মামলায় বলা হয়, "নিউইয়র্ক সিটি বহুদিন ধরেই যুক্তরাষ্ট্রের অভিবাসন আইন প্রয়োগে বাধা দিয়ে আসছে। ১৯৮৯ সালে



স্যাংচুয়ারি সিটির মর্যাদা পাওয়ার পর থেকে অবিবাসনে বাধা দেয়া প্রবণতা বেড়েই চলছে নিউইয়র্ক ৯-এর পৃষ্ঠায় দেখুন

শিকাগোর স্যাঙ্কচুয়ারি নীতির বিরুদ্ধে দায়ের করা মামলা খারিজ

বাংলা পত্রিকা রিপোর্ট: শিকাগোর স্যাঙ্কচুয়ারি নীতির বিরুদ্ধে ট্রাম্প প্রশাসনের দায়ের করা মামলা খারিজ করে দিয়েছেন যুক্তরাষ্ট্রের ডিস্ট্রিক্ট কোর্টের এক বিচারক। শুক্রবার ইলিনয়ের নর্দার্ন ডিসট্রিক্ট কোর্টের বিচারক লিন্ডসে জেনকিন্স মামলাটি খারিজ করে দেন।

শিকাগোর মেয়র ব্র্যান্ডন জনসন বলেন, "এই রায় প্রমাণ করে আমাদের ওয়েলকামিং সিটি অর্ডিনেন্স জননিরাপত্তাকে সহায়তা করে। শিকাগোকে জোর করে ট্রাম্প প্রশাসনের নির্মম অভিবাসন এজেন্ডার সঙ্গে মেলানো যাবে না।"

ইলিনয়ের গভর্নর জে বি প্রিটজকার রায়কে স্বাগত জানিয়ে ২৫-এর পৃষ্ঠায় দেখুন

নিউইয়র্কে ৩ দিনে ১৭ মিলিয়ন ডলার হাতিয়ে নিলো স্ক্যামাররা

বাংলা পত্রিকা রিপোর্ট: প্রতারণার ফাঁদ পেতে নিউইয়র্ক সিটির এটিএম থেকে মাত্র তিন দিনে ১৭ মিলিয়ন ডলার হাতিয়ে নিলো স্ক্যামার চক্র। সিটির 'সামার ইয়ুথ এমপ্লয়মেন্ট প্রোগ্রাম' কর্মসূচির আওতায়



কয়েক হাজার তরুণদের এটিএম পেমেন্ট কার্ড দেয়া হয়েছিলো। স্ক্যামাররা অভিনব কৌশলে পেমেন্ট কার্ডধারি প্রায় কয়েক হাজার জনকে টিকটকে লোভনীয় প্রতারণার ফাঁদে ফেলে এসব কার্ডের মাধ্যমে এটিএম থেকে এসব অর্থ নিয়ে যায়।

এ বিষয়টি নিশ্চিত করেছেন যুব কর্মসংস্থান প্রোগ্রাম কর্মসূচির দুজন আইন প্রয়োগকারী কর্মকর্তা।

নিউইয়র্ক ২৫-এর পৃষ্ঠায় দেখুন

যে কোন ইন্স্যুরেন্স পেতে আজই যোগাযোগ করুন



EXIT LUXURY INC.
BASE NO. B03152
APOLLO
INSURANCE BROKERAGE
WE DO TLC INSURANCE
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না?
তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
▪ TAX Liens Charge Offs ▪ Inquiries ▪ Collections
▪ Garnishment ▪ Bankruptcy ▪ Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

'মেয়র হলেও এক মেয়াদ টিকবেন না'

মামদানি প্রসঙ্গে নেতানিয়াহু

বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্ক সিটির ডেমোক্রেটিক মেয়র প্রার্থী জোহরান মামদানির কিছু নির্বাচনী প্রতিশ্রুতি শুনে ক্ষোভ প্রকাশ করেছেন ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু। এক পডকাস্টে অংশ নিয়ে তিনি মামদানির প্রস্তাবগুলোকে 'নিরর্থক ও মূর্খামি' আখ্যা দিয়ে বলেন, এসব বাস্তবায়ন হলে মামদানি মেয়র নির্বাচিত হলেও এক মেয়াদও টিকতে পারবেন না। ১৬-এর পৃষ্ঠায় দেখুন

TIME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী
দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
▸ প্রাইভেট অকশনের বাড়ি
▸ পাবলিক অকশনের বাড়ি
▸ ব্যাংক মালিকানা বাড়ি
▸ শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ
৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com



Nurul Azim

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল
$৫৪৯+
917-396-4140, 917-592-7828



MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

শুল্ক ইস্যুতে যুক্তরাষ্ট্রের সঙ্গে বাংলাদেশের ২৯ জুলাই ভার্চুয়াল বৈঠক

বাংলা পত্রিকা ডেস্ক: বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যে বহুল আলোচিত শুল্ক ইস্যুতে চূড়ান্ত আলোচনা অনুষ্ঠিত হতে যাচ্ছে আগামী ২৯ জুলাই। তবে এত গুরুত্বপূর্ণ বৈঠকটি সশরীরে নয়, ভার্চুয়ালি অনুষ্ঠিত হবে। সংশ্লিষ্টরা জানিয়েছেন, বাংলাদেশ সময় রাত ৮টা থেকে সাড়ে ১০টা পর্যন্ত আড়াই ঘণ্টাব্যাপী চলবে এই বৈঠক।

দুই দেশের মনোনীত প্রতিনিধি দল এ আলোচনায় অংশ নেবে পূর্বপ্রস্তুত খসড়া প্রস্তাবের ভিত্তিতে। বৈঠকে তারা নিজ নিজ অবস্থান তুলে ধরবেন এবং পাল্টা শুল্ক নিয়ে হবে জোরালো দর-কষাকষি। বিষয়টি নিয়ে বাণিজ্যসচিব মো. মাহবুবুর রহমান জানান, "যুক্তরাষ্ট্রের ট্রেড রিপ্রেজেন্টেটিভ অফিসের (ইউএসটিআর) সঙ্গে এই বৈঠক হবে মূলত টেকনিক্যাল ফরম্যাটে, তবে এর কূটনৈতিক ও অর্থনৈতিক গুরুত্ব অত্যন্ত উচ্চমানের।" তিনি আরও বলেন, "তারা বৈঠকটি ভার্চুয়াল করার প্রস্তাব দিলেও আমরা এখনো চেষ্টা করছি সশরীরে গিয়ে আলোচনার সুযোগ তৈরি করতে।"

এর আগে বাণিজ্য উপদেষ্টা শেখ বশিরউদ্দীন ২৫ জুলাইকে সম্ভাব্য তারিখ হিসেবে উল্লেখ করলেও পরে তা পরিবর্তন করে ২৯ জুলাই চূড়ান্ত করা হয়।

এই বৈঠক অনুষ্ঠিত হচ্ছে এমন এক সময়ে, যখন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ঘোষিত ৩৫ শতাংশ পাল্টা শুল্ক কার্যকরের আর মাত্র দুই দিন বাকি থাকবে। গত ৮ জুলাই তিনি বাংলাদেশ সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসকে পাঠানো এক চিঠিতে জানান, ১ আগস্ট থেকে যুক্তরাষ্ট্রে বাংলাদেশি পণ্যের ওপর গড়ে ৫০ শতাংশ শুল্ক আরোপ কার্যকর করা হবে। এতে দেশটির বাজারে বাংলাদেশের রপ্তানি পণ্যের প্রতিযোগিতা বড় ধরনের হুমকির মুখে পড়বে।

এর আগে পাল্টা শুল্ক নিয়ে দুই দফা আলোচনা হলেও কোনো কার্যকর অগ্রগতি হয়নি। ফলে ২৯ জুলাইয়ের এই আলোচনাকেই 'শেষ মুহূর্তের সুযোগ' হিসেবে দেখা হচ্ছে দুই পক্ষের মধ্যে সমঝোতা তৈরির জন্য।

ভারতীয় মুসলিমকে অবৈধভাবে বাংলাদেশে পাঠানো হচ্ছে: এইচআরডব্লিউ

বাংলা পত্রিকা ডেস্ক: আইনগত প্রক্রিয়া ছাড়াই গত কয়েক সপ্তাহে শত শত বাঙালি মুসলিমকে ভারত জোরপূর্বক বাংলাদেশে পাঠিয়েছে। এক প্রতিবেদনে এমনটা জানিয়েছে আন্তর্জাতিক মানবাধিকার ভিত্তিক সংস্থা হিউম্যান রাইটস ওয়াচ (এইচআরডব্লিউ)। এতে বলা হয়েছে, এসব বাঙালি মুসলিমদের অনেকেই বাংলাদেশ সীমান্তবর্তী এলাকার বাসিন্দা। তারা ভারতীয় নাগরিক। তবে ঠেলে পাঠানোর সময় তাদের অবৈধ অভিবাসী হিসেবে চিহ্নিত করা হয়।



ছবি: সংগৃহীত

বুধবার নিজেদের ওয়েবসাইটে এ নিয়ে প্রতিবেদন প্রকাশ করেছে এইচআরডব্লিউ। এতে বলা হয়েছে, চলতি বছরের মে মাস থেকে হিন্দুত্ববাদী ভারতীয় জনতা পার্টির (বিজেপি) সরকার বাঙালি মুসলিমদের বাংলাদেশে পাঠানোর অভিযান জোরদার করে। সরকারের পক্ষ থেকে দাবি করা হচ্ছে, এটি অবৈধভাবে ভারতে প্রবেশ ঠেকানোর একটি পদক্ষেপ।

এইচআরডব্লিউ'র এশিয়া অঞ্চলের পরিচালক এলেইন পিয়ারসন বলেন, বিজেপি নির্বিচারে বাঙালি মুসলিমদের, এমনকি ভারতীয় নাগরিকদেরও দেশ থেকে বিতাড়িত করে বৈষম্যকে আরও উসকে দিচ্ছে। অবৈধ অভিবাসন নিয়ন্ত্রণ করার যে দাবি ভারতীয় কর্তৃপক্ষ করছে, তা মোটেই বিশ্বাসযোগ্য নয়। কারণ তারা আইনগত প্রক্রিয়া, সংবিধানিক অধিকার এবং আন্তর্জাতিক মানবাধিকার মানদণ্ডের প্রতি কোনো শ্রদ্ধা দেখাচ্ছে না।

হিউম্যান রাইটস ওয়াচ গত জুন মাসে ১৮ জনের সাক্ষাৎকার নিয়েছে। তাদের মধ্যে আছেন, জোরপূর্বক বাংলাদেশে পাঠানোর পর ফেরত আসা ভারতীয় নাগরিক ও এবং আটক ও এখনো নিখোঁজ থাকাদের পরিবারের সদস্যরা। এ নিয়ে ভারতের স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে ৮ জুলাই একটি প্রতিবেদন দিয়েছে এইচআরডব্লিউ। তবে মন্ত্রণালয়ের পক্ষ থেকে কোনো প্রতিক্রিয়া পাওয়া যায়নি।

ভারত সরকার 'পুশ-আউট' বা জোরপূর্বক ঠেলে পাঠানো ব্যক্তিদের সংখ্যা নিয়ে আনুষ্ঠানিক তথ্য প্রকাশ করেনি। তবে বাংলাদেশ সীমান্তরক্ষী বাহিনী জানিয়েছে, গত ৭ মে থেকে ১৫ জুনের মধ্যে ভারত বাংলাদেশে দেড় হাজারের বেশি মুসলিম পুরুষ, নারী ও শিশুকে 'পুশ-ইন' করেছে। তাদের মধ্যে প্রায় ১০০ রোহিঙ্গা শরণার্থী, যারা মায়ানমার থেকে এসেছে। এই 'পুশ-ইন' এখনও চলমান।

এইচআরডব্লিউ বলছে, বিজেপি শাসিত আসাম, উত্তর প্রদেশ, মহারাষ্ট্র, গুজরাট, ওড়িশা ও রাজস্থান রাজ্যের কর্তৃপক্ষ মূলত দরিদ্র মুসলিম অভিবাসী শ্রমিকদের আটক করে ভারতীয় সীমান্তরক্ষীদের কাছে হস্তান্তর করেছে। কিছু ক্ষেত্রে অভিযোগ আছে যে, নাগরিকত্বের দাবির যথাযথ যাচাই না করেই সীমান্তরক্ষী বাহিনী আটক ব্যক্তিদের বাংলাদেশের দিকে 'পুশব্যাক' করতে হুমকি ও মারধরের মতো নিপীড়নমূলক পন্থা অবলম্বন করেছে। এর ফলে, 'পুশ-আউট' করা ব্যক্তিদের মধ্যে যাদের ভারতীয় নাগরিকত্ব প্রমাণিত হয়েছে, ভারত সরকার তাদের ফেরত নিতে বাধ্য হয়েছে।

ভারতীয় নাগরিক ও আসামের একটি স্কুলের সাবেক শিক্ষক খায়রুল ইসলাম (৫১) এইচআরডব্লিউকে বলেছেন, গত ২৬ মে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীর (বিএসএফ) সদস্যরা তাঁর হাত বেঁধে, মুখ চেপে ধরে জোরপূর্বক বাংলাদেশে পাঠায়। ওই সময় তাঁর সঙ্গে আরও ১৪ জন ছিলেন।

খায়রুল ইসলাম বলেন, 'আমি যখন বাংলাদেশে সীমান্ত পার হতে অস্বীকৃতি জানাই, তখন বিএসএফ অফিসার আমাকে মারধর করে এবং চারবার আকাশে রাবার বুলেট ছোড়ে। দুই সপ্তাহ পর আমি কোনোভাবে ভারতে ফিরে আসতে সক্ষম হই।'

হিউম্যান রাইটস ওয়াচ বলেছে, যথাযথ আইনি প্রক্রিয়া ছাড়া কাউকে আটক ও দেশ ছাড়া করা মৌলিক মানবাধিকার লঙ্ঘনের শামিল। যেকোনো 'পুশ-আউটের' শিকার ব্যক্তির জন্য ভারত সরকারকে অবশ্যই মৌলিক আইনি সুরক্ষা নিশ্চিত করতে হবে। এর মধ্যে আছে, দেশ ছাড়া করার কারণ সম্পর্কে পূর্ণাঙ্গ তথ্য জানানো, দক্ষ ও উপযুক্ত আইনজীবীর সহায়তা পাওয়ার সুযোগ দেয়া এবং বিতাড়নের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিলের সুযোগ রাখা।



৮০ বাংলাদেশিকে বিমানবন্দর থেকে ফেরত পাঠাল মালয়েশিয়া

বাংলা পত্রিকা ডেস্ক: মালয়েশিয়ার কুয়ালালামপুর আন্তর্জাতিক বিমানবন্দর থেকে ৮০ বাংলাদেশিসহ ৯৯ বিদেশিকে দেশে ফেরত পাঠানো হয়েছে। নিরাপত্তা যাচাইয়ে উত্তীর্ণ হতে না পারায় তাদের মালয়েশিয়ায় প্রবেশে অনুমতি দেওয়া হয়নি। খবর বারনামার

শুক্রবার বিমানবন্দরের টার্মিনাল-১-এ পরিচালিত সাত ঘণ্টার বিশেষ অভিযানে ৪০০ জনের বেশি যাত্রীর বিস্তারিত তথ্য যাচাই করে মালয়েশিয়ার সীমান্ত নিয়ন্ত্রণ ও সুরক্ষা সংস্থা (একেপিএস)। উচ্চ ঝুঁকিপূর্ণ ফ্লাইটের যাত্রীদের লক্ষ্য করে এই অভিযান চালানো হয় বলে জানিয়েছে স্থানীয় কর্তৃপক্ষ।

এক বিবৃতিতে এজেন্সির করপোরেট কমিউনিকেশন ইউনিট জানায়, 'প্রবেশে বাধাপ্রাপ্তদের সবাই পুরুষ। তাদের মধ্যে ৮০ জন বাংলাদেশি, ১০ জন ভারতীয় এবং ৯ জন পাকিস্তানি নাগরিক। ভ্রমণের কারণ সন্দেহজনক ও অতীত ভ্রমণ রেকর্ডে অসংগতি থাকায় তাদের অভিবাসন পরীক্ষায় উত্তীর্ণ হতে দেওয়া হয়নি।'

এর আগে বৃহস্পতিবার প্রয়োজনীয় শর্তাবলি পূরণে ব্যর্থ হওয়ায় বিমানবন্দর থেকে ১২৩ বাংলাদেশিসহ ১৯৮ জনকে ফেরত পাঠায় মালয়েশিয়া।

পরিচ্ছন্নতাকর্মীদের ধর্মঘট: যুক্তরাষ্ট্রের চার সিটিতে আবর্জনার স্তূপ

বাংলা পত্রিকা ডেস্ক: আবর্জনা ফেলার বড় কনটেইনার উপচে পড়ছে ব্যাগ। ভনভন করছে মাছি। গ্রীষ্মের রোদে ভেসে আসছে দুর্গন্ধ। যুক্তরাষ্ট্রের উপকূলীয় সিটিগুলোর চিত্র বলতে গেলে এখন এমনই।

কারণ দেশটির বেসরকারি বর্জ্য ব্যবস্থাপনা কোম্পানি রিপাবলিক সার্ভিসেসের ২ হাজারের বেশি পরিচ্ছন্নতাকর্মী তিন সপ্তাহের বেশি সময় ধরে বর্জ্য সংগ্রহে অনীহা জানিয়ে ধর্মঘটে রয়েছেন। কোম্পানিটি যুক্তরাষ্ট্রের বিভিন্ন সিটির সঙ্গে চুক্তি করে বর্জ্য অপসারণের কাজ করে থাকে।

রিপাবলিক সার্ভিসেসের কর্মীদের প্রতিনিধিত্বকারী টিমস্টারস ইউনিয়ন জানিয়েছে, অন্যান্য পরিচ্ছন্নতাকর্মীদের চেয়ে তাদের অনেক কম বেতন দেওয়া হচ্ছে। সুবিধাও কম।

কোম্পানিটি বলছে, টিমস্টারস ইউনিয়ন আপস করতে রাজি নয়। ফলে আবর্জনারও কোনো গতি হচ্ছে না।

বিবিসি জানিয়েছে, ১ জুলাই যুক্তরাষ্ট্রের গ্রেটার বোস্টনের ১৪টি এলাকায় সেবা দেওয়া টিমস্টারস ইউনিয়নের স্থানীয় শাখা লোকাল ২৫-এর মাধ্যমে এই ধর্মঘট শুরু হয়। পরে এটি ক্যালিফোর্নিয়ার ম্যান্টেকা; ইলিনয়ের অটোয়া; জর্জিয়ার কামিং, ওয়াশিংটনের লেসি সিটিতে ছড়িয়ে পড়ে। অনেক কর্মী ধর্মঘটের প্রতি সংহতি জানিয়ে কাজ বন্ধ করে দেন।

ম্যাসাচুসেটসের মালডেন সিটির ট্রাকচালক মাইক অর্তিজ বলেন, 'জীবনযাত্রার ব্যয় এখন অনেক বেশি। তারা (কোম্পানি) যা প্রস্তাব করছে, তা দিয়ে আমি এক মাসও চলতে পারব না।'



ধর্মঘট সফল করতে যুক্তরাষ্ট্রের শহরগুলোতে পরিচ্ছন্নতাকর্মীরা কাজ বন্ধ করে দেন। ছবি: বিবিসি

ধর্মঘট সফল করতে যুক্তরাষ্ট্রের সিটিগুলোতে পরিচ্ছন্নতাকর্মীরা কাজ বন্ধ করে দেওয়ায় লাখ লাখ আমেরিকান ভোগান্তিতে পড়েছেন। রিপাবলিক সার্ভিসেস ও টিমস্টারস ইউনিয়ন স্থানীয় পর্যায়ে কিছু বিরোধ নিষ্পত্তি করলেও এখনো অনেক কর্মী ধর্মঘট চালিয়ে যাচ্ছেন।

ধর্মঘটের প্রভাব

বোস্টনের উত্তরে প্রায় এক ঘণ্টার দূরত্বে সমুদ্রতীরবর্তী সিটি গ্লুচেস্টারে লোনা বাতাসের তীব্র গন্ধ পচা আবর্জনার দুর্গন্ধের কাছে ম্লান হয়ে গেছে। সেখানে আবর্জনার স্তূপের ওপর চক্কর দিচ্ছে গাঙচিলের দল।

সিটির মেয়র গ্রেগ ভারগাস বিবিসিকে বলেন, 'আমার মনে হয়, ধর্মঘট যদি নভেম্বর বা ডিসেম্বরে হতো, তাহলে গন্ধটা এত প্রকট হতো না।'

পরিচ্ছন্নতাকর্মীদের চলমান ধর্মঘট মেয়রের জন্য উপদ্রব হয়ে দাঁড়িয়েছে। তিনি রিপাবলিক সার্ভিসেসের বিরুদ্ধে চুক্তি লঙ্ঘনের অভিযোগে মামলা করার জন্য আরও পাঁচটি শহরের সঙ্গে হাত মিলিয়েছেন।

গ্রেগ ভারগাস বলেন, 'ধর্মঘটের আগে তারা আমাদের বলেছিল, "চিন্তা করবেন না, আমরা জাতীয় কোম্পানি। আমাদের লোকবল আছে; আমরা সবকিছুর খেয়াল রাখব।" ধর্মঘটের প্রথম দিন থেকে এর প্রতিফলন দেখা যায়নি।'

এদিকে টিমস্টারস ইউনিয়নের বিরুদ্ধে বেআইনি আচরণে জড়িত থাকার অভিযোগে মামলা করেছে রিপাবলিক সার্ভিসেস।

যুক্তরাষ্ট্রের ইউএসসিআইআরএফ এর প্রতিবেদন

সংস্কারে অগ্রগতি হলেও ধর্মীয় স্বাধীনতা নিয়ে দেশে উদ্বেগ রয়ে গেছে



বাংলা পত্রিকা ডেস্ক: রাজনৈতিক স্থিতিশীলতা নিশ্চিত করতে প্রয়োজনীয় সংস্কার সাধনে অগ্রগতি অর্জন করেছে বাংলাদেশের অন্তর্বর্তী সরকার। তবে দেশে এখনো রাজনৈতিক উত্তেজনা ও ধর্মীয় স্বাধীনতা নিয়ে উদ্বেগ রয়ে গেছে।

ধর্মীয় স্বাধীনতাবিষয়ক যুক্তরাষ্ট্রের আন্তর্জাতিক কমিশন (ইউএসসিআইআরএফ) এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে। গত সোমবার (২১ জুলাই) প্রতিবেদনটি প্রকাশ করেছে সংস্থাটি।

প্রতিবেদনের শুরুতে বলা হয়, ২০২৪ সালের জুলাই মাসে শিক্ষার্থীদের নেতৃত্বাধীন আন্দোলনের মধ্য দিয়ে দেশে একটি নতুন রাজনৈতিক ধারার সূচনা ও অন্তর্বর্তী সরকার গঠিত হয়। শান্তিতে নোবেলজয়ী অধ্যাপক মুহাম্মদ ইউনূস সেনাবাহিনীর সমর্থনে ওই বছরের আগস্টে এ সরকারের প্রধান উপদেষ্টার দায়িত্ব নেন। এরপর তাঁর নেতৃত্বে সরকার একাধিক সংশোধনী, সংস্কার ও সাংবিধানিক পরিবর্তনের প্রস্তাব দেয়। তবে এর মধ্যেও ধর্মীয় সম্প্রদায়গুলোর মধ্যে উত্তেজনা বিদ্যমান রয়েছে।

এসব ঘটনার পরিপ্রেক্ষিতে চলতি বছরের মে মাসে ইউএসসিআইআরএফের একটি প্রতিনিধিদল বাংলাদেশ সফর করে। প্রতিনিধিদের পর্যবেক্ষণে উঠে এসেছে, অধ্যাপক ইউনূস ধর্মীয় স্বাধীনতার প্রতি তাঁর সরকারের অঙ্গীকার পুনর্ব্যক্ত করলেও অনেকেই নিজেদের নিরাপত্তা ও বিশ্বাস প্রকাশ্যে পালন করার স্বাধীনতা নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন।

প্রতিবেদনে বলা হয়েছে, সংবিধানে ধর্মীয় স্বাধীনতার নিশ্চয়তা থাকলেও বাংলাদেশ এখনো দণ্ডবিধির ১৯৫এ ধারার আওতায় ধর্ম অবমাননার আইন বজায় রেখেছে। পাশাপাশি ২০২৩ সালের সাইবার নিরাপত্তা আইনের কিছু ধারা এমন কনটেন্টকে (আধেয়) অপরাধ হিসেবে গণ্য করে, যা ধর্মীয় অনুভূতিতে আঘাত হানতে পারে। এসব অপরাধে সর্বোচ্চ দুই বছরের কারাদণ্ডের বিধান রাখা হয়েছে।

সাংবিধানিক সংস্কারের প্রস্তাব ধর্মীয় স্বাধীনতার ওপর অনন্য প্রভাব ফেলতে পারে বলে উল্লেখ করা হয় প্রতিবেদনে। সংবিধান সংস্কার কমিশনের প্রস্তাবনায় সংবিধানের প্রস্তাবনায় 'ধর্মনিরপেক্ষতা' শব্দটি পরিবর্তন করে 'বহুত্ববাদ' ব্যবহারের কথা বলা হয়েছে। বিএনপি এ প্রস্তাব প্রত্যাখ্যান করে 'সর্বশক্তিমান আল্লাহর প্রতি পূর্ণ আস্থা ও বিশ্বাস' বাক্য পুনঃস্থাপনের দাবি জানিয়েছে। জামায়াতে ইসলামী ও জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) প্রস্তাব *১৬-এর পৃষ্ঠায় দেখুন*





যুক্তরাষ্ট্রে ভয়াবহ সড়ক দুর্ঘটনায় নিহত ৬

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের উত্তর ক্যারোলাইনার শার্লট সিটির পশ্চিমাংশে ভয়াবহ সড়ক দুর্ঘটনায় প্রাণ গেছে ছয়জনের। এই ঘটনায় আহত হয়েছেন আরো একজন। স্থানীয় সময় শনিবার (২৬ জুলাই) সকাল ১১টা ৪০ মিনিটের দিকে আই-৪৮৫ মহাসড়কের এক্সিট ৯এর কাছে এ দুর্ঘটনা ঘটে বলে জানিয়েছে কর্তৃপক্ষ। সংবাদমাধ্যম এবিসি নিউজ জানিয়েছে, দুর্ঘটনার পর ঘটনাস্থলেই ছয়জনের মৃত্যু হয়।

আহত একজনকে তাৎক্ষণিকভাবে হাসপাতালে নেওয়া হয়েছে। তবে তার আঘাত গুরুতর হলেও প্রাণঘাতী নয় বলে জানিয়েছেন চিকিৎসকেরা। এখনো পর্যন্ত কিভাবে দুর্ঘটনাটি ঘটেছে, সে বিষয়ে নিশ্চিত কোনো তথ্য দেয়নি পুলিশ। এ বিষয়ে তদন্ত চলছে।

ঘটনার পরপরই মহাসড়কের আই-৪৮৫ আউটার রিং পুরোপুরি বন্ধ করে দেওয়া হয়।

কর্তৃপক্ষ জানিয়েছে, দুর্ঘটনার বিস্তারিত জানতে প্রত্যক্ষদর্শীদের সঙ্গে কথা বলা হচ্ছে এবং সিসিটিভি ফুটেজ পর্যালোচনা করা হচ্ছে।

ঐকমত্য কমিশনের বৈঠকে উত্তেজনা, রাষ্ট্রের মূলনীতি নিয়ে বিরোধ



বাংলা পত্রিকা ডেস্ক: রাষ্ট্র পরিচালনার মূলনীতি নিয়ে রাজনৈতিক দলগুলোর সঙ্গে জাতীয় ঐকমত্য কমিশনের বৈঠকে উত্তেজনা সৃষ্টি হয়েছে। বামপন্থী দলগুলো বিদ্যমান 'জাতীয়তাবাদ, সমাজতন্ত্র, গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতা' বহাল রেখেই কমিশনের প্রস্তাবিত 'সাম্য, মানবিক মর্যাদা, সামাজিক সুবিচার, গণতন্ত্র এবং ধর্মীয় স্বাধীনতা ও সম্প্রীতি' যুক্ত করার পক্ষে।

বিদ্যমান মূলনীতি বাদ দিলে সংলাপের আলোচনা বয়কট করবে বলে জানায় সিপিবি, বাসদ, বাসদ-মার্ক্সবাদী ও বাংলাদেশ জাসদ।

বিএনপি ও জামায়াত কমিশনের প্রস্তাবের সঙ্গে পঞ্চম সংশোধনীর মাধ্যমে যুক্ত হওয়া 'আল্লাহর ওপর অবিচল আস্থা ও বিশ্বাস' রাখার কথা বলে। এনসিপি কমিশনের প্রস্তাবে একমত।

রাজধানীর ফরেন সার্ভিস একাডেমিতে আজ রোববার রাজনৈতিক দলগুলোর সঙ্গে কমিশনের দ্বিতীয় ধাপের সংলাপের ১৯তম দিনে দলগুলোর প্রতিনিধিরা তাঁদের আপত্তির কথা তুলে ধরেন। এ নিয়ে কমিশনের বৈঠকে কিছুটা উত্তপ্ত বাক্যবিনিময় হয়।

মধ্যাহ্নভোজের বিরতিতে সিপিবির সাধারণ সম্পাদক রুহিন হোসেন প্রিন্স সাংবাদিকদের বলেন, 'সংবিধানের মূলনীতির প্রশ্নে ঐকমত্য হওয়া সম্ভব নয়। কারণ, এখানে বিভিন্ন আদর্শের মানুষ আছে। এই ব্যাপারে সিদ্ধান্ত নেবে জনগণ; রাজনৈতিক দলগুলো জনগণের কাছে যাবে, তারা সিদ্ধান্ত দেবে।'

তিনি বলেন, 'মুক্তিযুদ্ধের মধ্য দিয়ে অর্জিত আমাদের এই সংবিধানে অনেক অসম্পূর্ণতা আছে। সে জন্য আমরা আলোচনা করছি, যাতে সম্পূর্ণ করা যায়। কিন্তু মূলনীতির প্রশ্নে ছাড় দেওয়া সম্ভব নয়।'

বিকল্প প্রস্তাব তুলে ধরে প্রিন্স বলেন, রাষ্ট্র পরিচালনার মূলনীতি প্রসঙ্গে এইভাবে লেখা যেতে পারে। সংবিধানে রাষ্ট্রীয় পরিচালনার চার মূলনীতির সঙ্গে (৭২ সংবিধান অনুযায়ী জাতীয়তাবাদ, সমাজতন্ত্র, গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতা) সাম্য, মানবিক মর্যাদা, সামাজিক সুবিচার এবং ধর্মীয় স্বাধীনতা ও সম্প্রীতি যুক্ত করা যেতে পারে।

প্রিন্স বলেন, 'মুক্তিযুদ্ধের মধ্য দিয়ে অর্জিত বাংলাদেশের সংবিধানে যে চার মূলনীতি আছে, শব্দের মারপ্যাঁচে সেটা পরিবর্তনের কোনো ইঙ্গিত জাতির সামনে প্রকাশ করা হয়, সেটার সঙ্গে আমরা একেবারেই নেই। এ রকম অবস্থা যদি চলতে থাকে, আমাদের পক্ষে ঐকমত্য কমিশনের সঙ্গে আলোচনা নিয়মিত করা সম্ভব হবে না। একই সঙ্গে যে ঐকমত্য গঠনের জন্য দীর্ঘ সময় ধরে একমত হচ্ছি, সেটাও বাধাগ্রস্ত হবে।'

এ সময় কমিশনের কাছ থেকে দায়িত্বশীল আচরণ প্রত্যাশার কথা জানান সিপিবির এই নেতা।

কমিশনের প্রস্তাবিত মূলনীতির প্রসঙ্গে আলোচনায় বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ বলেন, 'কমিশনের প্রস্তাবিত রাষ্ট্রের মূলনীতি নিয়ে আমাদের কোনো আপত্তি নেই। বরং এটাই আমাদের প্রস্তাব।'

জামায়াতের নায়েবে আমির সৈয়দ আবদুল্লাহ মোহাম্মদ তাহের বলেন, 'এ বিষয়ে আমরা সংলাপে জোরালো বক্তব্য দিতে পারছি না। এটা নিয়ে আমাদের কর্মী সমর্থকদের কাছ থেকে প্রশ্ন শুনতে হয়। তাদের কথা, বামপন্থীরা শক্ত করে বলে, কিন্তু আমরা নীরব থাকি। আমরা শক্ত করে বললে এখানে বিষম ব্যাপার। তাই উনাদেরও সংযত হওয়া দরকার। নির্বাচন হলে উনাদের বক্তব্য টিকবে না। তাই জোরালো বক্তব্য দিচ্ছি না।'

একই প্রসঙ্গে এনসিপির সদস্যসচিব আখতার হোসেন বলেন, 'আমাদের দলীয় অবস্থান হচ্ছে, পূর্বের (মূলনীতি) সবকিছু বাতিল করা। কমিশনের দেওয়া প্রস্তাবের সঙ্গে আমরা আছি। আমরা পূর্বেকার তর্কে যেতে চাই না।'

গণসংহতি আন্দোলনের নির্বাহী সমন্বয়কারী আবুল হাসান রুবেল বলেন, 'মুক্তিযুদ্ধের মূলনীতি *১৭-এর পৃষ্ঠায় দেখুন*

স্বাধীন পুলিশ কমিশন গঠনসহ ১২ বিষয়ে ঐকমত্য হয়েছে

--আলী রীয়াজ



বাংলা পত্রিকা ডেস্ক: জাতীয় ঐকমত্য কমিশনের সহসভাপতি অধ্যাপক ড. আলী রীয়াজ বলেছেন, স্বাধীন পুলিশ কমিশন গঠনসহ এখন পর্যন্ত ১২টি বিষয়ে একমত হয়েছে রাজনৈতিক দলগুলো। এ ছাড়া এক ব্যক্তির সর্বোচ্চ ১০ বছর প্রধানমন্ত্রী না থাকার বিষয়েও ঐকমত্যে হয়েছে।

রবিবার (২৭ জুলাই) রাত সোয়া ৮টায় রাজধানীর ফরেন সার্ভিস একাডেমিতে রাজনৈতিক দলগুলোর সঙ্গে দ্বিতীয় ধাপের ১৯তম দিনের সংলাপ শেষে সাংবাদিকদের ব্রিফিংয়ে তিনি এসব কথা বলেন।

আলী রীয়াজ বলেন, ১৯তম দিনে একটি স্বাধীন পুলিশ কমিশন গঠনে রাজনৈতিক দলগুলো একমত হয়েছে।

আইনশৃঙ্খলা বাহিনী হিসেবে পুলিশের আইনানুগভাবে ও প্রভাবমুক্ত হয়ে দক্ষতার সঙ্গে দায়িত্ব পালন নিশ্চিতকরণ, পুলিশ বাহিনীর যেকোনো সদস্যের উত্থাপিত অভিযোগ নিষ্পত্তিকরণের উদ্দেশ্যে এ কমিশন কাজ করবে।

তিনি বলেন, রাজনৈতিক দলগুলোর সঙ্গে দ্বিতীয় পর্যায়ের অব্যাহত আলোচনায় এ পর্যন্ত ১২টি বিষয়ে ঐকমত্য প্রতিষ্ঠিত হয়েছে। এছাড়া ৭টি বিষয়ে আলোচনার অগ্রগতি হয়েছে, কিন্তু নিষ্পত্তি হয়নি।

বাংলাদেশ পুলিশ কমিশন গঠনের ক্ষেত্রে যেসব বিষয়ে ঐকমত্য প্রতিষ্ঠিত হয়েছে, তা উল্লেখ করে তিনি বলেন, ৯ সদস্য বিশিষ্ট কমিশনের চেয়ারম্যান হবেন আপিল বিভাগের একজন অবসরপ্রাপ্ত বিচারপতি যার বয়স ৭৫ বছরের উর্ধ্বে নয় এবং অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শকের নিচে এবং ৬২ বছরের উর্ধ্বে নয়, এমন একজন অবসরপ্রাপ্ত পুলিশ কর্মকর্তা হবেন কমিশনের সদস্য সচিব।

এ কমিশনের অন্যান্য সদস্য হবেন জাতীয় সংসদের সংসদ নেতার প্রতিনিধি, বিরোধীদলীয় নেতার প্রতিনিধি, স্পিকার ও ডেপুটি স্পিকারের একজন করে প্রতিনিধি, সচিব পদমর্যাদার নিচে নয়, এমন একজন অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা (জেলা ম্যাজিস্ট্রেটের অভিজ্ঞতাসম্পন্ন), জেলা জজ পদমর্যাদার নিচে নয় এমন একজন বিচার বিভাগীয় কর্মকর্তা অথবা সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের তালিকাভুক্ত একজন আইনজীবী, যার আইন পেশায় ন্যূনতম ১৫ বছরের অভিজ্ঞতা রয়েছে এবং একজন মানবাধিকার কর্মী যার দেশে বিদেশে নিবন্ধিত মানবাধিকার বিষয়ক সংস্থায় ন্যূনতম ১০ বছরের কাজের বাস্তব অভিজ্ঞতা রয়েছে। কমিশনের সদস্যদের মধ্যে ২ জন নারী সদস্য থাকবে।

অধ্যাপক আলী রীয়াজ বলেন, একজন ব্যক্তি তার সমগ্র জীবনে সর্বোচ্চ ১০ বছর প্রধানমন্ত্রী পদে থাকতে পারবেন। এ বিষয়ে দলগুলো একমত হয়েছে।

এছাড়া ৩১ জুলাইয়ের মধ্যে রাজনৈতিক দলগুলোর সঙ্গে আলোচনা সমাপ্ত হবে এই আশাবাদ ব্যক্ত করে তিনি বলেন, সোমবার (২৮ জুলাই) কমিশনের পক্ষ থেকে রাজনৈতিক দলগুলোকে জাতীয় সনদের খসড়া পাঠানো হবে।

জাতীয় ঐকমত্য কমিশনের বৈঠকে বিএনপি, জামায়াত, এনসিপি, এলডিপি, গণঅধিকার পরিষদ, গণসংহতি আন্দোলন, বাংলাদেশের কমিউনিস্ট পার্টি-সিপিবি, বিপ্লবী ওয়ার্কার্স পার্টি ও আমার বাংলাদেশ পার্টি-এবি পার্টিসহ ৩০টি রাজনৈতিক দলের প্রতিনিধিরা অংশগ্রহণ করেছেন।

বৈঠকে কমিশনের সদস্য হিসেবে উপস্থিত ছিলেন বিচারপতি মো. এমদাদুল হক, ড. ইফতেখারুজ্জামান, ড. বদিউল আলম মজুমদার, সফর রাজ হোসেন, ড. মো. আইয়ুব মিয়া এবং প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মনির হায়দার।

The Weekly Bangla Patrika

Editor: **Abu Taher**
Tel : 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

গণতন্ত্রের পথে আশা-নির্ভর এক সন্ধিক্ষণ

বাংলাদেশের ২০২৫ সালের রাজনৈতিক বাস্তবতায় জাতীয় ঐকমত্য কমিশনের উদ্যোগ একটি গুরুত্বপূর্ণ মাইলফলক হয়ে উঠেছে। প্রধানমন্ত্রী পদের মেয়াদসীমা নির্ধারণ, স্বাধীন পুলিশ কমিশন, ও প্রধান বিচারপতি নিয়োগে স্বচ্ছতা এসব সিদ্ধান্ত দেশকে একটি গণতান্ত্রিক রূপান্তরের সম্ভাবনা দেখিয়েছে।

তবে কিছু বড় মতপার্থক্য এখনো দূর হয়নি। বিশেষত, নির্বাচনকালীন সরকার গঠন নিয়ে বিএনপি ও অন্যান্য দলগুলোর ভিন্নমত ভবিষ্যৎ রাজনৈতিক স্থিতিশীলতার ওপর ছায়া ফেলছে।

সাম্প্রতিক আলোচনায় রাজনৈতিক দলগুলোর মধ্যে কিছু ঐতিহাসিক বিষয়ে একমত হওয়া আশার জন্ম দিয়েছে যেমন প্রধানমন্ত্রী পদের মেয়াদ সর্বোচ্চ ১০ বছর নির্ধারণ, স্বাধীন পুলিশ কমিশন গঠন, প্রধান বিচারপতির নিয়োগে স্বচ্ছতা, ও সংসদীয় স্থায়ী কমিটিতে বিরোধী দলের পূর্ণ অংশগ্রহণ। দীর্ঘদিন ধরে এসব দাবিকে কেন্দ্র করে রাজপথে উত্তাপ দেখা গেছে, তাই এসব বিষয়ে সম্মতি গণতান্ত্রিক অগ্রগতির গুরুত্বপূর্ণ সোপান।

কিন্তু বাস্তবতা আরও জটিল। নির্বাচনকালীন সরকার গঠনে মতপার্থক্য এখনো ঘুচেনি। বিএনপি ও জামায়াত যেখানে পাঁচ সদস্যের কমিটির মাধ্যমে প্রধানমন্ত্রী নির্বাচনের কথা বলছে, অন্য দলগুলো সেখানে র‍্যাংক চয়েস ভোট চায়। দলীয় প্রধান ও প্রধানমন্ত্রী একই ব্যক্তি হবেন কি না এই ইস্যুতে কিছু দল স্পষ্টভাবে ভিন্নমত জানিয়েছে। সংবিধান সংশোধনের জটিলতা, গণভোটের বাধ্যবাধকতা এবং দ্বিকক্ষীয় সংসদের উচ্চকক্ষ গঠনের প্রশ্নেও দলগুলোর অবস্থান এখনো বিভক্ত।

এই প্রক্রিয়ার সবচেয়ে বড় চ্যালেঞ্জ হলো এটি কী শুধু রাজনৈতিক এলিটদের টেবিল আলোচনায় সীমিত থাকবে, নাকি দেশের মানুষ, নাগরিক সমাজ, তরুণ প্রজন্ম এবং পেশাজীবীদের বাস্তব প্রত্যাশাকে অন্তর্ভুক্ত করবে? কারণ রাজনীতির সংস্কার যদি জনগণের জীবন ও ভোটাধিকারের বাস্তব নিশ্চয়তা না দেয়, তবে এই প্রক্রিয়া অর্থহীন হয়ে উঠবে।

বাংলাদেশে অনেক সংস্কার উদ্যোগ অতীতে রাজনৈতিক সদিচ্ছার অভাবে মুখ থুবড়ে পড়েছে। তাই এবার সত্যিকারের ঐকমত্য গড়ে তুলতে হলে প্রয়োজন আন্তরিকতা, ছাড় দেওয়ার মানসিকতা, এবং দেশের ভবিষ্যৎ প্রজন্মের প্রতি দায়বদ্ধতা। রাজনীতিকে প্রতিদ্বন্দ্বিতার জায়গা থেকে বের করে সহযোগিতার নতুন জায়গায় নেওয়ার এখনই সময়।

নির্বাচনের সুষ্ঠুতা এবং রাজনৈতিক স্থিতিশীলতা দুটি বিষয় এখন সমান্তরালে চলা জরুরি। একটি ব্যর্থ হলে, অন্যটিও ভেঙে পড়বে।

সফলতার ২৮ বছর
বাংলা পত্রিকা
যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক থেকে প্রকাশিত ও বহুল প্রচারিত প্রবাসী বাঙালি কমিউনিটির মুখপাত্র সাপ্তাহিক বাংলা পত্রিকা পড়ুন, লেখুন ও আপনার ব্যবসার প্রসারে বিজ্ঞাপন দিন
এ ছাড়াও দেশ ও প্রবাসে সর্বশেষ বস্তুনিষ্ঠ সংবাদ পেতে চোখ রাখুন আমাদের অনলাইন এবং ফেসবুক পেইজে
www.banglapatrikausa.com
Gmail banglapatrikausa@gmail.com

প্রতিক্রিয়াশীলতার যুগে স্বাগত

বিধান রিবেরু

আমাদের দেশে শিল্প-সাহিত্য-নাটক-সংগীত-চলচ্চিত্র হারাম হিসেবে পরিগণিত হয় বিশেষ একটি গোষ্ঠীর কাছে। এই গোষ্ঠীর কাছে ধর্ম যতটা নয়, তারচেয়ে বেশি বড় রক্ষণশীলতা, তাই প্রতিটি জায়গায় এরা চরম প্রতিক্রিয়া দেখায়। জুলাই অভ্যুত্থানের এক বছর পেরিয়ে যাওয়ার পর যা বোঝা যাচ্ছে, তা হলো বাংলাদেশ যাদের খপ্পরে পড়েছে, তারা প্রতিক্রিয়াশীল শক্তি। এক বছর ধরেই আমরা শুনতে পাচ্ছি বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান বন্ধের খবর, লেখক ও ব্লগারদের হত্যা করা হয়েছে, পাঠ্যবই থেকে সংস্কৃত নামের লেখকদের রচনা বাদ পড়েছে, এখনো

সেই একই নতজানু সংস্কৃতি চলছে। তাই এখনো পাঠ্যবইতে কাটাছেঁড়া চলছে। একই কারণে 'মব'কে নরম করে বলা হচ্ছে 'প্রেশার গ্রুপ'। অথচ আমরা দেখেছি মবের নামে বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান বন্ধ করা, সিলেটে একজন নামী পরিচালককে সিনেমার শুটিং করতে না দেওয়া, 'সঠিক পথে' আনার নামে নারীদের লঞ্চে, রাস্তাঘাটে প্রহার ও হেনস্তা করা, আবার হেনস্তাকারীকে ফুলের



জানতে পারছি নাটক বা চলচ্চিত্রের শুটিং বন্ধের কথা।

সম্প্রতি উত্তরায় স্থানীয় কল্যাণ সমিতির পক্ষ থেকে চিঠি লিখে শুটিং বন্ধের কথা বলা হয়েছে। সেখানে বলা হচ্ছে আবাসিক এলাকায় শুটিং হাউস পরিচালনা করা 'নীতিমালার পরিপন্থী', শুধু তা-ই নয়, এতে করে নাকি এলাকাবাসীর স্বাভাবিক জীবনযাত্রা 'ব্যাহত' হচ্ছে। চিঠিতে 'নিরাপত্তাহীনতা', 'শান্তি বিনষ্ট' হওয়ার মতো কারণও দেখানো হয়েছে। কিন্তু আশ্চর্যের বিষয়, বিগত ২৫ বছর ধরে ওই 'এলাকাবাসী'র তা মনে হয়নি। কারণ, উত্তরায় দুই যুগেরও বেশি সময় ধরে শুটিং চলছে। এখন এসে কাদের গাত্রদাহ হচ্ছে, সেটা সহজেই অনুমেয়। তারা মনে করছে, বাংলাদেশে চব্বিশের গণ-অভ্যুত্থানের তারাই একমাত্র মালিক। তাই তারা শুটিং বন্ধ করা থেকে শুরু করে বাংলাদেশ ব্যাংকে নারীদের পোশাক কেমন হবে, সেটি নিয়েও আনুষ্ঠানিক চিঠিপত্র দেওয়া শুরু করেছে।

এই একই শক্তি গায়ের জোরে এবং তথাকথিত 'গেল, গেল' রব তুলে চলচ্চিত্রের প্রদর্শনীও বন্ধ করেছে জুন মাসে ঈদের সময়। আমরা খবরে পড়েছি, টাঙ্গাইলের কালিহাতীতে নিরাপত্তা ও হুমকির মুখে ঈদ উপলক্ষে শাকিব খান অভিনীত 'তাণ্ডব' সিনেমা বন্ধ করতে বাধ্য হয়েছেন আয়োজকেরা। কেন বাধ্য হয়েছেন? পড়ুন প্রকাশিত সংবাদ থেকেই: 'আন্দোলনকারী মাওলানা আব্দুল্লাহ বলেন, মসজিদ, মাদ্রাসাসহ বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে পাঠদানে ক্ষতি হতে পারে। এ ছাড়া অসামাজিক কার্যকলাপ হতে পারে। সে জন্য হলটি বন্ধের জন্য বিক্ষোভ মিছিল ও স্মারকলিপি প্রদান করা হয়েছে।' একটি ব্যাপারে আমরা নিঃসন্দেহ যে ধর্মের কথা বলেই চলচ্চিত্রসহ সব ধরনের সাংস্কৃতিক কর্মকাণ্ড বন্ধের একটা উদ্যোগ লক্ষ করা যাচ্ছে। এটাকে অশনিসংকেত বললে কম করে বলা হয়। সংকেতের আর কিছু অবশিষ্ট নেই। সংকেত পেরিয়ে আমরা এখন ঝড়ের কবলে।

বিগত সরকার যেমন ধর্মীয় উগ্রবাদ, মৌলবাদ ও চরমপন্থার কাছে নতজানু হয়েছিল, ক্ষমতায় টিকে থাকার জন্য তাদের কাছে আত্মসমর্পণ করেছিল, যার সুযোগে

মালা দিয়ে থানা থেকে বের করে আনা-সবই হচ্ছে। সরকার ও প্রশাসন সেই আগের মতোই নিশ্চুপ ও নিষ্ক্রিয় ভূমিকা পালন করছে।

অন্তর্বর্তী সরকারের এই সময়ে সংস্কৃতি মন্ত্রণালয়ের দায়িত্বে একজন চলচ্চিত্র নির্মাতা মন্ত্রী পদমর্যাদা নিয়ে উপদেষ্টার দায়িত্ব পালন করছেন। কিন্তু অবস্থাদৃষ্টে মনে হচ্ছে, তিনিও অসহায় ওই গোষ্ঠীর কাছে। আজ চলচ্চিত্রের প্রদর্শনী বন্ধ হচ্ছে, শুটিং করতে দেওয়া হচ্ছে না। একদিন যদি চলচ্চিত্র জিনিসটাকেই 'হারাম' ঘোষণা দিয়ে সব প্রেক্ষাগৃহ বন্ধ করে দেওয়া হয়, তাতে আমি অবাক হব না। আশ্চর্য লাগে, সৌদি আরবের যেখানে পশ্চাৎপদতা থেকে উত্তরণ ঘটছে, সেখানে আমরা ক্রমাগত পেছনের দিকে যাচ্ছি। সৌদি আরবের বিভিন্ন শহরে নতুন নতুন সিনেমা হল তৈরি হচ্ছে, নিজেরা চলচ্চিত্র বানাচ্ছে। এই তো কয়েক বছর আগে, ২০১৮ সালে ফিল্ম কমিশন গঠন করে চলচ্চিত্রের ওপর ৩৫ বছরের নিষেধাজ্ঞা তুলে দিয়ে চলচ্চিত্রচর্চায় মন দিয়েছে সৌদি আরব। ভুলে গেলে চলবে না সৌদি আরবে মক্কা অবস্থিত। সেখানে ধর্মীয় গোঁড়ামি ধীরে ধীরে কমছে। ২০২৪ সালে রিয়াদে তারা বড়সড় কয়েকটি আন্তর্জাতিক গানের আসর করেছে। আমার কথা হলো, যে দেশকে দেখে আমরা অনেক সময় ঈদের দিন-তারিখ ঠিক করি, তারা যদি চলচ্চিত্র তথা সংস্কৃতিকে গুরুত্ব দিয়ে এগোতে পারে, আমরা পিছিয়ে পড়ছি কেন?

হ্যাঁ, সাংস্কৃতিক কর্মকাণ্ডকে আমি প্রগতিশীলতার মাপকাঠি হিসেবেই দেখছি। অত্যন্ত পরিতাপের সঙ্গে লক্ষ করেছি, বাংলাদেশের একজন বুদ্ধিজীবী, যিনি উগ্র ধর্মীয় গোষ্ঠীর ভেতর মার্ক্সবাদ আবিষ্কার করেন, তিনি এক ডিম্বাকৃতির টেবিল বৈঠকে বলেছেন, পঞ্চাশ দশকের পর থেকে এখানকার প্রগতিশীল বুদ্ধিজীবীরা নাকি 'বাঙালি জাতিবাদী সংস্কৃতি'র চর্চা করতে গিয়ে ধর্মকে বাদ দিয়ে দিয়েছেন। তাঁরা নাকি 'ইসলাম নির্মূলের রাজনীতি' করেছেন। আর এ কারণেই নাকি 'ধর্মবাদী জাতিবাদে'র উত্থান ঘটেছে। তো এই যদি হয় ধর্ম, সমাজ ও রাজনীতি নিয়ে এদের বোঝাপড়া, তাহলে আমরা গরিবেরা কোথায় যাব?

বাংলাদেশে উগ্রবাদী ধর্মীয় গোষ্ঠীর উত্থানের পেছনে কি প্রগতিশীল বুদ্ধিজীবীরা দায়ী? মানে তাঁরা প্রগতিশীলতার চর্চা করেছেন বলেই কি এই উগ্রবাদ মাথাচাড়া দিয়েছে? ফ্রান্স, ব্রিটেন, যুক্তরাষ্ট্রেও তো বুদ্ধিজীবীরা প্রগতিশীলতার চর্চা করেন এবং তাঁরা মানবতাকে ধর্মের ওপরে স্থান দেন, সেখানে তো ধর্মীয় চরমপন্থার উত্থান ঘটেনি। এর কারণ সেখানকার শাসকগোষ্ঠী মানুষের মাঝে সঠিকভাবে শিক্ষার আলো পৌঁছে দিতে পেরেছে। আমরা পারিনি।

উল্টো এ দেশের শাসকবর্গ দিনের পর দিন ধর্মকে যেভাবে রাজনৈতিক হাতিয়ার হিসেবে ব্যবহার করেছে, উৎসাহ ও আশকারা দিয়েছে, সেটার কারণেই আজ এই দশা। তো একই কাজ বর্তমানের অন্তর্বর্তী সরকারও করে চলেছে। আমরা জানি, সেই ডিম্বাকৃতির টেবিলের শীতাতপনিয়ন্ত্রিত কক্ষে বক্তৃতা রাখা বুদ্ধিজীবীর ঘনিষ্ঠরা সরকারে আছেন। তাই তিনি সরকারের সমালোচনায় বেজার হয়েছেন। আর 'উদোর পিণ্ডি বুধোর ঘাড়ে' চাপিয়ে দিয়ে আজকের পরিস্থিতিতে নিজেদের গা বাঁচাতে চাইছেন। প্রশ্ন হলো, বাংলাদেশে প্রগতিশীল বুদ্ধিজীবী কয়জন? আর তাঁরা কী-ইবা এমন প্রভাবশালী?

গ্রামবাংলার কয়জন মানুষ বুদ্ধিজীবীদের বইপত্র পড়েন? প্রগতিশীল বুদ্ধিজীবীরা কি গ্রামগঞ্জে ঘুরে ঘুরে ওয়াজ-মাহফিল করেন? অথচ আজ এই ধর্মীয় উগ্রতার দায় চাপানো হচ্ছে তাঁদের ওপর! বরং বলতে পারেন, তাঁরাই একমাত্র নিজেদের সীমাবদ্ধ ক্ষমতার ভেতর থেকে চেষ্টা করে গেছেন, মানুষকে কূপমণ্ডূকতা থেকে মুক্ত করে সুকুমারবৃত্তির দিকে ধাবিত করতে। তবে সেই কাজ সহজ কোনো কাজ নয়। সাধারণ মানুষকে যে তাঁরা এখনো আধুনিক জ্ঞান-বিজ্ঞান-দর্শনের আলোতে আলোকিত করতে পারেননি, তার পেছনে রয়েছে সরকার ও রাষ্ট্রীয় নীতি। যেহেতু রাজনৈতিক দলগুলো সবচেয়ে সহজ কায়দায় ক্ষমতায় যেতে চায়, তাই তারা ধর্মকেই সর্বাগ্রে বেছে নেয় গণমানুষের কাছে পৌঁছানোর তরিকা হিসেবে। ধর্ম মানুষের, বিশেষ করে বাংলাদেশের মানুষের কাছে বেশ সংবেদনশীল ব্যাপার, এটা শাসকগোষ্ঠী জানে। সেই মোতাবেকেই তারা কাজ করে গেছে, এখনো করছে। তারা মানুষকে ধর্মের মাহাত্ম্য শেখানোর বদলে ধর্মের নামে রাজনীতি করতে শিখিয়েছে, হানাহানির দীক্ষা দিয়েছে। ধর্মের উদারতা ও সৌহার্দ্যের শিক্ষা তারা দিতে পারেনি। সেটার ফলই আজ আমরা ভোগ করছি।

চলচ্চিত্রের প্রদর্শনী বন্ধ বা শুটিং করতে না দেওয়া তো লক্ষণমাত্র। আমাদের ধস শুরু হয়ে গিয়েছিল আরও অনেক আগে থেকেই। যখন থেকে আমরা রাষ্ট্রধর্ম ঘোষণা করলাম, সাপ্তাহিক ছুটি রোববার ৬-এর পৃষ্ঠায় দেখুন

মা-বাবার বিরুদ্ধে মেয়ের আইনি লড়াই কোন বার্তা দিয়ে গেল?

প্রশান্ত মিত্র ও মামুন খান

টিভির খবর দেখে বিভ্রান্ত হয়ে সত্তরোর্ধ জাহানারা বেগম রাতে খেতে বসে তার সাংবাদিক ছেলেকে ধরলেন আসল ঘটনা শোনার জন্য। তার মনে অনেক প্রশ্ন।

মোহাম্মদপুরের ইংলিশ মিডিয়ামে পড়ুয়া মেয়েটি মা-বাবার বিরুদ্ধে মামলা করেছিল কেন? মা-বাবা তাকে আসলেই নির্যাতন করতেন? কিন্তু টিভিতে মেয়েটি যেভাবে হাসিখুশি মুখে কথা বলল, তাতে তো। আদালত বলেছে মীমাংসা করতে, কিন্তু সেটা কীভাবে হবে?

সাংবাদিক ছেলে তার সাধ্যমত মায়ের কৌতূহল মেটানোর চেষ্টা করলেন। সব শুনে জাহানারা বললেন, "আসলে বাবা সময়টাই তো বদলে গেছে।"

১৯ বছর বয়সী ওই তরুণী 'বদলে যাওয়া' এই সময়েরই সন্তান। মা-বাবা দুজনেই ছিলেন চাকরিজীবী। আর কোনো সন্তান তাদের নেই।

জীবনযাত্রার যাবতীয় ব্যয় মেটানোর পাশাপাশি মোটা অঙ্কের অর্থ ব্যয় করে মেয়েকে তারা পড়িয়েছেন ঢাকার ইংরেজি মাধ্যম শিক্ষা প্রতিষ্ঠানে।

অবস্থাদৃষ্টে 'চাহিদা পূরণে' কোনো ঘাটতি দেখা না গেলেও সেই মা-বাবার বিরুদ্ধেই 'শারীরিক ও মানসিক হেনস্তার' অভিযোগ নিয়ে আদালতের দ্বারস্থ হয়েছিলেন মেয়ে।

আদালত তার অভিযোগ খারিজ করে দিয়েছে। মা-বাবাকে বলেছে পারিবারিকভাবে মীমাংসা করতে। তবে সংবাদমাধ্যম ছাপিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে বিষয়টি অন্য আলোচনার জন্ম দিয়েছে।

প্রশ্ন উঠেছে, বাংলাদেশের সমাজে মা-বাবার সঙ্গে সন্তানের এমন 'টানাপড়েন' কেন ঘটতে পারে? আর এই ঘটনা পরিবারের গণ্ডি পেরিয়ে আদালতেই বা কীভাবে গেল? আদালত ছাপিয়ে সর্বত্র আলোচনায় থাকা এ ঘটনা সমসাময়িক সমাজ নিয়ে কি কোনো বার্তা দিচ্ছে?

অভিযোগ দাখিলের পাশাপাশি সেই তরুণী হাজির হয়েছেন সংবাদ মাধ্যমের সামনেও। আদালতে 'সুন্দর জীবন' না পাওয়ার 'আক্ষেপ' শোনানোর পাশাপাশি 'উচ্ছ্বাসের' সঙ্গে এই ঘটনার 'প্রচার' চেয়েছেন সাংবাদিকদের কাছে।

মেয়ের অভিযোগে কাঠগড়ায় দাঁড়িয়ে নিরুত্তর মা-বাবা পরে কোনো কথা বলতে চাননি। সরাসরি সাক্ষাতে সংবাদমাধ্যমকে 'এড়িয়ে' গিয়ে আইনজীবীর মাধ্যমে বলেছেন, 'মেয়ের ভালো হোক'।

প্রাপ্তবয়স্ক যে কেউ চাইলেই কারও বিরুদ্ধে অভিযোগ করতে পারার 'অধিকারের' কথা স্বীকার করে মনোবিজ্ঞানীরা এমন ঘটনায় 'প্যারেন্টিংয়ের' ঘাটতির বিষয়টি সামনে এনেছেন। তাদের মতে, পারিবারিক সম্পর্ক 'দৃঢ়' হলে এ ধরনের ঘটনা এড়ানো সম্ভব।


সমাজবিজ্ঞানীরাও 'পারিবারিক শিক্ষার' কথা বলছেন। তারা 'প্রজন্মের দূরত্ব' কমিয়ে সন্তানের সঙ্গে মা-বাবার বেশি সময় কাটানোর ওপর জোর দিচ্ছেন।

সেই মা-বাবার আইনজীবীও বিষয়টি মানছেন। তিনি বলেছেন, মা-বাবা দুজনই চাকরি করতেন, ফলে সন্তানের সঙ্গে 'একটা গ্যাপ' তৈরি হয়। ছোট থেকে বড় হওয়ার সময় যে 'প্রপার টেক কেয়ারটা' দরকার ছিল, সেটা পায়নি মেয়েটি।

গত ২২ জুন বাবা ও মায়ের বিরুদ্ধে নির্যাতনের অভিযোগ এনে নিজের সুরক্ষা চেয়ে ঢাকার মহানগর হাকিম এম এ আজহারুল ইসলামের আদালতে অভিযোগ করেন ওই তরুণী। আদালত ওই তরুণীর মা-বাবাকে ১০ জুলাই হাজিরের নির্দেশ দেন।

সেদিন তার মা-বাবা আদালতে হাজির হন। আদালতে আসেন ওই তরুণীও।

মেয়েটি আদালতকে বলেন, "তাদের (মা-বাবা) মাধ্যমে আমি পৃথিবীতে এসেছি, এটা আমার দোষ না। আমি তাদের পাপেট (পুতুল) নই। আমাকে কেন গালি দেবে। আমাকে শারীরিক, মানসিকভাবে হেনস্তা করা হয়েছে। আমি খেতে পারি না, ঘুমাতে পারি না। আমাকে তারা মানসিক হাসপাতালে ভর্তি করে। ব্রেইন অ্যান্ড মাইন্ড হাসপাতালে আমাকে দুই বছর রাখা হয়। সেখানে আমাকে মানসিক ও শারীরিকভাবে হেনস্তা করেছে। আমাকে কেন ওই হাসপাতালে রাখা হলো জানতে চাই।"



তিনি আরও বলেন, "আমি চেয়েছিলাম একটা সুন্দর জীবন। কিন্তু আমি তা পাচ্ছি না। আমি আমার সুরক্ষা চাই। আমি জাস্টিস চাই।"

ওই তরুণীর আইনজীবী ইসফাকুর রহমান গালিব আদালতকে বলেন, তার মক্কেল বয়ঃসন্ধিকাল থেকেই পরিবারের সদস্যদের 'অবহেলা ও মানসিক নির্যাতনের' শিকার। তাই তিনি পারিবারিক সহিংসতা প্রতিরোধ ও সুরক্ষা আইন ২০১০ অনুযায়ী সুরক্ষা আদেশ ও স্বাভাবিক জীবনযাপনের প্রয়োজনীয় ব্যয়ভারের জন্য আবেদন করেছেন।

অন্যদিকে মা-বাবার আইনজীবী আবুল হোসেন আদালতে বলেন, মেয়েটি তার মা-বাবার 'একমাত্র সম্বল, একমাত্র আশা-ভরসার স্থল'। মা-বাবাও চান তাদের মেয়ে সুরক্ষার আদেশ পাক। দেশের বাইরে তাদের সামর্থ্য অনুযায়ী মেয়ের উচ্চশিক্ষার ব্যবস্থা তারা করবেন।

শুনানি শেষে আদালত এ বিষয়ে আদেশের জন্য ২৪ জুলাই দিন রেখেছিল। সে অনুযায়ী বৃহস্পতিবার বিষয়টি আদালতে উঠলে বিচারক মেয়েটির অভিযোগ খারিজ করে মা-বাবাকে পারিবারিকভাবে বিষয়টি মীমাংসার নির্দেশ দেন।

মেয়েটিকে মানসিক চিকিৎসকের অধীনে রাখার বিষয়টি মনে করিয়ে দিয়ে মনরোগ বিশেষজ্ঞ অধ্যাপক ডা. হেলাল উদ্দিন আহমেদ বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকমকে বলেন, "তার মানসিক সমস্যা থাকতেও পারে। নিশ্চয় বিষয়টি কোনো মানসিক রোগ বিশেষজ্ঞ দেখেছেন। তার কোন মানসিক রোগ না থাকলেও তার প্রতি সত্যিকারের অবিচার হয়ে থাকে, অ্যাবিউজ হয়ে থাকেন তিনি আদালতের দ্বারস্থ হতে পারেন।

"তবে বিষয়টি চাইলেই সামাজিক এবং পরিবারিকভাবে মীমাংসা করার সুযোগ ছিল, সেভাবে না করে মেয়ে আইনের দ্বারস্থ হয়েছেন। মা-বাবা সন্তানকে কতটুকু গুণগত সময় দিয়েছেন, সন্তানকে কতটুকু ধারণ করেছেন, সে বিষয়ে এখন তারা নিশ্চয় নিজেরা নিজেদেরকে প্রশ্ন করবেন এবং জানবেন।"

তার মতে, এমন 'পারিবারিক স্পর্শকাতর বিষয়ের' ক্ষেত্রে সবসময় আইনের দ্বারস্থ না হয়ে 'পারিবারিক বা সামাজিকভাবে মীমাংসা' করাই সমাজের জন্য 'স্বাস্থ্যকর'।

কোন প্রেক্ষাপটে মা-বাবার বিরুদ্ধে অভিযোগ?

আদালতের শুনানির মত সংবাদ মাধ্যমের সামনেও ওই তরুণী বেশিরভাগ কথা বলেছেন ইংরেজিতে। 'জাস্টিস' চেয়ে সংবাদমাধ্যমের সামনে তিনি মা-বাবার প্রতি নানা অভিযোগের কথা তুলে ধরেছেন।



'শারীরিক ও মানসিক নির্যাতনের' বর্ণনায় মেয়ে যে অভিযোগ করেছেন, সে বিষয়ে মা-বাবার ভাষ্য জানার চেষ্টা করেছে বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকম। কিন্তু প্রথম থেকেই মেয়ের মা-বাবা সংবাদমাধ্যম এড়িয়ে গেছেন।

এ অবস্থায় তাদের বাড়ির সামনে গিয়ে বাবার সঙ্গে দেখা করে বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকম। তিনি প্রথমে কিছু না শুনেই নামাজ পড়তে চলে যান। নামাজ শেষে দ্বিতীয় দফায় আবারও বিষয়টি নিয়ে জানতে চাইলে বললেন, "আমি একজন রিটায়ার্ড পার্সন। এমনিতেই একটা ঝামেলায় আছি, আমি কিছু বলতে চাই না।"

এরপর তাদের আইনজীবীর মাধ্যমে একাধিকবার অনুরোধ করেও মা-বাবাকে কথা বলতে রাজি করানো যায়নি। তবে আইনজীবীর সঙ্গে আলোচনায় তারা স্বীকার করেছেন, দুজনেই চাকরিজীবী হওয়ায় তাদের একমাত্র মেয়ের যতটা 'টেককেয়ার' করা দরকার ছিল, তা করা হয়নি। সেই জায়গা থেকে কোনো একটা 'কষ্ট' মেয়ের মধ্যে হয়ত চলে এসেছে, যা তারা বুঝতে পারেননি।

মা-বাবার বরাতে আইনজীবী বলছেন, মেয়েটির 'কিছু মানসিক এবং শারীরিক' জটিলতা থাকার কারণে তাকে হাসপাতালে ভর্তি করা হয়েছিল, মেয়ে এখনো 'মনোরোগ বিশেষজ্ঞের তত্ত্বাবধানে' রয়েছেন। মেয়ের এই সমস্যা ছোটবেলায় কম থাকলেও কোভিড মহামারীর সময়ে বেড়ে গিয়েছিল। তবে মেয়েকে নিয়ে বিড়ম্বনায় পড়ায় কিছু জায়গায় তারা 'খুবই নিশ্চুপ'।

আইনজীবী বলছেন, সন্তানকে বকাঝকা করা বাংলাদেশে স্বাভাবিক ব্যাপার; কিন্তু পশ্চিমের উন্নত দেশে তা নয়। অবাধ তথ্যপ্রবাহের এ যুগে মেয়ে সেসব জানতে পেরেছে। তিনি জেনেছেন একজন সন্তানের কী কী অধিকার আন্তর্জাতিক আইনে আছে। একইভাবে বাংলাদেশের কোনো আইনে কী আছে, তাও খুঁজে দেখেছেন, পড়াশোনা করেছেন। তার মনে হয়েছে বাংলাদেশে এটা হওয়া উচিত না, সে কারণে তার আদালতে যাওয়া।

মেয়েটির মা-বাবার আইনজীবী আবুল হোসেনের মতে, মা-বাবা উভয়ই কর্মজীবী হলে সন্তানদের সঙ্গে 'কমবেশি একটা কনফ্লিক্টটা' থাকে। তাই চাকরিজীবী হলেও যত ব্যস্ততাই থাকুক, মা-বাবার উচিত সন্তানকে 'আরেকটু গুরুত্ব' দেওয়া।

তিনি বলেন, "মা-বাবার দায়িত্ব শুধু জন্ম দেওয়াই না। তার শারীরিক এবং মানসিক বিকাশ পর্যন্ত যত মেজারমেন্ট আছে, এটা সিরিয়াসলি নিতে হবে। অন্যথায় এটা হিতে বিপরীত হতে পারে। পারিবারিক এবং ধর্মীয় আচার আচরণ মূল্যবোধ তাকে অবশ্যই দিতে হবে। এই দুইটা কথাই মামলার সঙ্গে প্রাসঙ্গিক এবং এটা সোসাইটির জন্য একটা বড় মেসেজ।

"আরেকটা বিষয় হচ্ছে, একাকিত্ব না রাখা। একাকিত্ববোধ অনেক সমস্যা সৃষ্টি করে।"

এই আইনজীবী বলেন, মা-বাবার কথা হল, 'মেয়ে যেন ভালো থাকে', এক্ষেত্রে আদালত যা বলেছে সে অনুযায়ীই তারা চলবেন।

পরিস্থিতি ব্যাখ্যা করতে চিঠি পাঠিয়েছিলেন মেয়ের আইনজীবীকেও

ঘটনাটি জনসম্মুখে আসার পর সেই তরুণী সামাজিক যোগাযোগমাধ্যমে বুলিংয়ের শিকার হচ্ছিলেন। তাকে যেন এভাবে 'বুলিং' করা না হয়, যেন 'সুস্থ জীবনযাপনে' ফিরতে পারেন, সেজন্য সবার কাছে আবেদন করেছিলেন তার মা-বাবা। এ বিষয়ে মেয়ের আইনজীবীকেও তারা চিঠি দিয়েছিলেন।

আইনজীবী ইসফাকুর রহমান গালিব ওই চিঠির কথা তুলে ধরে এক সংবাদ সম্মেলনে বলেন, "বুলিংয়ের কারণে সে মানসিকভাবে বিপর্যস্ত। মেয়ের উজ্জ্বল ভবিষ্যতের জন্য তাকে যেন বুলিং করা না হয়, মা-বাবা সেই নিবেদন করেছেন। মেয়েকে কাউন্সেলিংয়ের মাধ্যমে তারা ফিরে পেতে চান। প্রয়োজনে মেয়েসহ তারা তিনজন মিলে একসাথে কাউন্সেলিং করতে চান।"

এ আইনজীবী সেদিন বলেন, "মা-বাবার সাথে (মোহাম্মদপুরে) একই বাসায় পাশাপাশি রুমে থাকেন মেয়েটি। একই টেবিলে খাওয়া-দাওয়া করেন। একই গাড়িতে চলেন। তবে মা-বাবার সাথে মেয়ের ৫-৬ বছর কথা হয় না। মোবাইল মেসেজে কথা হয়। তাদের সাথে শারীরিক দূরত্ব হয়নি। মানসিক দূরত্ব হয়েছে। এটার নিরসন চান দুপক্ষই।"

আইনজীবীকে দেওয়া চিঠিতে মেয়েটির মা-বাবা বলেছিলেন, "আমাদের একমাত্র কন্যা দীর্ঘদিন থেকে শারীরিক ও মানসিকভাবে বিপর্যস্ত। বিভিন্ন কারণে মা-বাবা ও পরিবারের অন্য সদস্যদের সাথে মানসিক দূরত্ব সৃষ্টি হয়েছে। ফলশ্রুতিতে তার মধ্যে একাকিত্ব সৃষ্টি হয়েছে। এসব বিষয় নিয়ে তার মনের মধ্যে এক গভীর রাগ ও ক্ষোভের সৃষ্টি হয়েছে।

"আমাদের ধারণা সেটা থেকেই আদালতে বিষয়টি নিয়ে অভিযোগ দায়ের করেছে মেয়েটা। পিতা-মাতা হিসেবে আমরা চাই, সে যেন সুস্থ থাকে এবং দেশের আইনের প্রতি তার শ্রদ্ধা আস্থা থাকে।"

আইনজীবী গালিব সেদিন বলেন, "তার ঘটনাটি শিক্ষণীয়। সন্তানদের যেন চাকরিজীবী মা-বাবা পর্যাপ্ত সময় দেন। সন্তানদের প্রতি কেমন আচরণ করবেন, সন্তানরা কী চান তা ভালোবাসা দিয়ে দেখেন। সন্তানদের শাসন করতে হবে, তবে সেটা যেন সুশাসন হয়। আবার মা-বাবার প্রতিও সন্তানদের কিছু দায়িত্ব আছে, সেটাও যেন মানা হয়।"

মা-বাবার বিরুদ্ধে যে অভিযোগ মেয়ের

তরুণীর করা অভিযোগে বলা হয়, গত ২৫ মে সন্ধ্যায় রাজধানীর মোহাম্মদপুরের ইকবাল রোডের বাসায় মেয়েটিকে 'শারীরিকভাবে আঘাত' এবং 'অশ্লীল ভাষায় গালিগালাজ' করেন তার মা-বাবা। আঘাতে তার শরীরে জখম হয়। তিনি প্রাপ্তবয়স্ক হওয়ার পরও মা-বাবা তার 'ব্যক্তিগত স্বাধীনতায় হস্তক্ষেপ, অপমান ও নির্যাতন' করে যাচ্ছেন। পরিবারের নিত্য ব্যবহার্য জিনিসপত্র ব্যবহারে তাকে বাধা দিচ্ছেন।

আরও বলা হয়, "পারিবারিক সম্পর্কের কারণে যে সকল সম্পদ বা সুযোগ সুবিধা ব্যবহারের অধিকার রয়েছে, তা থেকে বঞ্চিত করে এবং বৈধ অধিকার প্রয়োগে বাধা প্রদান করা হচ্ছে। তারা মৌখিক নির্যাতন, অপমান, অবজ্ঞা, ভীতি প্রদর্শন, অশ্লীল ভাষায় গালিগালাজ করে মানসিকভাবে ক্ষতিগ্রস্ত করেছেন। শারীরিকভাবে আঘাত করে নির্যাতন হয়েছে, যার মাধ্যমে সহিংসতা ঘটেছে।"

মেয়েটি কার বা কাদের সহায়তায় আদালতের দ্বারস্থ হয়েছিলেন, সে প্রশ্নও সামনে আসে। তিনি নিজে বুঝে আদালতে গেছেন, নাকি তাকে কেউ আদালতে যেতে সহায়তা করেছেন এসব প্রশ্নের সুনির্দিষ্ট কোনো উত্তর কেউ দেননি।

মেয়েটির আইনজীবী ইসফাকুর রহমান গালিব বলেন, "এ বিষয়ে সাহায্যের জন্য মেয়েটা গত চার মাস আমার কাছে ঘুরছে। একাধিকবার রিজেক্ট করেছি। তারপর তার কথা শুনে প্রফেশনের জায়গা থেকে তার জন্য আইনি সেবা দিয়েছি একজন আইনজীবী হিসেবে। এ কয়দিনে আমি যা বুঝেছি মেয়েটা যথেষ্ট ব্রিলিয়ান্ট। তাকে সঠিকভাবে কাজে লাগালে যে কোনো প্রফেশনে ১০ জনের মধ্যে সে একজন হবে।"

আইনে কী বলা আছে?

পারিবারিক সহিংসতা প্রতিরোধ ও সুরক্ষা আইন ২০১০-এর তৃতীয় ধারায় বলা হয়েছে, "এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে পারিবারিক সহিংসতা বলিতে *৬-এর পৃষ্ঠায় দেখুন*

মা-বাবার বিরুদ্ধে মেয়ের আইনি লড়াই কোন বার্তা দিয়ে গেল?

৫-এর পৃষ্ঠায় পর

পারিবারিক সম্পর্ক রহিয়াছে এমন কোন ব্যক্তি কর্তৃক পরিবারের অপর কোন নারী বা শিশু সদস্যের উপর শারীরিক নির্যাতন, মানসিক নির্যাতন, যৌন নির্যাতন অথবা আর্থিক ক্ষতিকে বুঝাইবে।"

'শারীরিক নির্যাতন' অর্থে এমন কোনো কাজ বা আচরণ করা, যাহা দ্বারা সংক্ষুব্ধ ব্যক্তির জীবন, স্বাস্থ্য, নিরাপত্তা বা শরীরের কোনো অঙ্গ ক্ষতিগ্রস্ত হয় অথবা ক্ষতিগ্রস্ত হইবার সম্ভাবনা থাকে এবং সংক্ষুব্ধ ব্যক্তিকে অপরাধমূলক কাজ করতে 'বাধ্য করা বা প্ররোচনা প্রদান করা বা বলপ্রয়োগের' কথা বলা হয়েছে।

আর 'মানসিক নির্যাতন' অর্থে "মৌখিক নির্যাতন, অপমান, অবজ্ঞা, ভীতি প্রদর্শন বা এমন কোন উক্তি করা, যাহা দ্বারা সংক্ষুব্ধ ব্যক্তির মানসিকভাবে ক্ষতিগ্রস্ত হয়; হয়রানি; অথবা ব্যক্তি স্বাধীনতায় হস্তক্ষেপ অর্থাৎ স্বাভাবিক চলাচল, যোগাযোগ বা ব্যক্তিগত ইচ্ছা বা মতামত প্রকাশের উপর হস্তক্ষেপের" কথা বলা হয়েছে।

এই আইনের অধীন সংঘটিত কোনো অপরাধ 'আমলযোগ্য, জামিনযোগ্য এবং আপসযোগ্য' বলা হলেও ৩০ ধারায় শাস্তির বর্ণনা দেওয়া হয়েছে।

যেখানে বলা হয়েছে, "প্রতিপক্ষ কর্তৃক সুরক্ষা আদেশ বা উহার কোনো শর্ত লঙ্ঘন করিলে উহা অপরাধ হিসাবে গণ্য হইবে এবং তজ্জন্য তিনি অনধিক ছয় মাস কারাদণ্ড বা অনধিক ১০ হাজার টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন এবং অপরাধ পুনরাবৃত্তির ক্ষেত্রে তিনি অনধিক দুই বছরের কারাদণ্ড বা অনধিক ১ লাখ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।"

যা বলছেন বিশেষজ্ঞরা

মনরোগ বিশেষজ্ঞ অধ্যাপক হেলাল উদ্দিন আহমেদের মতে, প্রাপ্তবয়স্ক যে কেউ যে কারও বিরুদ্ধে 'সংক্ষুব্ধ হয়ে' মামলা করতে পারেন। কিন্তু এই ঘটনার ক্ষেত্রে বিষয়টা অন্যভাবেও হতে পারত।

"আমরা মনে করি এই জায়গাটিতে প্যারেন্টিং এবং পারিবারিক যে সম্পর্ক, সেই সম্পর্কের জায়গাটিকে আরও দৃঢ় করার সুযোগ আছে। পরিবারের মধ্যে যদি কোনো মতান্তর হয়, আদালত বা আইনের দ্বারস্থ না হয়ে বিষয়টি পারিবারিকভাবেই সমাধান করা উচিত।"



বিভিন্ন সংবাদ মাধ্যম যেভাবে এ ঘটনা নিয়ে খবর প্রকাশ করা হয়েছে, এতে আক্ষেপ প্রকাশ করে সংবাদ মাধ্যমের কাছ থেকে 'আরও বেশি সংবেদনশীলতা' প্রত্যাশা করার কথা বলেন এই বিশেষজ্ঞ।

তিনি বলেন, "আমার মনে হয়েছে আরও সংবেদনশীলভাবে এটি উপস্থাপন করা প্রয়োজন ছিল। এখন সামাজিক যোগাযোগমাধ্যমে যে কেউ যে কোনো কিছু প্রকাশ করতে পারছে। সে জায়গা থেকে এ ধরনের তথ্য বা সাক্ষাৎকার সমাজের জন্য আমরা মনে করি বৃহৎ অংশে ক্ষতিকর।"

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) সমাজবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক মুহাম্মদ মাহবুব কায়সার বলেন, "আমাদের সোসাইটিতে এক ধরনের ট্র্যাডিশনালিজম দেখেছি। যেখানে পরিবারের প্রধানদের একটা কর্তৃত্ব থাকে। যার ফলে জুনিয়রদের বা পরিবারের ছোট সদস্যদের বা পরবর্তী জেনারেশনের সদস্যদের সেই অর্থে ভয়েস থাকে না।

"বাবারা ভুল হলেও সেটা চাপিয়ে দিতে চান এবং সন্তানরা সেটা মেনে নিতে এক ধরনের বাধ্যবাধকতার মধ্যে থাকেন এমনটাই আমরা দেখে এসেছি। কিন্তু এখন সমাজে কিছুটা পরিবর্তন হচ্ছে, সমাজে শিক্ষা বাড়ছে, অধিকার নিয়ে সচেতনতা বাড়ছে, ফ্রিডম অব চয়েস বাড়ছে, কথা বলার স্পেসগুলো বাড়ছে।

"অধিকারটা যখন আপনি জানেন সন্তান হিসেবে, তখন অধিকার অ্যাপ্লাই করারও সক্ষমতা তৈরি হয়ে যায়। আগে অধিকারটাও জানা ছিল না, আর এটা প্রকাশ করার ক্ষমতাও কম ছিল। সমাজ পরিবর্তনের এটা ধারাবাহিক প্রক্রিয়া।"

অন্যদিকে সন্তানদের সঙ্গে মা-বাবার 'ট্র্যাডিশনাল রিলেশনশিপের' সৌন্দর্যের কথা তুলে ধরে মাহবুব কায়সার বলেন, "আগে দেখা যেত, 'আচ্ছা ঠিক আছে বাবা বলছেন, আমি একটু মেনে নিলাম'। কিন্তু পশ্চিমা সমাজব্যবস্থার নানা সংস্কৃতির বিষয়গুলো আমরা এখন জানি। এখন সব জানাই কিন্তু সবসময় সঠিক থাকে না, ভুলও থাকে। এখন মনে করছে 'মানলাম না, না শুনলাম বাবার কথা'।"

আবার মা-বাবার 'কর্তৃত্ববাদী' আচরণের কারণে 'নির্মোহ' ভাব থেকেও এই মামলার ঘটনা হতে পারে মন্তব্য করে তিনি বলেন, "তার হয়ত মনে হয়েছে আচ্ছা উনি আমার বায়োলজিক্যাল বাবা। কিন্তু আবেগটা আর কাজ করে না। তিনি তখন বাবাকে একজন পুরুষ হিসেবে দেখেন, তখন হয়তো ভেবেছেন, এর বিরুদ্ধে কথা বলা যাবে।

"সন্তান বেড়ে উঠছে, সন্তান যখন এক দুইবার কথা শুনছে না, তখন মা-বাবা কথা বলা ছেড়ে দেয়। আত্মসম্মানবোধ বা আবেগ দিয়ে চিন্তা করেন। খুব আঘাত পান, মনে করেন 'কোলেপিঠে করে মানুষ করেছি, সেই সন্তান আগ বাড়িয়ে আক্রমণাত্মক কথা বলছে! আমরা কথা বলছি মানছে না।' এই যে আমাদেরকে মানতে হবে, এরকম একটা জায়গা থেকে যখন বাবা চিন্তা করেন তখন সন্তান এটা নিতে পারেন না। সন্তানের এই আচরণগুলোকে বাবারা নেগেটিভলি দেখেন। মান-অভিমান থেকে, অথবা আবেগ থেকে, অথবা হতাশা থেকে মা-বাবা কথা বলা ছেড়ে দেন।"

কিন্তু মান অভিমান না করে মতের অমিল হলে আরও বেশি করে আলোচনার ওপর জোর দিচ্ছেন এ সমাজবিজ্ঞানী।

মাহবুব কায়সার বলেন, "সে হয়ত বয়সের তারতম্যের কারণে গ্যাপের কারণে বুঝতে পারছে না। তবুও মান-অভিমান ছেড়ে কথা বলে যেতে হবে। আবার বলার মধ্যে কোনোরকম প্রেশার থাকা উচিত না। আবেগ দিয়ে ভালোবাসা দিয়ে, একসঙ্গে সময় কাটিয়ে বিষয়গুলো বোঝাতে হবে। সন্তানের সঙ্গে কোথাও ঘুরতে যান, তার সঙ্গে বসে বসে তার পছন্দের টিভি সিরিজটিই দেখুন, একসঙ্গে খাবার খান। এক কাজগুলো করলে জেনারেশন গ্যাপ কমে যেত।"

এখন কী হবে?

ওই তরুণীর মা-বাবার আইনজীবী আবুল হোসেন বলেন, "এটা একটা পারিবারিক সমস্যা, আদালত পর্যন্ত গড়ানোর মূল কারণ হল মেয়েটার নিজস্ব একটা চিন্তার জগৎ, ভাবনা আছে। বর্তমানে সে অ্যাডাল্ট। বৈশ্বিক যে আইনকানুন সমাজব্যবস্থা আছে, আমাদের কালচারে সেসব ব্যবস্থা আছে কি না, তা না ভেবে তিনি মূলত বিষয়টা গোবালি চিন্তা করছেন। আমরা যেগুলোকে পেটি ম্যাটার মনে করি, সেই পেটি ম্যাটারকে উনি অনেক বড় আকারে দেখছেন ফ্যামিলি ইস্যুগুলোতে।

"এই জায়গা থেকে উনি পরিবারের বিভিন্ন বিষয়কে অ্যাগ্রেসিভ মনে করছেন। এখানে পড়াশোনা, চিকিৎসা, ব্যক্তিগত স্বাধীনতা, চলাফেরা এসব ব্যাপারে সিদ্ধান্ত 'চাপিয়ে দেওয়া হচ্ছে' মনে করছেন। পরিবারের ওপর ক্ষোভের জায়গা থেকে তিনি কোর্টে গেছেন। এটা তার মা-বাবার ধারণা।"

তিনি বলেন, "একই বাসায় মা-বাবার সাথে মেয়েটা আছে। তার খরচ মা-বাবা চালাচ্ছেন। ওই জায়গায় কোনো নিরাপত্তার অভাব নাই। মেয়েটি অনিরাপদ এটা কাউকে বলেনওনি। এই অভিযোগের বিষয়টার একটা ব্যাড মেসেজ আছে সমাজের জন্য। ওই মেয়ের মা-বাবার সাথে আমরা বসেছি। তাদের কথা শুনেছি। তারা চান ব্যাড মেসেজটা যেন সোসাইটিতে প্রভাব না ফেলে।

"এই কারণে তাদের মা-বাবার একই ইচ্ছা, তাদের মেয়ের যেভাবে কল্যাণ হয়, সেটাই তারা করতে চান। তারা চান, সে সুস্থ থাকুক। মানসিকভাবে-শারীরিকভাবে ভালো থাকুক। মেয়েটা যেন কষ্ট না পায় বা তার ওপর যেন কোনো বিরূপ প্রভাব না পড়েএটা তাদের চাওয়া।"

ওই তরুণীর আইনজীবী ইসফাকুর রহমান গালিব বলেন, "মেয়েটার যখন ২/৩ বছর বয়স তখন থেকে সে কেয়ার গিভারে। তার মেন্টাল গ্রোথটা সেভাবে বিকশিত হয়নি। স্কুল লাইফ থেকে বুলিংয়ের শিকার। তার বন্ধু-বান্ধবীরা তার সাথে তেমন মিশতো না। তার মা-বাবা দুইজনই ছিল চাকরিজীবী। তারা সকালে বের হতেন আর ফিরতেন রাত ৮/৯ টায়। সপ্তাহে ৬ দিন তারা কর্মক্ষেত্রে থাকতেন। প্রোপার ওয়েতে মেয়েটাকে গড়ে তুলতে পারেননি। এটা কিন্তু সবার জন্য অ্যালার্মিং ম্যাসেজ। ভবিষ্যৎ প্রজন্মকে আমাদের রক্ষা করতে হবে। তাদের সময় দিতে হবে, ভালোবাসতে হবে। আর এ কারণেই কিন্তু মেয়েটি আদালতে এসেছেন।"

তিনি বলেন, "মেয়েটাকে অনেকে নেগেটিভভাবে দেখছেন। মিডিয়াতে বক্তব্য দেওয়ায় সময় অঙ্গভঙ্গির কারণে তিনি সাইবার বুলিংয়ের শিকার হয়েছেন। আমাদের বুঝতে হবে, তিনি কিন্তু কোনো অপরাধ করেননি। সুরক্ষা চেয়ে আদালতের কাছে আশ্রয় চেয়েছেন। এটা কর্মজীবী মা-বাবার জন্য অ্যালার্মিং বিষয়। মেয়েটার আদালতে আসাটা আজকের ইস্যু না, ১৫/১৬ বছরের ইস্যু। বিষয়টি জটিল হয়ে গিয়েছিল। আমরা সবার সাথে কথা বলেছি। আমরা চাই এর একটা হ্যাপি এন্ডিং। এজন্য সবাইকে এগিয়ে আসতে হবে। সবারই কাউন্সেলিং করা উচিত।"

আদালত পারিবারিকভাবে বিষয়টি সুরাহা করার যে আদেশ দিয়েছে, তারপর দুই পক্ষ এখন কীভাবে অগ্রসর হবে জানতে চাইলে মেয়েটির আরেক আইনজীবী সোমাইয়াদ শাহারিয়া ফিদা বলেন, "গত ২১ জুলাই তারা সবাই একটা সমঝোতায় পৌঁছান। পরে আমি তাদের মধ্যস্থতায় যাই। শনিবার আমরা সকলে একত্রে বসব।

"মেয়েটির সাথে শারীরিক, মানসিক যে অভিযোগের কথা বলা হয়েছে (যদি সেটা হয়ে থাকে), এটা যেন তার সাথে সামনে আর পুনরাবৃত্তি না হয়, মেয়েটির সুরক্ষা নিশ্চিত থাকে এসব বিষয় নিয়ে আলোচনা করব। আশা করছি, আমরা একটা সমঝোতায় পৌঁছাতে পারব।"

আর সকল অভিভাবকের প্রতি আইনজীবী ইসফাকুর রহমান গালিবের আহ্বান, "বাচ্চাদের সময় দিন। নিজ নিজ ধর্মীয় শিক্ষায় শিক্ষিত করুন। এ সমস্যা থেকে উত্তরণের জন্য স্কুল শিক্ষক থেকে শুরু করে রাষ্ট্রকেও ভাবতে হবে। প্যারেন্টসদের প্যারেন্টিং শিখাতে হবে। না হলে পরবর্তী জেনারেশন ধ্বংস হয়ে যাবে।"

যুক্তরাষ্ট্রে গরুর মাংসের দাম রেকর্ড বেড়েছে

প্রথম পৃষ্ঠার পর

মূল্যবৃদ্ধির পেছনে বেশ কিছু কারণ রয়েছে। বিশেষজ্ঞরা বলছেন, দামে এমন উর্ধ্বগতি থেকে ক্রেতারা খুব শিগগির রেহাই পাচ্ছেন না।

যুক্তরাষ্ট্রের সরকারি তথ্য অনুযায়ী, গত মাসে এক পাউন্ড (প্রায় আধা কেজি) গরুর মাংসের কিমার গড় দাম দাঁড়িয়েছে ৬ ডলার ১২ সেন্টে। বছরের ব্যবধানে এ দাম প্রায় ১২ শতাংশ বেশি। অন্যদিকে সব ধরনের রান্না না করা মাংসের বড় টুকরার (বিফ স্টেক) গড় দাম বেড়ে হয়েছে পাউন্ডপ্রতি ১১ ডলার ৪৯ সেন্ট। এক বছরের ব্যবধানে দাম বেড়েছে ৮ শতাংশ।

তবে এ মূল্যবৃদ্ধি নতুন নয়। ২০ বছর ধরেই যুক্তরাষ্ট্রে গরুর মাংসের দাম ধারাবাহিকভাবে বাড়ছে। কারণ, মাংসের চাহিদা বেশি থাকলেও গরুর সরবরাহ কমতির দিকে। এমনকি কয়েক দশক ধরে যুক্তরাষ্ট্রে গবাদিপশুর সংখ্যা ধারাবাহিকভাবে কমছে। দেশটির কৃষি বিভাগের তথ্যমতে, চলতি বছরের ১ জানুয়ারি পর্যন্ত যুক্তরাষ্ট্রে গবাদিপশুর সংখ্যা ছিল ৮ কোটি ৬৭ লাখ। এটি ২০১৯ সালের তুলনায় ৮ শতাংশ কম ও ১৯৫১ সালের পর সর্বনিম্ন।

খরা, গরুর মূল্যবৃদ্ধিসহ নানা কারণে গবাদিপশুর সংখ্যা কমে গেছে। এর সঙ্গে নতুন করে যোগ হয়েছে মেক্সিকোতে একটি পরজীবীর বিস্তার ও ব্যাপক শুল্ক আরোপের আশঙ্কা। আর এসব কারণে গরুর মাংসের সরবরাহ আরও কমতে ও দাম আরও বাড়তে পারে।

গবাদিপশুর সংখ্যা হ্রাস: টেক্সস এঅ্যান্ডএম বিশ্ববিদ্যালয়ের অর্থনীতিবিদ ডেভিড অ্যান্ডারসনের মতে, প্রযুক্তির মাধ্যমে বড় আকৃতির গরু উৎপাদনের সক্ষমতা বাড়লেও ২০২০ সালে শুরু হওয়া দীর্ঘ খরার কারণে পশু খাবারের দাম বেড়েছে। এর পর থেকে পশ্চিমাঞ্চলজুড়ে খরা অব্যাহত রয়েছে। খাদ্যদ্রব্যের মূল্যবৃদ্ধিতে এমনিতেই স্বল্প লাভে পরিচালিত খামারগুলো চাপে পড়ে যায়। ফলে অনেক খামারি তাঁদের প্রজননক্ষম গরু জবাই করে দেন। ফলে তাৎক্ষণিকভাবে বাজারে গরুর মাংসের জোগান বাড়লেও গরুর সংখ্যা কমে যায়।

সাম্প্রতিক বছরগুলোতে যুক্তরাষ্ট্রে গরুর দাম আকাশচুম্বী। এখন একেকটি গরু বিক্রি হচ্ছে হাজার হাজার ডলারে। সাম্প্রতিক হিসাব অনুযায়ী, একেকটি গরু ১০০ পাউন্ড (প্রায় ৪৫ কেজি) ২৩০ ডলারের বেশি দাম ধরে বিক্রি হচ্ছে। এমন বেশি দাম অনেক খামারিকে এখনই গরু বিক্রি করে বেশি মুনাফা তুলে নিতে উদ্বুদ্ধ করছে। প্রজননের উদ্দেশ্যে তাঁরা গরুগুলো না রেখে বিক্রি করে দিচ্ছেন। টেক্সস এঅ্যান্ডএমের ডেভিড অ্যান্ডারসনের মতে, ভবিষ্যতে দাম কমে যাওয়ার আশঙ্কা থাকায় অনেকেই এখন গরু বিক্রির দিকে ঝুঁকছেন।

রোগের ব্যাপকতা: মেক্সিকোর গবাদিপশুর পালে একটি মাংসাশী পরজীবীর আবির্ভাবের কারণে যুক্তরাষ্ট্রে গরুর মাংস সরবরাহ আরও চাপে পড়েছে। এ ঝুঁকির কারণে গত বছর যুক্তরাষ্ট্র দক্ষিণ সীমান্ত দিয়ে গরু আমদানি পুরোপুরি বন্ধ করে দেয়।

অথচ যুক্তরাষ্ট্রে জবাই হওয়া ৪ শতাংশ গরুই আসে মেক্সিকো থেকে। ওই পরজীবী টেক্সসে ছড়িয়ে পড়লে ব্যাপক অর্থনৈতিক ক্ষতি হতে পারে বলে আশঙ্কা করছেন কৃষি কর্মকর্তারা।

শুল্কের আশঙ্কা: যুক্তরাষ্ট্র প্রতিবছর ৪০০ কোটি পাউন্ড গরুর মাংস আমদানি করে। এর বড় অংশ আসে অস্ট্রেলিয়া ও নিউজিল্যান্ড থেকে। এগুলোর ওপর এখনো ১০ শতাংশ শুল্ক রয়েছে।

তবে ব্রাজিল থেকে আসা মাংসের ওপর প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ৫০ শতাংশ পর্যন্ত শুল্ক আরোপের হুমকি দিয়েছেন। দীর্ঘ মেয়াদে এ শুল্ক কার্যকর হলে মাংস প্রক্রিয়াজাতকারীদের খরচ বাড়বে।

দাম কমার সম্ভাবনা কম: এখন যুক্তরাষ্ট্রে বারবিকিউ মৌসুম চলছে। এ সময় গরুর মাংসের চাহিদা বরাবরের মতোই তুঙ্গে। কানসাস স্টেট ইউনিভার্সিটির কৃষি অর্থনীতিবিদ গিন টনসোর বলেছেন, এ চাহিদাই মূলত গরুর মাংসের দামকে ঊর্ধ্বমুখী রাখতে সাহায্য করছে।

তবে দাম বাড়লেও ক্রেতাদের মধ্যে এখনো মুরগি বা শূকরের মাংসের মতো বিকল্প পণ্য কেনার প্রবণতা দেখা যাচ্ছে না। স্টেক হোক বা কিমার্যভোক্তারা এখনো গরুর মাংসই বেশি কিনছেন। টনসর বলেন, চাহিদা বেশি থাকায় গরুর মাংসের দামও চড়া থাকবে।

অর্থনীতিবিদ বার্ন্ট নেলসন বলছেন, সম্প্রতি খরা কিছুটা কমেছে। ফলে চারণভূমির অবস্থা উন্নত হয়েছে। একই সঙ্গে শস্যের দাম কমছে। এ অনুকূল পরিস্থিতিতে খামারিরা হয়তো এখন গরু বিক্রি না করে প্রজননের দিকে মনোযোগ দেবেন। কিন্তু একটি নতুন গরু উৎপাদন করে বাজারে তুলতে অন্তত দুই বছর সময় লাগে। ফলে এর ইতিবাচক প্রভাব বাজারে পড়তে অনেক দেরি হবে।

মৌসুম শেষে সাধারণত গরুর মাংসের দাম কিছুটা কমে। তবে বিশেষজ্ঞরা বলছেন, এ বছর দাম কমতে পারে খুব সামান্যই।

এবার স্থগিতাদেশ দিলেন

প্রথম পৃষ্ঠার পর

বলে ঘোষণা দিয়েছে।

অপরদিকে মেরিল্যান্ডের একটি আদালত জানিয়ে দিয়েছে, প্রয়োজন হলে তারা একই ধরনের স্থগিতাদেশ দেবে।

গত ২৭ জুনে যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্ট এক রায়ে বলেছিল, নিম্ন আদালতগুলো সাধারণভাবে আর দেশব্যাপী নিষেধাজ্ঞা দিতে পারবে না।

তবে বিচারক লিও সরকিন যুক্তি দেন যে , এই মামলার বাস্তবতা ভিন্ন। একাধিক স্টেট মিলে যে মামলাটি দায়ের করেছে। কারণ এতে লাখো শিশু ঝুঁকিতে পড়বে। তাই ঝুঁকি রুখতে ছোট পরিসরের আদেশ যথেষ্ট হবে না।

বিচারক বলেন, এই নির্বাহী আদেশ যদি কার্যকর হয়, তাহলে তা অসংখ্য শিশুকে তাদের নাগরিকত্ব থেকে বঞ্চিত করবে শুধু তাদের বাবা-মার অভিবাসন পরিস্থিতির কারণে। পাশাপাশি, রাজ্যগুলোর স্বাস্থ্যসেবা, শিশু সহায়তা ও শিক্ষা খাতে কোটি কোটি ডলারের বাজেট ঝুঁকিতে পড়বে। তাই একে শুধু নির্দিষ্ট কিছু রাজ্যের আর্থিক ক্ষতির বিষয় হিসেবে সীমিত রাখা ঠিক নয়।

বোস্টনের মামলার বাদীপক্ষ বলেছে, এটি শুধু আইন লঙ্ঘন নয়, বরং একটি হীনচিন্তা থেকে এমন উদ্যোগ নেয়া হয়েছে। এতে হাজার হাজার শিশু নাগরিকত্ব হারাতে পারে, শুধু তাদের বাবা-মায়ের পরিচয়ের কারণে। স্টেটগুলোর বক্তব্য, এই আদেশ কার্যকর হলে শিশুদের জন্য নির্ধারিত বহু গুরুত্বপূর্ণ সেবা, যেমন স্বাস্থ্য সহায়তা, বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থী সহায়তা কিংবা শিশুসুরক্ষা কর্মসূচি বিপর্যস্ত হবে।

প্রতিক্রিয়াশীলতার যুগে স্বাগত

৪-এর পৃষ্ঠায় পর

থেকে জুমার দিনে আনলাম, বাংলা একাডেমির অভিধান থেকে শুরু করে পাঠ্যবইগুলোতে একটি ধর্মের প্রতি পক্ষপাতিত্ব শুরু করলাম, এরপর একপর্যায়ে 'কওমি জননী' হয়ে প্রতিটি জেলায় মডেল মসজিদ নির্মাণ করলাম, এভাবেই ধীরে ধীরে আমরা আজকের পরিণতির দিকে এগিয়েছি। আমরা নিজ হাতে আমাদের পশ্চাৎপদতার উল্টোযাত্রা নিশ্চিত করেছি। আজ যখন ধর্মের নামে নারীদের ওপর বৈষম্য ও নিপীড়ন হচ্ছে, সাংস্কৃতিক অঙ্গনে নানাবিধ বিধিনিষেধের খড়্গ নেমে আসছে, ধর্মীয় সংখ্যালঘুরা আরও অসহায় ও অনিরাপদ বোধ করছে, তখন আমরা অবাক হচ্ছি কেন? দীর্ঘদিন ধরে তো এই যুগটাকেই আমরা কামনা করেছি। তিলে তিলে গড়ে তুলেছি। হ্যাঁ, বুদ্ধিজীবীদের দায় রয়েছে, সেই দায় হলো শাসকগোষ্ঠীর তীব্র সমালোচনা না করা। যে সময়ে প্রতিবাদ করার কথা ছিল, সে সময়টাতে তাঁরা শাসকশ্রেণির কাছ থেকে সুবিধা গ্রহণ করেছেন, মৃদুস্বরে কথা বলেছেন। তাঁরা সে সময় জোর দিয়ে বলেননি, ধর্ম নিয়ে রাজনীতি করলে সমাজে সাম্প্রদায়িক বিষবাষ্প ছড়াবে, পাশাপাশি প্রতিক্রিয়াশীল শক্তির উত্থান ঘটবে। আমি মনে করি, তীব্রভাবে এই পরিস্থিতির বিরুদ্ধে কথা বলার সময় এখনো পুরোপুরি ফুরিয়ে যায়নি। কখনো ফুরায় না।

বাংলাওয়াশ এড়ালো পাকিস্তান

ক্রীড়া ডেস্ক: সিরিজের শেষ টি-টোয়েন্টিতে বাংলাদেশকে ১৭৯ রানের লক্ষ দেয় পাকিস্তান। জবাব দিতে নেমে ১৬.৩ ওভারে ১০৪ রানে গুটিয়ে যায় বাংলাদেশ। অতিথিদের বিপক্ষে টি-টোয়েন্টিতে তৃতীয় সর্বনিম্ন স্কোর বাংলাদেশের। ২-১ ব্যবধানে শেষ হলো সিরিজ।

বৃহস্পতিবার (২৪ জুলাই) আগে ব্যাটিং করে বাংলাদেশকে ১৭৯ রানের লক্ষ দেয় পাকিস্তান। জবাবে খেলতে নেমে পাকিস্তানের বোলিং আক্রমণের সামনে অসহায় হয়ে পড়ে স্বাগতিকরা। ৭৪ রানে হেরে সিরিজ শেষ করেছে বাংলাদেশ। বাজেভাবে হারলেও তাতে চাপা পড়েনি পাকিস্তানের বিপক্ষে প্রথমবার টি-টোয়েন্টি সিরিজ জয়ের আনন্দ।

মিরপুর শেরে বাংলা স্টেডিয়ামে আরেকটি ইতিহাস তৈরির সুযোগ ছিল বাংলাদেশের। আজ জিতলে পারলে তিন ম্যাচের টি-টোয়েন্টি সিরিজে পাকিস্তানকে ধবলধোলাই করা তৃতীয় দল হতো বাংলাদেশ। এর আগে এই কীর্তি গড়েছিল শ্রীলঙ্কা ও অস্ট্রেলিয়া।

আগের দুই ম্যাচে কিছুটা ধীরগতির উইকেট ছিল। উইকেটে অসমান বাউন্সও ছিল খানিকটা। তবে আজকের ম্যাচ পুরো স্পোর্টিং উইকেট। ব্যাটারদের পাশাপাশি বোলারদেরও ছিল দারুণ কিছু করার সুযোগ। কিন্তু সিরিজের শেষ ম্যাচটিতে শুরুতে বোলাররা যেমন ব্যর্থ হয়েছেন, তেমনই ব্যাটাররাও ব্যর্থ। বাংলাদেশের বোলারদের নখদন্তহীন বোলিংয়ের সুযোগ নিয়ে পাকিস্তান ১৭৮ রান তুলে ফেলে।

দারুণ ব্যাটিং উইকেটে বাংলাদেশের জন্য লক্ষটা খুব কঠিন কিছু ছিল না। কিন্তু প্রথম পাওয়ার প্লেতেই বাংলাদেশ ম্যাচ থেকে ছিটকে যায়। ৬ ওভারের মধ্যেই বাংলাদেশ হারিয়ে ফেলে ৫ উইকেট। সংগ্রহ মাত্র ২৫ রান। তানজিদ হাসান তামিম, লিটন দাস, জাকের আলী অনিক, মেহেদী হাসান মিরাজ, শেখ মেহেদী সবাই ব্যর্থ হন। পাওয়ার প্লের পর পরের দশ বলের মধ্যে আরও দুটি উইকেট হারায় বাংলাদেশ।

ওপেনার নাঈম লড়াইয়ের চেষ্টা করেও আউট হয়েছেন ১০ রানে। ৪১ রানে ৭ উইকেট হারানোর পর নাসুম আহমেদ ও মোহাম্মদ সাইফউদ্দিন মিলে ২৪ রানের জুটি গড়েন। নাসুম ১৩ বলে ৯ রান করে আউট হলে জুটি ভাঙে তাদের। এরপর সাইফউদ্দিনের ব্যাটে হারের ব্যবধান কিছুটা কমে। শরিফুলের একটি লম্বা শট দারুণভাবে তালুবন্দি করেন আব্বাস আফ্রিদি। বাংলাদেশ অলআউট হয় ১০৪ রানে। ৩৪ বলে ২ চার ও ২ ছক্কায় ৩৫ রানের ইনিংস খেলে অপরাজিত ছিলেন সাইফউদ্দিন।

পাকিস্তানের বোলারদের মধ্যে সালমান মির্জা ও ফাহিম আশরাফ সফল। সালমান ১৯ রান খরচায় নেন তিনটি উইকেট। ফাহিম ও মোহাম্মদ নওয়াজ নেন দুটি করে উইকেট। এছাড়া আহমেদ দানিয়াল, সালমান আগা ও হুসেইন তালাত নেন একটি করে উইকেট।



স্পেনকে হারিয়ে ইউরো চ্যাম্পিয়ন ইংল্যান্ড নারী দল। ছবি : এএফপি

স্পেনকে কাঁদিয়ে ইউরো চ্যাম্পিয়ন ইংল্যান্ড

ক্রীড়া ডেস্ক: ইউরোর ফাইনালে নাটকীয় এক জয়ে শিরোপা ধরে রাখল ইংল্যান্ড নারী ফুটবল দল। রোমাঞ্চকর টাইব্রেকারে ৩-১ ব্যবধানে স্পেনকে হারিয়ে দ্বিতীয়বারের মতো ইউরোপ সেরা হলো সারিনা ভিগম্যানের দল।

ফাইনালের নির্ধারিত ও অতিরিক্ত সময় শেষে স্কোরলাইন ছিল ১-১। প্রথমার্ধে স্পেন এগিয়ে গেলেও দ্বিতীয়ার্ধে বদলি হিসেবে নামা ক্লোই কেলির দারুণ ক্রস থেকে গোল করে সমতায় ফেরান আলেসিয়া রুসো।

এরপর শুরু হয় টাইব্রেকারের স্নায়ুযুদ্ধ। সেখানেই আবারো নায়িকা হয়ে ওঠেন কেলি। শেষ শটটি জালে জড়িয়ে নিশ্চিত করেন ইংল্যান্ডের জয়। এই জয় ইংল্যান্ড নারী দলের ইতিহাসে এক নতুন অধ্যায়।

দেশের বাইরে প্রথম কোনো বড় টুর্নামেন্ট জয়ের স্বাদ পেল তারা। কোচ সারিনা ভিগম্যানও গড়লেন অনন্য কীর্তি। দুই ভিন্ন দেশের কোচ হয়ে ইউরো জয়ের হ্যাটট্রিক। এর আগে নেদারল্যান্ডসের কোচ হয়ে ইউরো জিতেছেন এই কোচ।

বিশ্ব ও নেশন্স লিগ জয়ী স্পেন ম্যাচে প্রথমে এগিয়ে যায় ২৫তম মিনিটে। ওনা বাতিয়ের ক্রসে দারুণ হেডে গোল করেন মারিওনা ক্যালদেন্তে। লরেন জেমস চোট পেয়ে মাঠ ছাড়লে, প্রথমার্ধের শেষে ক্লোই কেলি নামেন মাঠে। তার আগমনে বদলে যায় ইংল্যান্ডের গতি। ৫৭তম মিনিটে কেলির নিখুঁত ক্রসে হেড করে সমতা ফেরান আলেসিয়া রুসো।


ম্যাচের বাকি সময়জুড়ে স্পেন আধিপত্য দেখালেও ইংলিশ রক্ষণ ভেঙে দিতে ব্যর্থ হয়। অতিরিক্ত সময়েও গোল না আসায় খেলা গড়ায় পেনাল্টি শুটআউটে।

টাইব্রেকারের শুরুতেই ইংলিশ ফরোয়ার্ড বাথ মিডের শট ঠেকান স্প্যানিশ গোলকিপার কাটা কোল। তবে ইংল্যান্ডকে ম্যাচে ফেরান গোলকিপার হান্নাহ হাম্পটন। তিনি ঠেকান কালদেন্তে ও বিশ্বসেরা মিডফিল্ডার আইতানা বোনমাতির শট।

যখন মনে হচ্ছিল ম্যাচ আবার জমে উঠছে, স্প্যানিশ ফরোয়ার্ড সালমা পারালুয়েলো শট নষ্ট করলে সুযোগ আসে ক্লোই কেলির সামনে। সেই চেনা ভঙ্গিতে প্র্যাঙ্কিং রান-আপ নিয়ে বল জালে পাঠান কেলি, ভাসিয়ে দেন ইংলিশ গ্যালারি। টানা দ্বিতীয় ইউরো জয়ের আনন্দে মাতোয়ারা পুরো ইংল্যান্ড শিবির।

মেসির সঙ্গে ইয়ামালের তুলনা নিয়ে মুখ খুললেন গার্দিওলা

ক্রীড়া ডেস্ক: বার্সেলোনার উঠতি তারকা লামিন ইয়ামাল এখন কাতালান ক্লাব ও স্পেনের ফুটবলপ্রেমীদের আশা-ভরসার নাম। মাত্র ১৭ বছর বয়সেই বার্সার জার্সিতে দ্যুতি ছড়ানো এই ফরোয়ার্ড অনেকের চোখে হয়ে উঠেছেন ভবিষ্যতের লিওনেল মেসি। বার্সার কিংবদন্তি আর্জেন্টাইন তারকার বিখ্যাত '১০' নম্বর জার্সিও উঠেছে ইয়ামালের গায়ে। তবে তরুণ এই ফুটবলারকে নিয়ে অতিরিক্ত প্রত্যাশা ও তুলনায় সতর্ক থাকার আহ্বান জানাচ্ছেন বার্সেলোনার আরেক কিংবদন্তি, বর্তমান ম্যানচেস্টার সিটি কোচ



পেপ গার্দিওলা।

জনপ্রিয় ফুটবল বিশ্লেষক ফ্যাব্রিজিও রোমানোকে দেওয়া এক সাক্ষাৎকারে গার্দিওলা বলেন, 'আমরা যেন ইয়ামালকে নিজের পথ নিজে তৈরি করতে দিই। সে যদি আগামী ১৫ বছর ধরে খেলতে পারে, তখন বলা যাবে সে মেসির চেয়েও বড় কিছু কি না।' তবে এই তুলনাকে একেবারেই নেতিবাচকভাবে দেখছেন না গার্দিওলা। বরং তিনি মনে করেন, মেসির মতো একজন কিংবদন্তির সঙ্গে তুলনা হওয়াই ইয়ামালের প্রতিভার বড় স্বীকৃতি।

গার্দিওলা বলেন, 'মেসির সঙ্গে তুলনা করাটা বিশাল ব্যাপার। এটা যেন কোনো শিল্পীকে সরাসরি ভ্যান গঘের সঙ্গে তুলনা করার মতো।'

অন্য ক্লাবে পাঠাতে চায় রিয়াল, বার্নাব্যুতেই থাকতে চান এনদ্রিক

ক্রীড়া ডেস্ক: ২০২২ সাল। এনদ্রিক তখন ১৬ বছরের কিশোর, খেলেন পালমেইরাসে। সেখানে ব্রাজিলিয়ান এই স্ট্রাইকারের প্রতিভা দেখে রিয়াল মাদ্রিদ সিদ্ধান্ত নেয় তার সঙ্গে চুক্তি করার। অবশেষে ২০২৪ সালে ১৮ বছর পূর্ণ হলে ৭২ মিলিয়ন ইউরোর (প্রায় ৮৪.৫ মিলিয়ন ডলার) বিনিময়ে এনদ্রিকের সঙ্গে চুক্তি করে ফেলে রিয়াল।

কিন্তু মাদ্রিদের মাটিতে পা রাখা এনদ্রিকের জন্য যতটা স্বপ্নের মতো মনে হয়েছিল, কিন্তু বাস্তবতা ছিল ততটাই কঠিন। অনেক তারকার ভীড়ে রিয়ালে খুব বেশি খুঁজে পেতেন না তিনি। দলে খুব একটা সুযোগ পেতেন না। ২০২৪ সালের আগস্টে অভিষেকের পর থেকে লস ব্লাঙ্কসদের হয়ে মাত্র ৮৪৭ মিনিট খেলার সুযোগ হয় এই ব্রাজিলিয়ানের।

নিয়মিত বেঞ্চে বসে থাকার কারণে খেলোয়াড় হিসেবে এনদ্রিকের বিকাশ বাধাগ্রস্থ হচ্ছে বলে মনে করছে রিয়াল। যে কারণে স্প্যানিশ লা লিগার ক্লাবটি তাকে ধারে অন্য দলে পাঠানোর প্রস্তুতি নিয়ে ফেলেছে।

তবে ইএসপিএন ব্রাজিলকে একটি সূত্র জানিয়েছে, এনদ্রিক বার্নাব্যুতেই



থাকতে চান। রিয়ালের ঢেরায় বসেই স্বদেশি ভিনিসিউস জুনিয়রের পথ অনুসরণ করতে চান তিনি।

রিয়ালের মূল দলে কিলিয়ান এমবাপের জায়গা পাকাপোক্ত। কিন্তু ফরাসি তারকা অনুপস্থিত থাকলেও ফরোয়ার্ড পজিশনে কোচরা অন্যদের ওপর ভরসা করেন। কোপা দেল রেতে ৬ ম্যাচে ৫ গোল করে নিজের গোলস্কোরিং দক্ষতা দেখালেও এনদ্রিককে বিবেচনায় নিচ্ছেন না তারা।

এদিকে ব্রাজিলের কোচ কার্লো আনচেলত্তিও এনদ্রিককে অন্য ক্লাবে পাঠানোর পক্ষে মত দিয়েছেন। ইতালিয়ান কোচ চান, নিয়মিত খেলে তরুণ এই ফরোয়ার্ড ২০২৬ বিশ্বকাপের প্রস্তুতিটা ভালোভাবে নিক। আর নিয়মিত খেলতে গেলে এনদ্রিকের রিয়াল ছাড়ার কোনো বিকল্পও নেই।

নতুন কোচ জাবি আলোনসো এলেও এনদ্রিককে নিয়ে রিয়ালের অবস্থান পাল্টায়নি। বোর্ড ও কারিগরি টিমের আলোচনার পর রিয়াল মনে করে, লা লিগার অন্য কোনো দলে ধারে পাঠানোই সবচেয়ে উপযুক্ত সিদ্ধান্ত, যেখানে নিয়মিত খেলার মাধ্যমে এনদ্রিক স্প্যানিশ ফুটবলে মানিয়ে নিতে পারবেন।

তবে রিয়ালের পক্ষ থেকে এনদ্রিককে ছেড়ে দেওয়ার মানে এই নয় যে, তিনি গ্রীষ্মকালীন ট্রান্সফার উইন্ডোতেই চলে যাবেন। যদিও আলোনসোর ব্যবহৃত দুই ফরোয়ার্ড ফর্মেশন এনদ্রিকের জন্য অনুকূল নয়। তবে এনদ্রিক ও তার টিম বিশ্বাস করে, তিন ফরোয়ার্ডের ফর্মেশন এই ব্রাজিলিয়ানের জন্য সুযোগ তৈরি করতে পারে।

বর্তমানে ইনজুরি থেকে পুনরুদ্ধারের পথে আছেন এনদ্রিক। আশা করছেন আগামী সেপ্টেম্বরে প্রত্যাবর্তনের পর কোচ আলোনসোকে প্রমাণ করতে পারবেন যে তিনি দলে থাকার যোগ্য।

সব মিলিয়ে রিয়ালের কাছে এনদ্রিক ভবিষ্যতের সম্পদ হলেও বর্তমান পরিস্থিতি এবং নিয়মিত খেলার প্রয়োজনীয়তা তাকে গুরুত্বপূর্ণ সিদ্ধান্তের সামনে দাঁড় করিয়েছে।



'ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড' পাচ্ছেন অধিনায়ক আফঈদা

সামাজিক ক্ষেত্রে অসাধারণ অবদানের জন্য যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কয়েকটি ক্যাটাগরিতে ১২ জনকে দিচ্ছে 'ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড-২০২৫।' এই তালিকায় আছেন বাংলাদেশ নারী ফুটবল দলের অধিনায়ক আফঈদা খন্দকার প্রান্তি। আফঈদা খন্দকার প্রান্তি এই অ্যাওয়ার্ডের জন্য মনোনীত হয়েছেন ক্রীড়া, কলা ও সংস্কৃতি ক্যাটাগরিতে। এই ক্যাটাগরিতে আরো একজন মনোনীত হয়েছেন। তিনি উছাই মং মারমা।-এ ছাড়া যুব উন্নয়ন ও কর্মসংস্থান ক্যাটাগরিতে অ্যাওয়ার্ডের জন্য মনোনীত হয়েছেন তিন জন, শিক্ষা, বিজ্ঞান ও তথ্য প্রযুক্তি ক্যাটাগরিতে দুইজন, দেশ প্রেম, বীরত্ব ও সাহসিকতা ক্যাটাগরিতে দুইজন এবং জ্যেষ্ঠদের প্রতি আদর্শসেবা ক্যাটাগরিতে তিনজন চূড়ান্তভাবে মনোনীত হয়েছেন। যুবকল্যান তহবিল আইন-২০১৬ মোতাবেক সামাজিক ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য এই অ্যাওয়ার্ড দিয়ে আসছে।

এশিয়া কাপের সূচি ঘোষণা, সহজ গ্রুপে বাংলাদেশ

এশিয়া কাপের সূচি ঘোষণা করেছে এশিয়ান ক্রিকেট কাউন্সিল (এসিসি)। ৯ সেপ্টম্বর থেকে শুরু হওয়া এই টুর্নামেন্টে সহজ গ্রুপে পড়েছে বাংলাদেশ। শনিবার (২৬ জুলাই) সন্ধ্যায় সূচি ঘোষণা করে এসিসি। বাংলাদেশ পড়েছে 'বি' গ্রুপে। লিটন দাসদের অন্য তিন প্রতিপক্ষ হলো শ্রীলঙ্কা, আফগানিস্তান ও হংকং। আর 'এ' গ্রুপে আছে ভারত, পাকিস্তান, সংযুক্ত আরব আমিরাত ও ওমান। প্রত্যেক দল গ্রুপ পর্বে মোট ৩টি করে ম্যাচ খেলার সুযোগ পাবে। বাংলাদেশ ১১ সেপ্টেম্বর হংকংয়ের বিপক্ষে ম্যাচ দিয়ে এশিয়া কাপ সফর শুরু করবে। এরপর ১৩ সেপ্টেম্বর বাংলাদেশের প্রতিপক্ষ শ্রীলঙ্কা আর ১৬ সেপ্টেম্বর বাংলাদেশের প্রতিপক্ষ আফগানিস্তান। গ্রুপ পর্বের সুপার ফোর পর্ব শুরু হবে ২০ সেপ্টেম্বর থেকে। এর আগে ৯ সেপ্টেম্বর আফগানিস্তান ও হংকংয়ের মধ্যকার ম্যাচ দিয়ে শুরু হবে এবারের এশিয়া কাপ। ভারত তাদের এশিয়া কাপ শুরু করবে ১০ সেপ্টেম্বর স্বাগতিক সংযুক্ত আরব আমিরাতের বিপক্ষে। তাছাড়া ভারত-পাকিস্তান হাই ভোল্টেজ ম্যাচ অনুষ্ঠিত হবে ১৪ সেপ্টেম্বর।

নাটকীয় জয়ে দক্ষিণ আফ্রিকাকে হারাল বাংলাদেশ

দক্ষিণ আফ্রিকা, জিম্বাবুয়ে ও বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ দল নিয়ে হারারেতে চলছে ত্রিদেশীয় সিরিজ। গত শনিবার দ্বিতীয় ম্যাচে মুখোমুখি বাংলাদেশ ও দক্ষিণ আফ্রিকা যুবারা। ভালো বোলিংয়ে দক্ষিণ আফ্রিকাকে ১২৮ রানে আটকে রাখলেও চরম ব্যাটিং বিপর্যয়ে পড়ে বাংলাদেশ। শেষ উইকেটে জয়ের জন্য প্রয়োজন ছিল ২০ রান। ভরসা করার মতো ছিলেন কেবল সাইমুন বশির। ব্যাটসম্যানদের আসা-যাওয়ার মিছিলে সাইয়ুন লড়ে যাচ্ছিলেন। শেষ পর্যন্ত তার ব্যাটেই নাটকীয় জয় পায় বাংলাদেশ। সঙ্গী হারানোর পর ২৮তম ওভারে জেমসকে পরপর দুই বলে দুই চার হাঁকান তিনি। পরের ওভারে বয়েসকে একটি চারের পর বিশাল ছক্কা উড়ান। তাতেই সমীকরণ নেমে আসে ১ রানে। ২৮তম ওভারের চতুর্থ বলে ১ রান নিয়ে দলের ১ উইকেটের জয় নিশ্চিত করেন এই ব্যাটসম্যান। —ক্রীড়া ডেস্ক

নিউ আমেরিকান ওমেন্স ফোরামের মেলা



নিউইয়র্ক : 'মানব মুক্তির লক্ষ্যে, নারীমুক্তির পক্ষে' এই শ্লোগানে জ্যামাইকার পিএস-১৩১ প্রাঙ্গণে অনুষ্ঠিত হলো 'শ্রাবণ মেঘের মেলা'। বাংলাদেশী নারীদের মূলধারার সংগঠন নিউ আমেরিকান ওমেন্স ফোরাম। গত ১৯ জুলাই শনিবার এই মেলার আয়োজন করা হয়। ফিতা কেটে এবং রং বে রং-এর একগুচ্ছ বেলুন উড়িয়ে মেলার উদ্বোধন করেন মেলায় প্রধান অতিথি ঠিকানা গ্রুপের চেয়ারম্যান ও সাবেক সংসদ সদস্য এম এম শাহীন। এসময় বিশেষ অতিথি বিশিষ্ট ব্যবসায়ী ও সংস্কৃতিসেবী গোলাম ফারুক ভূইয়া সহ নিউইয়র্কের বিশিষ্ট ব্যক্তিবর্গ এবং যুক্তরাষ্ট্রের বিভিন্ন অঙ্গরাজ্য থেকে আসা অতিথি উপস্থিত ছিলেন। খবর ইউএনএ'র।

মেলার উদ্বোধনী বক্তব্যে এম এম শাহীন বলেন, আশির দশক থেকেই নিউইয়র্কে বাংলাদেশী কমিউনিটির সাংস্কৃতিক চর্চা শুরু। প্রবাসের বাংলা মিডিয়া আর সাংস্কৃতিক সংগঠনগুলো সহ সবার প্রচেষ্টায় দেশীয় সংস্কৃতি আজ সমৃদ্ধ হয়েছে। মেলা থেকে শুরু করে বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান প্রবাসে আজকের এই বাংলা সংস্কৃতির প্রসার আমাদের সেই প্রচেষ্টারই ফসল। তিনি বলেন, এখন প্রবাসের সবখানে আমরা বাংলা সংস্কৃতিকে খুঁজে পাই। তিনি এই ধারাবাহিকতা অব্যাহত এবং কার্যকর ভূমিকা রাখতে নতুন প্রজন্মকে সম্পৃক্ততার মাধ্যমে আরো এগিয়ে নেয়ার আহ্বান জানান এবং সুন্দর এই আয়োজনের জন্য আয়োজকদের ধন্যবাদ জানান।

গোলাম ফারুক ভূইয়া সবাইকে ঐক্যবদ্ধ হওয়ার ওপর গুরুত্বারোপ করে বলেন, প্রবাসে বাংলাদেশী কমিউনিটিকে আরো এগিয়ে নিতে ঐক্যের বিকল্প নেই।

উদ্বোধনী মঞ্চে উপস্থিত ছিলেন মূলধারার রাজনীতিক ও নিউ আমেরিকান ডেমোক্রেটিক ক্লাবের প্রতিষ্ঠাতা সভাপতি মোরশেদ আলম, প্রবীণ প্রবাসী নাসির আলী খান পল, সাপ্তাহিক ঠিকানা'র প্রধান সম্পাদক মুহম্মদ ফজলুর রহমান, সাপ্তাহিক পরিচয় সম্পাদক নাজমুল আহসান, সাপ্তাহিক প্রথম আলো'র সম্পাদক ইব্রাহিম চৌধুরী খোকন, ঢাকা বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন ইউএসএ'র সভাপতি সাঈদা আখতার লিলি, এডভোকেট মুজিবুর রহমান, জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির প্রতিষ্ঠাতা ও সভাপতি ফখরুল ইসলাম দেলোয়ার, নিউ আমেরিকান ওমেন্স ফোরামের প্রেসিডেন্ট এডভোকেট রুবাইয়া রহমান, নির্বাহী পরিচালক সালামা ফেরদৌস, মেলার আহবায়ক অধ্যাপিকা হুসনে আরা বেগম, সদস্য সচিব ডালিয়া চৌধুরী, যুগ্ম আহ্বায়ক সালেহ আলম, যুগ্ম সদস্য সচিব ফিরোজা সাঈদ, সমন্বয়কারী সাঈদা আক্তার লিলি ও রীনা সাহা, কমিউনিটি অ্যাক্টিভিস্ট অ্যাডভোকেট মুজিবুর রহমান প্রমুখ।



বক্তারা বলেন, প্রবাসের বাংলাদেশী নারীরাও এগিয়ে যাচ্ছে এবং মূলধারায় অবদার রাখার চেষ্টা করছে। এটা কমিউনিটির জন্য সুখবর। বক্তারা নারী সংগঠনের উদ্যোগে এমন মেলা আয়োজনের প্রশংসা করেন এবং ঐক্যবদ্ধভাবে কমিউনিটিকে আলো এগিয়ে নিয়ে সবার প্রতি আহ্বান জানান।

মেলায় ছিলো শাড়ি-কাপড়, গয়না'র বিভিন্ন স্টল। আরো ছিল খাবারের স্টলও। এসব স্টলে ক্রেতাদের উপস্থিতি ছিল চোখে পড়ার মত। মেলার বিশেষ আকর্ষণ ছিল সাংস্কৃতিক অনুষ্ঠান। এতে নতুন প্রজন্মের মিথান ড্যান্স একাডেমি, লাইসা ও ওসমিতার মনোমুগ্ধকর নৃত্য পরিবেশন করে উপস্থিত দর্শকদের মুগ্ধ করে। পুরো অনুষ্ঠান উপস্থাপনায় ছিলেন উৎপল চৌধুরী।

অনুষ্ঠানের শেষে পর্বে সঙ্গীত পরিবেশন করেন ঢাকা থেকে আগত জনপ্রিয় সঙ্গীত শিল্পী পারভেজ সাজ্জাদ। এছাড়াও সঙ্গীত পরিবেশন করেন প্রবাসের জনপ্রিয় শিল্পী কৃষ্ণা তিথি, ডা. সোহেল পারভেজ, সানজানা, অর্ণব ও উদীপ্ত চৌধুরী।

মেলার সার্বিক সহযোগিতায় ছিলেন- আহনাফ আলম, রাব্বি সৈয়দ, আনজাম সিদ্দিকী রাফি, অনুভা শাহীন, আইরিন রহমান, সেলিনা খানম, রেজওয়ানা বশির, শাহ ফারুক রহমান, মাসুদুর রহমান ও নুসরাত আলম।

ওজনপার্ক ও ব্রুকলিনের প্রাণকেন্দ্র সিটি লাইনে পপুলার ড্রাইভিং স্কুলের ২য় শাখার যাত্রা শুরু।
আমরা গত ৩০ বছর যাবৎ জ্যাকসন হাইটসে কজওয়ে এভিনিউর অফিস থেকে সাফল্যের সাথে সেবা দিয়ে আসছি।
অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)



আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট



- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test
- 5 Hours Class Certificate (Zoom Class)
- 6 Hours DDC Class
- Good For TLC, Insurance & Point Redaction.

(Operate by JH office)

Operate by JH office
বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ
২টি লেসন একত্রে
OPEN 7 DAYS
Please

৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্যশীল ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে ড্রাইভিং শিখুন। ইন্ডিভিজুয়াল এবং ডিসকাউন্ট ১ থেকে ২০ লেসনের প্যাকেজ ডীল। প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা।

Scan & Visit us!

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীরা কিভাবে ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন:
৯১৭-৩০১-২০৬৩

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈর্য্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট পরীক্ষার বই

Website. www.populardrivingschoolny.com

POPULAR DRIVING SCHOOL INC.

Jackson Heights Office
72-26 Roosevelt Ave, 2nd Fl,
Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)
718-426-9453

Brooklyn / Ozone Park Office
17-101 Avenue, Brooklyn, NY 11208
(Betw. Crow St & Forbell St. City Line)
718-235-6438

AUTHORIZED IRS e-file PROVIDER

মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৭ বছর উদযাপন করছে

Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- ❑ আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- ❑ আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- ❑ পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- ❑ পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- ❑ আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি

- ❑ সিটিজেনশীপ ❑ ফ্যামিলি পিটিশন ❑ NVC Case প্রসেসিং
- ❑ স্ট্যাটাস এডজাস্টমেন্ট ❑ এফিডেভিট অব সাপোর্ট
- ❑ এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- ❑ Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm

President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

২৫টি বোয়িং কেনা হচ্ছে, জানেই না বিমান!

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের কোম্পানি বোয়িংয়ের কাছ থেকে ২৫টি উড়োজাহাজ কিনতে ক্রয়াদেশ দেওয়ার কথা জানানো হয়েছে বাণিজ্য মন্ত্রণালয়ের পক্ষ থেকে। তবে যার জন্য কেনা হবে এসব উড়োজাহাজ, সেই বিমান বাংলাদেশ এয়ারলাইন্স বলছে, তারা কিছুই জানে না।

অথচ উড়োজাহাজ কেনার প্রস্তাব এয়ারলাইন্সের পক্ষ থেকেই আসার কথা। এ সংক্রান্ত চুক্তিও হওয়ার কথা বিমানের সঙ্গে বোয়িংয়ের।

এয়ারলাইন্সের প্রয়োজন বিবেচনায় না রেখে ওপর থেকে এরকম কেনাকাটা চাপিয়ে দেওয়াকে 'অদ্ভুত' বলছেন এভিয়েশন খাত সংশ্লিষ্টরা।

যুক্তরাষ্ট্রের আরোপ করা বড় অংকের শুল্ক কমানোর জন্য আলোচনার মধ্যে রোববার মার্কিন কোম্পানি বোয়িংয়ের কাছ থেকে ২৫টি উড়োজাহাজ কেনার ক্রয়াদেশ দেওয়ার কথা জানান বাণিজ্য সচিব মাহবুবুর রহমান।

এ পদক্ষেপের মূল উদ্দেশ্য হল যুক্তরাষ্ট্রের সঙ্গে বাংলাদেশের বাণিজ্য ঘাটতি কমিয়ে আনা, যাতে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প প্রশাসন বাড়তি ৩৫ শতাংশ শুল্কের বোঝা থেকে বাংলাদেশকে রেহাই দেয়।

রোববার সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে বাণিজ্য সচিব মাহবুবুর রহমান বলেন, "আমাদের ইমিডিয়েট কিছু এয়ারক্রাফট দরকার, আমাদের দুয়েক বছরের মধ্যে দরকার, হয়ত আমরা দুয়েক বছরের মধ্যে কিছু পাব। আমাদের বিমানের তো বহর বাড়াতে হবে। সেই পরিকল্পনা সরকারের বেশ আগে থেকেই ছিল।

"আমরা এ বছরে রেসিপ্রোকাল ট্যারিফ ইস্যুতে আবার নতুন করে এই আদেশগুলো দিয়েছি, আগে ১৪টা ছিল, পরে ২৫টা করেছি।"

সাংবাদিকদের প্রশ্নে জবাবে সচিব বলেন, "বোয়িংয়ের ব্যবসাটা কিন্তু যুক্তরাষ্ট্র সরকার করে না। বোয়িং কোম্পানি করে। আমরা ২৫টি বোয়িং কেনার জন্য অর্ডার দিয়েছি। এরকম অর্ডার ভারত দিয়েছে ১০০টা। ভিয়েতনাম দিয়েছে ১০০টা,



ইন্দোনেশিয়া দিয়েছে ৫০টা। এরকম বিভিন্ন দেশ দিয়েছে।"

অথচ এ বিষয়ে প্রশ্ন করলে বিমানের জনসংযোগ বিভাগের মহাব্যবস্থাপক এ বি এম রওশন কবীর বলেছেন, "আমরা এ বিষয়ে অবগত নই।"

বিমানের বহরের এখন ২১টি এয়ারক্রাফটের মধ্যে ১৬টি বোয়িং। এর মধ্যে ছয়টি বোয়িং ৭৮৭ ড্রিমলাইনার, চারটি বোয়িং ৭৭৭-৩০০ ইআর আর ছয়টি ন্যারোবডির বোয়িং ৭৩৭ উড়োজাহাজ রয়েছে। এর বাইরে বিমানের বহরে স্বল্পদরুত্বে রুটে চলাচল উপযোগী পাঁচটি ড্যাশ-৮০০ উড়োজাহাজ রয়েছে।

বিগত আওয়ামী লীগ সরকারের সময়ে ফ্রান্সের কোম্পানি এয়ারবাস থেকে ১০টি বড় উড়োজাহাজ কেনার প্রতিশ্রুতি দিয়েছিল বাংলাদেশ। তবে সরকার বদলের পর সে উদ্যোগে তেমন কোনো গতি দেখা যায়নি। আগের সিদ্ধান্ত পাল্টে বাংলাদেশ যে ফের বোয়িং কেনার ক্রয়াদেশ দিয়ে ফেলেছে, সেকথা বাণিজ্য সচিবই প্রথম জানালেন।

কীভাবে কেনা হয় উড়োজাহাজ

এভিয়েশন খাত সংশ্লিষ্টরা বলছেন, এয়ারলাইন্সের প্রস্তাব ছাড়া এভাবে কেউ উড়োজাহাজ কেনে না। কমার্শিয়াল এয়ারলাইন্সের ক্ষেত্রে এটা কখনোই সম্ভব না।

বিমান পরিচালনা পর্ষদের সাবেক সদস্য কাজী ওয়াহেদুল আলম বলছেন, "এটা আদৌ বিমানের জন্য প্রয়োজন আছে কী না সেটা তো বিমানকে বলতে হবে। আল্টিমেটলি এটাতো বিমানকে চালাতে হবে। এটার অর্থনৈতিক দায়-দায়িত্বও তো বিমানের। বিমানকে ইনভলভ করলে বাঞ্ছনীয় হত।"

২০০৮ সালে তত্ত্বাবধায়ক সরকারের সময় যখন বিমানের জন্য বোয়িংয়ের কাছ থেকে ১০টি উড়োজাহাজ অর্ডার করা হয়, তখন বিমানের পর্ষদের সদস্য ছিলেন কাজী ওয়াহেদুল আলম। এই উড়োজাহাজগুলোই বিগত আওয়ামী লীগ সরকারের সময় পর্যায়ক্রমে সরবরাহ করে বোয়িং।

সেই অভিজ্ঞতা থেকে কাজী ওয়াহেদুল আলম যেকোনো এয়ারলাইন্সের জন্য উড়োজাহাজ কেনার সাধারণ প্রক্রিয়ার বিষয়ে বলেছেন, "প্রত্যেকটা এয়ারলাইনের ফ্লিট প্ল্যানিং কমিটি থাকে। এই কমিটি নিজেরা পর্যালোচনা করে তাদের কোন রুটের জন্য দরকার, কোন সাইজের বা কোন ধরনের উড়োজাহাজ দরকার, কোন প্রাইস হওয়া উচিৎ ইত্যাদি বিষয় ধরে এই কমিটি পুরো বিষয়টা পর্যালোচনা করে।

নিউইয়র্কে যাত্রা শুরু করলো 'দ্য বাংলাদেশী-আমেরিকান মিডিয়া ফাউন্ডেশন, ইনক'

নিউইয়র্ক: যুক্তরাষ্ট্র জুড়ে কর্মরত বাংলাদেশী বংশোদ্ভূত সাংবাদিক, লেখক ও মিডিয়া পেশাজীবীদের একটি ঐতিহাসিক উদ্যোগে নিউইয়র্কে আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করলো দ্য বাংলাদেশী-আমেরিকান মিডিয়া ফাউন্ডেশন, ইনক. নামের একটি অলাভজনক সংস্থা। নতুন ভাবে নিবন্ধিত এই সংস্থাটির মূল লক্ষ্য হলো যুক্তরাষ্ট্র জুড়ে ছড়িয়ে থাকা বাংলাদেশী সাংবাদিকদের এক ছাতার নিচে আনা, পেশাগত যোগাযোগ ও সহযোগিতা জোরদার করা এবং গণমাধ্যম জগতের কল্যাণে কাজ করা। "এই সংগঠন কেবল সাংবাদিকদের জন্য নয়, এটি পুরো প্রবাসী বাংলাদেশী কমিউনিটির জন্য একটি দরজা খুলে দিচ্ছে'- বলেছেন এক প্রতিষ্ঠাতা সদস্য। তিনি বলেন, "আমরা এমন একটি জায়গা গড়ে তুলতে চাই যেখানে আমাদের সাংবাদিক, লেখক ও কনটেন্ট নির্মাতা একে অপরকে সহযোগিতা করতে পারবেন এবং আমেরিকার মূলধারার পাশাপাশি প্রবাসী সমাজেও আমাদের কণ্ঠস্বর জোরালো ভাবে তুলে ধরতে পারবেন।"

সংস্থাটির উপদেষ্টা ও পরিচালকবৃন্দ হলেন- যথাক্রমে সরকার কবীর উদ্দিন, রোকেয়া হায়দার, মনজুর আহমদ, কাজী শামসুল হক, কাজী মন্টু, নিহার সিদ্দিকী, আবিদ রহমান, মুহাম্মদ আনিসুল কবির জাসির, আকবর হায়দার কিরন, ফকির সেলিম, শাহাদাত সবুজ ও আবু নছর। সংস্থাটির মূল উদ্দেশ্যগুলো হলো:

পেশাগত ঐক্য ও নেটওয়ার্ক গঠন: বাংলাদেশী-আমেরিকান সাংবাদিক ও লেখকদের মধ্যে পারস্পরিক যোগাযোগ, সহযোগিতা ও মেন্টরশিপের সুযোগ তৈরি করা।

সুরক্ষা ও অধিকার রক্ষা: বিশেষ করে কমিউনিটি মিডিয়ায় কাজ করা সাংবাদিকদের জন্য আইনি সহায়তা, প্রেস স্বাধীনতার পক্ষে সোচ্চার এবং প্রতিষ্ঠানের পক্ষ থেকে প্রতিনিধিত্ব নিশ্চিত করা।

সেমিনার ও মতবিনিময় সভা: সাংবাদিক, জনসাধারণ এবং বাংলাদেশ থেকে আগত অতিথিদের মাঝে সেতুবন্ধন গড়ে তোলার জন্য ফোরাম, সংবর্ধনা ও আলোচনার আয়োজন।

কমিউনিটির জন্য তথ্য ও সেবা: প্রবাসী বাংলাদেশী কমিউনিটি নির্ভরযোগ্য ও সময়োপযোগী তথ্য প্রদান, যাতে কমিউনিটি সাংবাদিকদের সক্রিয় ও দৃশ্যমান রাখা যায়।

প্রেস কার্ড ও প্রাতিষ্ঠানিক স্বীকৃতি: সাংবাদিকদের প্রেস অ্যাক্রিডিটেশন, সরকারী নীতিমালা মেনে চলা ও যুক্তরাষ্ট্রের সংশ্লিষ্ট দপ্তরগুলোর সঙ্গে সংযোগ স্থাপনে সহায়তা।

সম্মাননা, কনফারেন্স ও প্রশিক্ষণ: পুরস্কার প্রদান, জাতীয় কনফারেন্স এবং স্কিল ওয়ার্কশপ আয়োজনের মাধ্যমে পেশাগত উৎকর্ষ স্বীকৃতি ও উৎসাহ প্রদান।

সহযোগিতা ও মানবিক সহায়তা: প্রবাসে নতুন আগত বা সমস্যায় থাকা সাংবাদিকদের জন্য ইমিগ্রেশন পরামর্শ, আবাসন সংযোগ ও আইনি সহায়তা প্রদান।

নাগরিক ও রাজনৈতিক সম্পৃক্ততা: বাংলাদেশী-আমেরিকান সাংবাদিকদের স্থানীয় নেতা, নির্বাচিত প্রতিনিধি ও বাংলাদেশী অতিথিদের সঙ্গে সম্পৃক্ত করে নাগরিক সচেতনতা বৃদ্ধি ও অংশীদারিত্ব গড়ে তোলা।

তরুণ প্রজন্মের অনুপ্রেরণা: যুক্তরাষ্ট্রে জন্ম নেয়া তরুণদের সাংবাদিকতা ও মূলধারার মিডিয়ায় আগ্রহী করে তুলতে মেন্টরশিপ, ইন্টার্নশিপ ও সৃজনশীল প্রকল্পে যুক্ত করা।

সাংস্কৃতিক দান ও ঐতিহ্য সংরক্ষণ: বাংলাদেশী সংস্কৃতি, ভাষা ও ঐতিহ্যকে তুলে ধরতে চ্যারিটি ইভেন্ট, ফান্ড রেইজিং ও সাংস্কৃতিক আয়োজন।

আন্ত-সাংস্কৃতিক সংলাপ: অন্যান্য জাতিগোষ্ঠীর সঙ্গে সামাজিক ও সাংস্কৃতিক বিনিময় এবং আন্ত-সাম্প্রদায়িক বোঝাপড়া ও সম্প্রীতি গড়ে তোলা।

নিউইয়র্কে জুলাই গণ অভ্যুত্থানের বর্ষপূর্তি উদযাপন

১০-এর পৃষ্ঠায় পর সামাজিক উন্নয়নে যুক্তরাষ্ট্রে বাসবাসরত প্রবাসী ভাই-বোনদের অবদানের জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন।

কনসাল জেনারেল মোহাম্মদ মোজাম্মেল হক তাঁর স্বাগত বক্তব্যে জুলাই অভ্যুত্থানে প্রবাসী ছাত্র-জনতার ভূমিকা গভীর কৃতজ্ঞতায় স্মরণ করেন এবং প্রধান উপদেষ্টার নেতৃত্বে অন্তবর্তীকালীন সরকার যে সংস্কার কর্মসূচী গ্রহন করেছেন তা বাস্তবায়নে তিনি প্রবাসীদের ঐকান্তিক সহযোগিতা কামনা করেন। সভায় আগত অতিথিদের ঐতিহ্যবাহী দেশীয় খাবারে আপ্যায়নের মধ্য দিয়ে অনুষ্ঠানের পরিসমাপ্তি ঘটে।

এদিকে আমাদের বিশেষ প্রতিনিধি জানান, অনুষ্ঠানে প্রবাসে বসবাসকারী বীর মুক্তিযোদ্ধা, সর্বস্তরের বিশিষ্ট ব্যক্তিবর্গ ও কমিউনিটি নেতৃবৃন্দ এবং বাংলাদেশী শিক্ষার্থীরা উপস্থিত থাকলে অন্য কাউকে বক্তব্য রাখার সুযোগ না দেওয়ায় উপস্থিতিদের মাঝে মিশ্র প্রতিক্রিয়া লক্ষ্য করা যায়।











নিউইয়র্ক সিটির

প্রথম পৃষ্ঠার পর
সিটিতে।"

এর আগে ফেব্রুয়ারিতে ইলিনয় ও শিকাগো এবং জুনে লস অ্যাঞ্জেলেসের বিরুদ্ধেও একই ধরনের মামলা করেছিল ট্রাম্প প্রশাসন।দেশের সবচেয়ে বড় স্যাংচুয়ারি সিটির বিরুদ্ধে এ পদক্ষেপকে অভিবাসন বিরোধী অভিযান জোরদারের অংশ হিসেবে দেখা হচ্ছে।

এ মামলার মধ্য দিয়ে ট্রাম্প প্রশাসনের পক্ষ থেকে স্যাংচুয়ারি সিটিগুলোর বিরুদ্ধে রাজনৈতিক ও আইনি চাপ আরো স্পষ্ট হলো,

এদিকে মেয়র অ্যাডমসের সাথে ট্রাম্প প্রশাসনের যে ঐক্যের সম্পর্ক ছিলো এ মামলায় প্রেসিডেন্ট ট্রাম্প ও মেয়র অ্যাডামসের সেই সম্পর্কের টানাপোড়েন প্রকাশ্যে এলো।

আদালতে ৩৭ পৃষ্ঠার এ মামলায় অভিযোগ তোলা হয়েছে, নিউইয়র্ক সিটির নীতিমালাগুলো সংবিধানের 'সুপ্রিমেসি ক্লজ' লঙ্ঘন করছে। প্রশাসনের ভাষায়, এই ধারাই কেন্দ্রীয় সরকারকে অভিবাসন নীতি নির্ধারণে "প্রতিষ্ঠিত, অগ্রাধিকারপ্রাপ্ত ও চূড়ান্ত কর্তৃত্ব" প্রদান করে।

ট্রাম্প-অ্যাডামস অংশীদারিত্বের জেরেই অ্যাডামসের বিরুদ্ধে চলা ফেডারেল দুর্নীতির মামলা প্রত্যাহার করেছিল বিচার বিভাগ। বিনিময়ে নিউইয়র্কে ট্রাম্পের অভিবাসন এজেন্ডা বাস্তবায়নে সহায়তা দিতে সম্মত হয়েছিলেন অ্যাডামস। তবে, মেয়র হয়েও তিনি এখনও আইস এজেন্টদের রাইকার্স আইল্যান্ড শহরের সবচেয়ে বড় কারাগার কমপ্লেক্সে প্রবেশাধিকার ফিরিয়ে দিতে পারেননি।

নিউইয়র্কে জুলাই গণ অভ্যুত্থানের বর্ষপূর্তি উদযাপন



শেষ পৃষ্ঠায় পর এর যৌথ উদ্যোগে জুলাই গণঅভ্যুত্থান দিবসের প্রথম বার্ষিকী শুক্রবার (২৫ জুলাই) উদযাপিত হয়। অনুষ্ঠানে বীর মুক্তিযোদ্ধা, বিশিষ্ট ব্যক্তিবর্গ, রাজনৈতিক, সামাজিক, ব্যবসায়িক, সাংস্কৃতিক ও মিডিয়া ব্যক্তিত্ব, বাংলাদেশী শিক্ষার্থী ও কমিউনিটি সদস্যসহ বিপুল সংখ্যক অতিথি উপস্থিত ছিলেন। অন্তবর্তী সরকারের প্রধান উপদেষ্টার অর্থ বিষয়ক বিশেষ সহকারী ড. আনিসুজ্জামান চৌধুরী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

২০২৪ এর জুলাই অভ্যুত্থানে শহীদ এবং সম্প্রতি বাংলাদেশে মাইলস্টোন কলেজে বিমানবাহিনীর প্রশিক্ষণ বিমান বিধ্বস্তের শোকাবহ ঘটনায় নিহতদের স্মরণে এক মিনিট নীরবতা পালনের মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু হয়। এরপর জুলাই অভ্যুত্থানের উপর নির্মিত তথ্যচিত্র প্রদর্শন করা হয়।

অনুষ্ঠানে ড. আনিসুজ্জামান চৌধুরী জুলাই অভ্যুত্থানে শহীদের শ্রদ্ধার সাথে স্মরণ করে তাদের আত্মার শান্তি কামনা করেন এবং মাইলস্টোন স্কুল এন্ড কলেজ প্রাঙ্গনে বিমান বিধ্বস্ত হয়ে অসংখ্য প্রাণহানী ও আহতের ঘটনায় শোক প্রকাশ করেন। ২০২৪ পরবর্তী বদলে যাওয়া বাংলাদেশ সংস্কার ও সুশাসন প্রতিষ্ঠার মাধ্যমে একটি শক্তিশালী অর্থনীতির গণতান্ত্রিক দেশে রূপান্তরের প্রক্রিয়ায় সক্রিয় রয়েছে বলে তিনি মন্তব্য করেন। বাংলাদেশের ক্রম-বর্ধমান অর্থনীতি, দ্রুত বিকাশমান শিল্প ও সেবাখাত, তরুণ জনগোষ্ঠী, পরিশ্রমী এবং মেধাবী শ্রমের সহজলভ্যতা, দ্রুত-প্রসারমান প্রযুক্তি-সামর্থ্যসহ প্রাসঙ্গিক বিষয়গুলো উল্লেখ করে তিনি অর্থনীতির চাকা সচল রাখার নিমিত্ত যুক্তরাষ্ট্রে বসবাসকারী রেমিট্যান্স যোদ্ধাদের কৃতজ্ঞচিত্তে স্মরণ করেন। তিনি নাগরিক সমাজকে বাংলাদেশ প্রশ্নে ঐক্যবদ্ধ থাকার উদাত্ত আহবান জানান।

রাষ্ট্রদূত সালাহউদ্দিন নোমান চৌধুরী তাঁর বক্তব্যের শুরুতে জুলাই অভ্যুত্থানে শহীদের স্মরণের পাশাপাশি অভ্যুত্থানে আহতদের আশু সুস্থ্যতা কামনা করেন এবং মাইলস্টোন স্কুল এন্ড কলেজ প্রাঙ্গনে বিমান বিধ্বস্ত হয়ে অসংখ্য প্রাণহানি ও আহতের ঘটনায় তিনি শোক প্রকাশ করেন। তিনি তাঁর বক্তব্যে জুলাই গণঅভ্যুত্থানে প্রবাসী বাংলাদেশী ছাত্র-জনতার অবিস্মরণীয় ত্যাগের পাশাপাশি বাংলাদেশের আর্থ- *৯-এর পৃষ্ঠায় দেখুন*

জাতিসংঘে বাংলাদেশের ‘শান্তির সংস্কৃতি’ সংক্রান্ত ঐতিহাসিক প্রস্তাব গৃহীত

বিশেষ প্রতিনিধিঃ জাতিসংঘের সাধারণ পরিষদে বাংলাদেশের বার্ষিক প্রস্তাব ‘ফলোআপ টু দ্য ডিক্লারেশন এন্ড প্রোগ্রাম অব একশন অন আ কালচার অব পিস’ শীর্ষক শান্তির সংস্কৃতির বিষয়ে বাংলাদেশের বার্ষিক প্রস্তাব বিপুল সংখ্যক সদস্য রাষ্ট্রের আন্তঃআঞ্চলিক সমর্থনে গৃহীত হয়েছে। গত ২৬ জুলাই (শনিবার) এ সংক্রান্ত এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, মূলত ১৯৯৯ সালে বাংলাদেশের উদ্যোগে গৃহীত প্রস্তাবটি বৈচিত্র্য বা বিভিন্নতা, সহনশীলতা, সংহতি এবং অহিংসার প্রতি শ্রদ্ধার মতো মূল্যবোধগুলোকে ব্যাপকভাবে উৎসাহিত করে।

প্রস্তাবটি শিক্ষা, সংলাপ এবং পারস্পরিক সহযোগিতার মাধ্যমে শান্তি প্রচারে দেশগুলোকে একটি কাঠামোও প্রদান করে। গত ২৪ জুলাই বৃহস্পতিবার নিউইয়র্কে অনুষ্ঠিত অধিবেশনে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি প্রস্তাবটি উপস্থাপন করেন এবং বিশেষ করে ক্রমবর্ধমান বৈশ্বিক চ্যালেঞ্জ ও জাতিগুলোর মাঝে সহমর্মিতার অভাবের প্রেক্ষাপটে, প্রতিদিনের জীবনে শান্তির সংস্কৃতি লালনের গুরুত্বের ওপর জোর দেন। সমগ্র অঞ্চল থেকে ৯৬টি সদস্য রাষ্ট্র প্রস্তাবটির সহ-পৃষ্ঠপোষকতা প্রদান করে।

শিগগীরই নির্বাচনের ঘোষণা দিবেন প্রধান উপদেষ্টা



শেষ পৃষ্ঠায় পর ও জোটের সঙ্গে বৈঠকে তিনি তা জানিয়েছেন।

বৈঠক থেকে বেরিয়ে জাতীয় পার্টির (জাফর) চেয়ারম্যান মোস্তফা জামাল হায়দার সাংবাদিকদের বলেন, ‘প্রধান উপদেষ্টা সুস্পষ্টভাবে বলেছেন তিনি আগামী চার-পাঁচ দিনের মধ্যে নির্বাচনের সময়সীমা, তারিখ ঘোষণা করবেন। আলোচনার সবচেয়ে ফলপ্রসূ বিষয় হচ্ছে এটি। দেশে যে অরাজকতা, এর একমাত্র সমাধান নির্বাচন– তা সরকার বুঝতে পেরেছে।’

বৈঠকে অংশ নেওয়া দলগুলোর মধ্যে অন্তত তিনটি দলের প্রতিনিধি বলেছেন, সরকারপ্রধান চার-পাঁচ দিনের মধ্যে নির্বাচনের সময় ঘোষণা করবেন। দুটি দল বলেছে, ড. ইউনূস তিন-চার দিনের মধ্যে ঘোষণা দেবেন। আরেকটি দল বলেছে, ৫ আগস্টের আগেই ঘোষণা দেবে সরকার।

যদিও প্রধান উপদেষ্টার কার্যালয় এবং প্রেস উইং এসব বক্তব্যকে গ্রহণ বা প্রত্যাখ্যান করেনি। তারা সমকালকে বলেছে, সরকারপ্রধান ‘কয়েক দিনের কথা’ বলেছেন। এই বৈঠক নিয়ে প্রেস উইংয়ের সংবাদ বিজ্ঞপ্তিতেও এ-সংক্রান্ত বক্তব্য নেই।

এনডিএম চেয়ারম্যান ববি হাজ্জাজ বলেছেন, অস্থিরতা নিরসনে নির্বাচন প্রয়োজন প্রায় সব দল এ বক্তব্য দেওয়ার পর ভোটের সুনির্দিষ্ট তারিখ ঘোষণা করতে প্রধান উপদেষ্টাকে অনুরোধ করা হয় বৈঠকে। তখন প্রধান উপদেষ্টা বলেন, ‘নির্বাচনের রোডম্যাপ হয়ে গেছে। কয়েক দিনের মধ্যে নির্দিষ্ট সময়ও ঘোষণা করা হবে।’ তখন তাঁর কাছে জানতে চাওয়া হয়, এ বক্তব্য সংবাদমাধ্যমে প্রকাশ করা যাবে কিনা। তখন ড. ইউনূস বলেন, ‘বলতে পারেন।’

ববি হাজ্জাজের দাবি, বৈঠকের পর প্রেস উইংয়ের সঙ্গে আলোচনায় তিনি ধারণা পেয়েছেন, প্রধান উপদেষ্টা কয়েক দিন বলতে বুঝিয়েছেন ৫ আগস্টের মধ্যে ভোটের তারিখ ঘোষণা করবেন। এ বিষয়ে জানতে প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলমের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি মন্তব্য করতে রাজি হননি।

বৈঠকে উপস্থিত প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মনির হায়দার বলেছেন, গোপালগঞ্জের সহিংসতা, মাইলস্টোন স্কুলে বিমান বিধ্বস্তের পর উদ্ভূত পরিস্থিতি এবং সচিবালয়ের ঘটনা নিয়ে আলোচনা হয়েছে। প্রধান উপদেষ্টা এক পর্যায়ে বলেন, কয়েক দিনের মধ্যে নির্বাচনের সময় জানাবেন।

গত মঙ্গলবার বিএনপি, জামায়াতে ইসলামী, ইসলামী আন্দোলন ও এনসিপির সঙ্গে বৈঠক করেন ড. ইউনূস। পরের দিন বৈঠক করেন আরও ১৩টি দলের সঙ্গে। আগের দুদিনের মতো গতকালের বৈঠকেও ফ্যাসিবাদবিরোধী ঐক্য জোরদার করে সম্মিলিতভাবে অস্থিতিশীলতা মোকাবিলার আহ্বান জানান অধ্যাপক ইউনূস।

বৈঠক সূত্র জানায়, প্রধান উপদেষ্টা বলেছেন, গোয়েন্দা সংস্থাগুলোর তথ্যে ঘাটতি রয়েছে। পুলিশ এবং প্রশাসনও পুরোপুরি সক্রিয় করা যায়নি। পরাজিত শক্তির অপকর্ম মোকাবিলায় রাজনৈতিক দলগুলোর ঐক্যবদ্ধ সহায়তা প্রয়োজন।

যখনই নির্বাচনের প্রস্তুতি, তখনই ষড়যন্ত্র

প্রেস উইংয়ের সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, নির্বাচন ভন্ডুলের অপচেষ্টাকে রুখে দিতে সবাইকে ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানিয়েছেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। তিনি বলেছেন, পতিত শক্তি গন্ডগোল লাগিয়ে নির্বাচনের আয়োজনকে ভন্ডুল করার চেষ্টা করছে। এই অপচেষ্টাকে প্রতিহত করতে ফ্যাসিবাদবিরোধী সব শক্তিকে ঐক্যবদ্ধ থাকতে হবে।

অধ্যাপক ইউনূস বলেন, অভ্যুত্থানের সব শক্তি মিলে একটি সুন্দর নির্বাচন করতে না পারলে মস্ত বড় সুযোগ হাতছাড়া হয়ে যাবে। পরাজিত শক্তি যখনই সুযোগ পাচ্ছে, তখনই নানা রকম গন্ডগোল সৃষ্টি করছে। এসব করে তারা দেশের স্বাভাবিক অগ্রযাত্রাকে মারাত্মকভাবে ব্যাহত করছে। যখনই নির্বাচনের প্রস্তুতি নিয়ে অগ্রসর হচ্ছি, তখনই নানা ষড়যন্ত্র সামনে আসছে। কিন্তু বাস্তবতা হচ্ছে, কোনো ষড়যন্ত্র করেই গণতান্ত্রিক অগ্রযাত্রাকে বাধাগ্রস্ত করা যাবে না। কারণ, ফ্যাসিবাদ প্রশ্নে সব গণতান্ত্রিক শক্তির ঐক্য স্পষ্ট।

নেতারা যা বললেন

বৈঠকের বর্ণনা দিয়ে মোস্তফা জামাল হায়দার বলেন, প্রধান উপদেষ্টা বলেছেন, পতিত ফ্যাসিস্টরা মাথাচাড়া দিয়ে নির্বাচন ভন্ডুলের ষড়যন্ত্র করছে। তখন রাজনৈতিক নেতারা বলেন, নির্বাচনের দিকে গেলে ষড়যন্ত্রে কাজ হবে না। এমন বক্তব্যে প্রধান উপদেষ্টা চার-পাঁচ দিনের মধ্যে নির্বাচনের তারিখ ঘোষণা করার কথা বলেন।

ভাসানী অনুসারী পরিষদের চেয়ারম্যান শেখ রফিকুল ইসলাম বাবলু বলেন, প্রধান উপদেষ্টা আগামী তিন-চার দিনের মধ্যে নির্বাচনের তারিখ ঘোষণার কথা বলেছেন।

লেবার পার্টির চেয়ারম্যান মোস্তাফিজুর রহমান ইরান বলেন, প্রধান উপদেষ্টা তিন-চার দিনের কথা বলেছেন। তবে মোস্তফা জামাল সংবাদ সম্মেলনে সরকারপ্রধানের বরাতে সাংবাদিকদের চার-পাঁচ দিনের কথা বলেছেন।

বাসদ (মার্কসবাদী) সমন্বয়ক মাসুদ রানা বলেন, প্রধান উপদেষ্টাই বলেছেন, ‘নির্বাচন নিয়ে নানা কথা চলছে। চার-পাঁচ দিনের মধ্যেই সংবাদ সম্মেলন করে নির্বাচনের সুনির্দিষ্ট তারিখ জানাব।’

মোস্তাফিজুর রহমান সাংবাদিকদের বলেন, প্রধান উপদেষ্টাকে বলেছি, আইনশৃঙ্খলা রক্ষায় সরকার চরমভাবে ব্যর্থ। প্রধান সমস্যা আইনশৃঙ্খলার অবনতি। আর কোনো অভিযান চালালে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসবে?

জাতীয় গণফ্রন্টের আমিনুল হক টিপু বিশ্বাস বলেন, আগামী ফেব্রুয়ারির মধ্যে নির্বাচন দিতে বলেছি প্রধান উপদেষ্টাকে।

এনপিপির চেয়ারম্যান ফরিদুজ্জামান বলেন, প্রধান উপদেষ্টাকে অবিলম্বে নির্বাচনের তারিখ ঘোষণা করতে বলা হয়েছে বৈঠকে। নির্বাচিত সরকার থাকলে সন্ত্রাস কমবে।

বৈঠকের শুরুতে বিমান দুর্ঘটনার ঘটনায় নিহতদের স্মরণে এক মিনিট নীরবতা পালন ও মোনাজাত অনুষ্ঠিত হয়। বৈঠকে ছিলেন জাতীয় ঐকমত্য কমিশনের সহসভাপতি অধ্যাপক আলী রীয়াজ, নেজামে ইসলাম পার্টির মাওলানা আব্দুল মাজেদ আতহারী, খেলাফত মজলিসের মাওলানা ইউসুফ আশরাফ, ন্যশনাল পিপলস পার্টির ফরিদুজ্জামান ফরহাদ, বাংলাদেশ জাসদের ড. মুশতাক হোসেন, ইসলামী ঐক্যজোটের মুফতি সাখাওয়াত হোসাইন রাজি, জমিয়তে উলামায়ে ইসলামের মঞ্জুরুল ইসলাম আফেন্দী।

প্রধান উপদেষ্টার সঙ্গে হেফাজতের সাক্ষাত

শনিবার রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে সাক্ষাত করেছেন হেফাজতে ইসলামের নেতারা। তাঁরা শাপলা হত্যাকাণ্ডে ক্ষতিগ্রস্তদের জন্য প্রয়োজনীয় ক্ষতিপূরণের ব্যবস্থা এবং এই ঘটানা যাবতীয় তথ্য উপাত্ত সংগ্রহ ও সংরক্ষণের বিষয়ে আলোচনা করেন।

২০১৩ সালের ৫ মে রাজধানীর মতিঝিলে হেফাজতের সমাবেশে হামলার বিষয়ে জাতিসংঘের মাধ্যমে অনুসন্ধানের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়েও আলোচনা হয় বৈঠক হয় বলে প্রধান উপদেষ্টার প্রেস উইং জানিয়েছে।

এছাড়াও ফ্যাসিবাদ শাসনামলে হেফাজতের নেতাকর্মী ও আলেম উলামাদের বিরুদ্ধে দায়েরকৃত মিথ্যা মামলা প্রত্যাহারের অগ্রগতি নিয়ে কথা হয়।

বৈঠকে মাওলানা খুলিল আহমেদ কুরাইশী, হেফাজত মহাসচিব মাওলানা সাজেদুর রহমান, নায়েবে আমির মুফতি জসিম উদ্দিন, মাওলানা মাহফুজুল হক, মাওলানা মহিউদ্দীন রব্বানী, যুগ্ম মহাসচিব মাওলানা মামুনুল হক, মাওলানা আহমদ আলী কাসেমী, মুফতি মনির হোসাইন কাসেমী, মাও. আজিজুল হক ইসলামাবাদী, মুফতি বশির উল্লাহ এবং মুফতি কেফয়তুল্লাহ আজহারী উপস্থিত ছিলেন।

এছাড়াও ছিলেন ধর্ম উপদেষ্টা ড. আ ফ ম খালিদ হোসেন, জ্বালানি উপদেষ্টা মুহাম্মদ ফাওজুল কবির খান এবং শিল্প উপদেষ্টা আদিলুর রহমান খান।

চুরাশিয়ানদের টরন্টো মিলনমেলায় স্মৃতির আকাশে হৃদয়ের ঘুড়ি

ডেস্ক রিপোর্ট: উত্তর আমেরিকার চুরাশিয়ানদের বহুল প্রতীক্ষিত এবং হৃদয়ছোঁয়া তৃতীয় পুনর্মিলনী ১৯ জুলাই শনিবার অনুষ্ঠিত হলো টরন্টোর এজাক্সের অডলি রিক্রিয়েশন সেন্টারে। বিশ্বের নানা প্রান্ত বাংলাদেশ, যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, সিঙ্গাপুর, জাম্বিয়া সহ বিভিন্ন দেশ থেকে আগত প্রায় ৭০ জন চুরাশিয়ান এবং তাঁদের পরিবারের সদস্যসহ দেড় শতাধিক অংশগ্রহণকারীর পদচারণায় উৎসবস্থলটি পরিণত হয়েছিল এক আবেগঘন, আনন্দময় ও বর্ণাঢ্য মিলনমেলায়।

পুনর্মিলনী কমিটির আহ্বায়ক ইমাম উদ্দিনের প্রাণবন্ত স্বাগত বক্তব্যের মধ্য দিয়ে অনুষ্ঠানের শুভসূচনা হয়। স্বাগত বক্তব্যে তিনি বলেন, "এই মিলনমেলা শুধু একদিনের আয়োজন নয়– এটি আমাদের ভালোবাসার বন্ধন, শিকড়ের টান এবং একে অপরকে ধরে রাখার অঙ্গীকারের প্রতীক।"

তৌহিদা চৌধুরী ও আলমগীর ককিরের সঞ্চালনায় বিকেল ছয়টা থেকে রাত এগারোটা পর্যন্ত টানা আনন্দ-আয়োজনের মধ্যে ছিল পরিচিতি পর্ব, নৈশভোজ, কবিতা আবৃত্তি, নাটিকা, সংগীতানুষ্ঠানসহ নানা সাংস্কৃতিক পরিবেশনা। চুরাশিয়ান শিল্পীরা– শিখা রউফ, অমিত রায়, সরোয়ারা হাবিব, রুপতনু, ইলোরা বড়ুয়া, সুজাত বড়ুয়া এবং জাকিরের মনমুগ্ধকর গানে মুখরিত হয়ে ওঠে মিলনমেলা।



চুরাশিয়ান খোন্দকার ইসমাইলের রসবোধসম্পন্ন কথাবার্তায় হাসির রোল উঠে যায় উপস্থিত দর্শকদের মাঝে, আর ফোয়াজ খান রিয়াজের গানে নেচে উঠেছিলেন অনেকে। আবৃত্তিকার মাহফুজ শিপু, শামস চৌধুরী রুশো এবং বন্নার কণ্ঠে কবিতার সুর যেন ছুঁয়ে যায় হৃদয়। মিজান ও সমীরের হাস্যরসে ভরা নাটিকা ছিল বিশেষ আকর্ষণ। চুরাশিয়ান সন্তান অপূর্ব, নির্ঝর ও আর্জোর পরিবেশনায় ভবিষ্যতের শিল্পীমানস স্পষ্ট হয়ে ওঠে।

অনুষ্ঠানে প্রকাশিত হয়েছে বহু প্রতীক্ষিত স্মারক সংকলন "বন্ধন চুরাশি", যাতে স্থান পেয়েছে চুরাশিয়ানদের স্কুল জীবনের দুর্লভ ছবি, স্মৃতিচারণ, প্রবাসজীবনের অভিজ্ঞতা এবং বহু অজানা গল্প– যা মিলনমেলাকে করেছে আরও তাৎপর্যপূর্ণ।

উল্লেখ্য, উত্তর আমেরিকান চুরাশিয়ান ফোরাম মূলত ১৯৮৪ সালে মাধ্যমিক পাশ করা বন্ধুদের নিয়ে গঠিত একটি সক্রিয় ও সংবেদনশীল সম্প্রদায়, যাঁরা এখন উত্তর আমেরিকার বিভিন্ন শহরে বসবাস করলেও হৃদয়ে লালন করেন স্কুল জীবনের অটুট বন্ধুত্বের স্মৃতি।

২০২৫ সালের এই তৃতীয় পুনর্মিলনীটি ছিল এক ঐতিহাসিক মুহূর্ত, কারণ এই প্রথমবারের মতো অনুষ্ঠানটি কানাডার মাটিতে অনুষ্ঠিত হলো। পূর্ববর্তী দুই পুনর্মিলনী অনুষ্ঠিত হয়েছিল যথাক্রমে ২০২৩ সালে বাফেলোতে এবং ২০২৪ সালে টেক্সাসে। পরবর্তী পুনর্মিলনী ২০২৬ সালে নিউইয়র্কে অনুষ্ঠিত হওয়ার ঘোষণা দিয়ে অনুষ্ঠানের পর্দা নামে, তবে রয়ে যায় হৃদয়ে গাঁথা অসংখ্য স্মৃতি। প্রেস বিজ্ঞপ্তি



উড্ডয়নের আগ মুহূর্তে বোয়িংয়ের বিমানে আগুন

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের ডেনভার বিমানবন্দরে আমেরিকান এয়ারলাইন্সের একটি ফ্লাইট উড্ডয়নের আগ মুহূর্তে আগুন লাগার ঘটনা ঘটেছে। স্থানীয় সময় শনিবার দুপুরে এ ঘটনা ঘটে বলে জানিয়েছে সিএনএন ও সিবিসি নিউজ।

ফেডারেল এভিয়েশন কর্তৃপক্ষের বরাত দিয়ে সিএনএন জানায়, ল্যান্ডিং গিয়ার সংক্রান্ত সমস্যার কারণে যাত্রীদের উড়োজাহাজ থেকে নেমে যেতে বলেন কর্মকর্তারা। ডেনভার ফায়ার ডিপার্টমেন্ট জানায়, বোয়িং ৭৩৭ ম্যাক্স ৮ মডেলের ওই বিমানে থাকা ১৭৩ যাত্রী ও ছয় ক্রু সদস্য সবাইকে নিরাপদে সরিয়ে নেওয়া হয়। একজন সামান্য আহত হন।

ফ্লাইটটি ডেনভার থেকে মায়ামি যাচ্ছিল। রানওয়েতে অবস্থানের সময় এতে সমস্যা দেখা দেয়। মার্ক সুর্কিস নামে এক যাত্রীর শেয়ার করা ভিডিওর বরাত দিয়ে সিবিসি জানায়, ঘটনার সময় যাত্রীরা স্লাইড ব্যবহার করে উড়োজাহাজ থেকে নেমে আসেন। তখন উড়োজাহাজের পেছন দিক থেকে ধোঁয়া ও আগুন বের হচ্ছিল।

মার্ক সুর্কিস বলেন, ঘটনাটি ঘটে উড়োজাহাজ উড্ডয়নের আগ মুহূর্তে। বিমানটি যখন গতি বাড়াচ্ছিল, তখনই আমরা একটি বিকট শব্দ শুনতে পাই।

ফেডারেল এভিয়েশন কর্তৃপক্ষ জানিয়েছে, যাত্রীদের একটি বাসে করে টার্মিনালে নেওয়া হয়। ঘটনার কারণ জানতে তদন্ত করা হবে। আর আমেরিকান এয়ারলাইনস কর্তৃপক্ষ এক বিবৃতিতে জানায়, উড্ডয়নের আগে উড়োজাহাজটি রক্ষণাবেক্ষণ সংক্রান্ত একটি সমস্যার মুখে পড়ে। এটি চাকা সংশ্লিষ্ট।

পরম্পরা সঙ্গীত একাডেমি'র বার্ষিক সঙ্গীত সম্মেলন অনুষ্ঠিত

নিউইয়র্ক: পরম্পরা সঙ্গীত একাডেমি ইউএসএ'র বার্ষিক সংগীত সম্মেলন-২০২৫ অনুষ্ঠিত হয়েছে। গত ২০ জুলাই, রোববার, ফ্ল্যাশিং এর হিন্দু সেন্টারে মন্ত্র পাঠ এবং প্রদীপ প্রজ্জ্বলনের মধ্যে দিয়ে সম্মেলনের সূচনা করেন হিন্দু সেন্টারের পুরোহিত দীক্ষিত জী। টেলিভিশন ব্যক্তিত্ব দিমা নেফারতিতি'র সঞ্চালনা ও শুভেচ্ছা নিবেদনের পরেই শুরু হয় সমবেত ভজন পরিবেশনা। একাডেমি'র সঙ্গীত গুরু বিপ্লব মুখার্জি'র নেতৃত্বে ভজন পরিবেশন করেন একাডেমির শিক্ষার্থীরা। তবলায় ছিলেন একাডেমির তবলা-গুরু রবিশংকর ভর্টাচার্য।

উল্লেখ্য, প্রবাসে ভারতীয় শাস্ত্রীয় সঙ্গীতের শুদ্ধ, সঠিক পরিবেশনা, প্রচার এবং প্রসারের লক্ষ্যে ২০১৮ সাল থেকে নিরলস প্রশিক্ষণ দিয়ে যাচ্ছে পরম্পরা সঙ্গীত একাডেমি ইউএসএ'র শিক্ষক বিপ্লব মুখার্জি এবং রবিশংকর ভর্টাচার্য। এই ধারাবাহিকতায় পরম্পরা একাডেমি প্রতিবছর নিউইয়র্কে শিক্ষার্থী এবং অতিথি সঙ্গীতজ্ঞদের জন্য সঙ্গীত সম্মেলন এর আয়োজন করে থাকে।

এবছরের সঙ্গীত সম্মেলন এর সন্ধ্যায় সমবেত ভজন এর পরে, তবলা লহরী, ভজন, কাজরী, দাদরা, গজল, রাগ কলাবতী, গণেশ স্তুতি সহ একাডেমির শিক্ষার্থীদের বহুমাত্রিক ভারতীয় শাস্ত্রীয় সঙ্গীতের মনোজ্ঞ পরিবেশনা উপভোগ করেন অতিথিবৃন্দ। অতিথি সঙ্গীতজ্ঞের মধ্যে সিতার মায়েস্ত্র উস্তাদ হিদায়েত হুসেইন খান এর সিতারের পরিবেশনা মুগ্ধ করে দর্শকদের। তার সাথে তবলায় সঙ্গত করেন ভারতের প্রতিভাবান তবলা বাদক মল্লার গোস্বামী।

এছাড়াও পরম্পরা একাডেমীর সঙ্গীত গুরু বিপ্লব মুখার্জির একক সঙ্গীত পরিবেশনা, সূরের মূর্ছনায় বিমোহিত হন দর্শকরা। সবশেষে বাংলা বাউল গানে দর্শক দের মুগ্ধ করেন বাউল শিল্পীরা। উল্লেখ্য, যে কোন বয়সের সঙ্গীতানুরাগীরা এই একাডেমি থেকে ভারতীয় উচ্চাঙ্গ সঙ্গীতের দীক্ষা নিতে পারে অনলাইন এবং ইন-পারসন ক্লাসের মাধ্যমে। -প্রেস বিজ্ঞপ্তি।





নিউইয়র্কে নেওয়াজ হালিমা আরলীকে জিয়া পরিষদের সংবর্ধনা





শেষ পৃষ্ঠায় পর সংবার্ধিত করেছে। এ উপলক্ষ্যে রোববার (২০ জুলাই) সন্ধ্যায় ব্রঙ্কসের একটি মিলনায়তনে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে বক্তারা আগামী দিনে বিএনপি রাষ্ট্র ক্ষমতায় গেলে তাকে মন্ত্রী বানানো এবং যুক্তরাষ্ট্র প্রবাসী বিএনপি'র ত্যাগী নেতাদের আগামী জাতীয় নির্বাচনে এমপি পদে মনোনয়ন দেয়ার দাবী জানান। পাশাপাশি কোন কোন বক্তা প্রবাসীদের সম্পর্কে কেন্দ্রীয় বিএনপি নেত্রী সৈয়দা আসিফা আশরাফী পাপিয়ার 'কটাক্ষ' করে বক্তব্যের তীব্র নিন্দা জানিয়ে পাপিয়ার বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা নেয়ার জন্য কেন্দ্রের প্রতিও দাবী জানান।

কেন্দ্রীয় জিয়া পরিষদের ভাইস চেয়ারম্যান ও যুক্তরাষ্ট্র জিয়া পরিষদের আহ্বায়ক সামসুল ইসলাম মজনু'র সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় গেষ্ট অব অনার ছিলেন কেন্দ্রীয় বিএনপি জাতীয় নির্বাহী কমিটির সদস্য ও যুক্তরাষ্ট্র বিএনপি'র সাবেক সভাপতি আব্দুল লতিফ সম্রাট, প্রধান বক্তা ছিলেন কেন্দ্রীয় বিএনপি জাতীয় নির্বাহী কমিটির সদস্য ও যুক্তরাষ্ট্র বিএনপি'র সাবেক সিনিয়র সহ সভাপতি গিয়াস আহমেদ এবং বিশেষ অতিথি ছিলেন যুক্তরাষ্ট্র বিএনপি'র সাবেক ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক মোস্তফা কামাল পাশা বাবুল।

সভায় সংবর্ধিত অতিথি ছাড়াও অন্যান্যের মধ্যে আরো বক্তব্য রাখেন বীর মুক্তিযোদ্ধা কমান্ডার মনজুর আহমেদ ও আব্দুস সালাম, নিউইয়র্ক ষ্টেট বিএনপি'র (একাংশ) সভাপতি সালেহ আহমেদ মানিক, নিউইয়র্ক ষ্টেট বিএনপি'র সাবেক সাধারণ সম্পাদক ইমরান শাহ রন, যুক্তরাষ্ট্র জাসাস-এর সদস্য সচিব জাহাঙ্গীর শহীদ সোহরাওয়ার্দী, ব্রঙ্কস কমিউনিটি বোর্ড মেম্বার শাজাহান শেখ, যুক্তরাষ্ট্র জিয়া পরিষদের যুগ্ম আহ্বায়ক ভিপি আলমগীর খান, ঢাকা মহানগর উত্তর শ্রমিক দল নেতা কাজী মোহাম্মদ মনিরুল ইসলাম, এডভোকেট শাহনাজ পারভীন জোসনা, এডভোকেট রেজওয়ানা সেতু প্রমুখ।

সভায় বক্তারা সংবর্ধিত অতিথি নেওয়াজ হালিমা আরলী-কে বিএনপি'র ত্যাগী ও জনপ্রিয় নেত্রী হিসেবে উল্লেখ করেন এবং তাকে আগামী নির্বাচনে তাকে এমপি মনোনীত করে দল ক্ষমতায় গেলে তাকে মন্ত্রী বানানোর দাবী জানান। কোন কোন বক্তা বদরুন্নাহার কলেজের ভিপি থাকাকালীন সময়ে এডভোকেট আরলীর নেতৃত্বেরও প্রশংসা করেন এবং তাকে ছাত্রীবান্ধব নেত্রী হিসেবে উল্লেখ করেন।

এডভোকেট নেওয়াজ হালিমা আরলী তার বক্তব্যে মাত্র তিনদিনের স্বল্প সময়ের নিউইয়র্ক সফরের সময় তাকে সংবর্ধিত করার জন্য জিয়া পরিষদ-কে ধন্যবাদ জানিয়ে বলেন, আমরা অনেক ত্যাগের বিনিময়ে নতুন বাংলাদেশ পেতে যাচ্ছি। দেশবাসীর মতো প্রবাসীরাও ফ্যাসিবাদ শেখ হাসিনার পতনের আন্দোলনের অংশীদার। নতুন বাংলাদেশ গড়তে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। আর যারা দল ও দেশের মানুষের ভালো চায় না তাদের ব্যাপারে সজাগ থাকতে হবে। তিনি বলেন, নানা ঘাত প্রতিঘাত পেরিয়ে আজ বিএনপি প্রমান করেছে বিএনপি জনগণের দল আর দলের প্রতিষ্ঠাতা জিয়াউর রহমান, বেগম খালেদা জিয়া আর তারেক রহমান খাঁটি দেশপ্রেমিক। তিনি বলেন, আধুনিক বাংলাদেশ গড়তে শহীদ জিয়া ১৯ দফা দিয়েছিলেন। আর নতুন বাংলাদেশ গড়তে তারেক রহমান ৩১ দফা দিয়েছেন। তিনি তার বক্তব্যে জিয়া পরিষদের সাবেক আহ্বায়ক কবীর মুরাদ ও দলের সাবেক মহাসচিব মরহুম খন্দকার দেলোয়ার হোসেন-কে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন এবং সকল ষড়যন্ত্রের মধ্যেও সবাইকে ঐক্যবদ্ধ থেকে দলকে শক্তিশালী করার আহ্বান জানান।

আব্দুল লতিফ সম্রাট বলেন, আমরা দল ও দেশের ভালো চাই। তাই সত্যকে সত্য বলার সাহস রাখি। আজ যারা প্রবাসীদের কটাক্ষ করছেন তারা দল ও দেশের ভালো চান না। প্রবাসীদের নিয়ে তিনি কটাক্ষ করে বক্তব্য রাখার জন্য কেন্দ্রীয় বিএনপি নেত্রী সৈয়দা আসিফা আশরাফী পাপিয়াকে দল থেকে বহিষ্কার দাবী করেন।

গিয়াস আহমেদ বলেন, প্রবাসীরা রেমিট্যান্স পাঠিয়ে দেশকে অর্থনৈতিকভাবে সমৃদ্ধ করছে। আর সেই প্রবাসীদের সম্পর্কে বিএনপি নেত্রী পাপিয়া কটাক্ষ করে বক্তব্য রাখছেন। আমরা প্রবাসীরা তার বক্তব্যের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাই এবং তার বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা নিতে দলের প্রতি আহ্বান জানাই।

মোস্তফা কামাল পাশা বাবুল বলেন, আমরা প্রবাসীরা দীর্ঘদিন ধরে দলের জন্য, দেশের জন্য কাজ করছি। এখন সময় এসেছে প্রবাসীদের মূল্যায়ন করার। তিনি যোগ্য প্রবাসীদের এসপি পদে মনোনয়ন দেয়ার জন্য কেন্দ্রীয় হাই কমান্ডের প্রতি দাবী জানান।

সভাপতির বক্তব্যে সামসুল ইসলাম মজনু বলেন, জিয়া পরিষদ কেন্দ্রীয় বিএনপি'র ভিন্নধর্মী সংগঠন। দেশ-বিদেশের জ্ঞানী-গুনী, গবেষকরা তাদের মেধা আর যোগ্যতা দিয়ে জিয়া পরিষদ সহ দল ও দেশের কল্যাণে অবদান রাখছেন। তিনি যুক্তরাষ্ট্র জিয়া পরিষদকে শক্তিশালী করতে প্রবাসের জাতীয়তাবাদী আদর্শের জ্ঞানী-গুনী, গবেষকদের ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান।

সভায় শহীদ জিয়ার বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং দলীয় চেয়ারপার্সন খালেদা জিয়া ও ভারপ্রাপ্ত চেয়াম্যান তারেক রহমানের সুস্থ্যতা কামনায় বিশেষ দোয়া করা হয়। এছাড়াও সংবর্ধিত অতিথিকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়। সবশেষে স্থানীয় শিল্পীরা সঙ্গীত পরিবেশন করেন। সভা পরিচালনা করেন যুক্তরাষ্ট্র জিয়া পরিষদের সদস্য সচিব জাকির হাওলাদার ও যুগ্ম সদস্য সচিব প্রফেসর সৈয়দ আজাদ।







নিউজার্সীতে ইমাম-কমিউনিটি লিডারদের নিয়ে মুনা'র সেমিনার





শেষ পৃষ্ঠায় পর উডল্যান্ড পার্কে বাংলাদেশী একটি রেস্টুরেন্টের হলরুমে অনুষ্ঠিত এই সেমিনারে ইমাম, ইসলামিক স্কলার ও কমিউনিটি লিডাররা অংশ নেন।

আসন্ন মুনা কনভেনশন-২০২৫ সফলভাবে আয়োজনের উদ্দেশ্যেই এই সেমিনারের আয়োজন করা হয়। আগামী ৮, ৯ ও ১০ আগস্ট ফিলাডেলফিয়া সিটির পেনসিলভানিয়া কনভেনশন সেন্টারে এই কনভেনশন অনুষ্ঠিত হবে। আয়োজকদের প্রত্যাশা, এবারের কনভেনশনে ৩০ হাজারের বেশি ডেলিগেট অংশগ্রহণ করবেন। এতে বাংলাদেশ, আমেরিকান ছাড়াও আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ইসলামিক স্কলাররা উপস্থিত থাকবেন।

সেমিনারে সভাপতিত্ব করেন মুনা নিউজার্সী নর্থ চ্যাপ্টারের সভাপতি ইমাম আবদুল মান্নান। প্রধান আলোচক ছিলেন মুনার সাবেক সভাপতি ডা. সাঈদুর রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুনা ইস্ট জোনের ভাইস প্রেসিডেন্ট ফারুক আহমেদ।

এছাড়াও বক্তব্য রাখেন কমিউনিটি লিডার বাবুল আহমেদ, মসজিদ আদমের ইমাম হাফিজ শাকিল আহমেদ, ইমাম ডা. মুহাম্মদ রহমান সাদী, প্যাটারসন স্কুল বোর্ড কমিশনার মুহাম্মদ রশিদ দিদার, প্রসপেক্ট পার্কের কাউন্সিলম্যান নিয়াজ নাদিম, ডা. মান্নান রাজ্জাক, মুনা ইস্ট জোনের এইড অ্যান্ড রিলিফের এসিস্ট্যান্ট ডিরেক্টর ফয়সাল আহমেদ চৌধুরীসহ আরও অনেকে।

সেমিনারে বক্তারা বলেন, আসন্ন মুনা কনভেনশন শুধু একটি ধর্মীয় সমাবেশ নয়, বরং এটি উত্তর আমেরিকার মুসলিমদের জন্য একটি বৃহৎ প্ল্যাটফর্ম, যা ইসলামি শিক্ষা, সমাজকল্যাণ এবং নেতৃত্ব বিকাশের দিকনির্দেশনা দেয়। সেমিনার থেকে মুনা'র এই উদ্যোগকে সফল করতে সকলে ঐক্যবদ্ধভাবে কাজ করার অঙ্গীকার করেন।

ইমিগ্রেশন ও আপনি



এটর্নী শাকিল এইচ কাজমী

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।



ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবন আমাদের কাম্য। আর তাই ইমিগ্রেশন বিষয়ে যেকোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্যে। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো।

প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেচে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

যুক্তরাষ্ট্রে ভিজিটরদের অধিকাংশের উপরই শিগগিরই ২৫০ ডলার নতুন "ভিসা ইনটিগ্রিটি ফি" প্রয়োগ করা হচ্ছে।

২৫০ ডলারের একটি নতুন "ভিসা ইনটিগ্রিটি ফি" যুক্তরাষ্ট্রে অধিকাংশ ভিজিটরের উপর প্রযোজ্য হবে। যারা নন ইমিগ্রান্ট ভিসার জন্য আবেদন করবেন তাদের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে ট্যুরিষ্ট, স্টুডেন্ট এবং অনিয়মিত ওয়ার্কার– তাদের উপর এই ফি প্রযোজ্য হবে গত ৫ জুলাই, ২০২৫-এ ওয়ান বিগ বিউটিফুল বিল এ্যাক্ট (ওবিবিবিএ)এর অধীনে আইন হিসেবে পাশ হয়েছে। ভিসার আবেদন ও অন্যান্য প্রসেসিং ফি'র অতিরিক্ত এই নতুন ফি। এই ফি মওকুফ বা হ্রাস করা হবে না। আইনে বলা হয়েছে, ভিসার মেয়াদ শেষ হলে তা রিইসবার্স করা হতে পারে। তবে ফি ফিরে পাওয়ার জন্য পরিষ্কার আর কিছু জানা যায় নাই।

কাকে এই ফি পরিশোধ করতে হবে?

ভিসা ইনটিগ্রিটি ফি সব নন ইমিগ্রান্ট ভিসা ক্যাটাগরির উপর প্রযোজ্য হবে (যেমন: বি-১/ বি-২, এফ-১, এইচ-১বি, এল-১, ও-১ এবং টিএন) এবং এই ফি ভিসা ইস্যু করার সময় অবশ্যই পরিশোধ করতে হবে।

যেমন ভ্রমণকারীর ভিসা লাগে না, তাদের ক্ষেত্রে এই ফি প্রযোজ্য হবে না। যেমন ভিসা ওয়েভার প্রোগ্রাম। অর্থ বছর ২০২৫ এর জন্য এটা ন্যূনতম। ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটি ইচ্ছা করলে ২০২৬-এর শুরু থেকে ফি বাড়াতেও পারে– বাৎসরিক মুদ্রাস্ফিতির হার অনুযায়ী।

২০২৬ ফিল্যান্স ইয়ার এর জন্য এইচ-১বি ভিসা ক্যাপ: ইউএস সিটিজেনশীপ এ্যান্ড ইমিগ্রেশন সার্ভিসেস (ইউএসসিআইএস) ২০২৬ অর্থ বছরের নির্ধারিত সংখ্যার চেয়ে অনেক বেশি এইচ-১বি ভিসার আবেদন পেয়েছে। ৮৫ হাজার এইচ-১বি ভিসার মধ্যে আছে নিয়মিত কোটায় ৬৫ হাজার এবং এ্যাডভান্স ডিগ্রীধারীদের কোটায় ২০ হাজার এর বাইরে নতুন আর কোন আবেদন নেয়া হবে না। তবে নিয়োগকারীরা এখনও এক্সটেনশন, ট্রান্সফার এবং ক্যাপ বহির্ভূত আবেদন এইচ-১বি শ্রমিকদের জন্য ফাইল করতে পারেন। এটাই অর্থ বছর ২০২৬ এর প্রক্রিয়ার জন্য চূড়ান্ত পদক্ষে। যেসব কোম্পানি এইচ-১বি ভিসার জন্য আবেদন করার সুযোগ নিতে পারেনি, তারা বিকল্প ভিসার আবেদন করতে পারেন, নতুবা পরবর্তী বছরের মার্চে (২০২৬ সাল) লটারির জন্য অপেক্ষা করতে পারেন।

ট্রাম্পের নতুন প্রস্তাবের অধীনে এইচ-১বি লটারীর সমাপ্তি ঘটতে পারেঃ

ট্রাম্প প্রশাসন চলতি এইচ-১বি ভিসা লটারির ব্যবস্থা পরিবর্তনের চিন্তা করছে। তার স্থলে মুজুরিভিত্তিক বাছাই প্রক্রিয়া প্রবর্তনের চিন্তা করছে। ২০২৬ সালের মার্চে এই-১বি লটারী শেষ হলে, তার পরিবর্তে মজুরিভিত্তিক নির্বাচনে প্রথম সর্বোচ্চ বেতনধারীরা সুযোগ পাবেন। এতে আন্তর্জাতিক ছাত্র এবং আর্মিক্যারিয়ার শ্রমিকদের সুযোগ বন্ধ হয়ে যেতে পারে। অনুরূপ একটি আইন ২০২১ সালে চূড়ান্ত হলেও কার্যকর করা হয়েছিলো না। নতুন আইন পুনর্মূল্যায়ন করা হচ্ছে এবং অচিরেই তা প্রকাশ করা হবে। খুব সম্ভবত: ২০২৬ সালের মার্চের প্রথম দিকে এইচ-১ লটারি শেষ হলে।

ইউএসএ'তে যারা লেখাপড়াতে আগ্রহী তাদের জন্য কয়েকটি গুরুত্বপূর্ণ শর্তঃ

এ ব্যাপারে এর পূর্বেও উল্লেখ করা হয়েছে যে এফএম এবং সে ভিসা আবেদনকারীদের সোশাল মিডিয়ায় প্রোফাইল প্রকাশকরতে হবে। যাতে কনস্যুলার অফিসাররা তাদের কার্যক্রম রিভিউ করতে পারে। এর মধ্যে অর্ন্তভুক্ত থাকবে পোস্ট, লাইক, এ্যাফিলিয়েশন।

নতুন পলিসির অধীনে ভিসা অফিসাররা আবেদনকারীদের রাজনৈতিক কর্মকাণ্ড পরীক্ষা করতে পারবে।

স্টুডেন্ট ভিসার আবেদন করার পরিকল্পনা থাকলে– নতুন স্টুডেন্ট ভিসা প্রক্রিয়া মন্থর হতে পারে। কারণ, ভিসা আবেদনকারীদের সোশাল মিডিয়া এবং অন লাইন কনটেন্ট পরীক্ষা করে দেখার জন্য নির্দেশ দেয়া হয়েছে।

এ ব্যাপারে আগেও প্রকাশ করা হয়েছে আরো কিছু জানতে চাইলে লিখবেন।

আগস্ট ২০২৫ ভিসা বুলেটিন:

ইউএস স্টে ডিপার্টমেন্ট (ডিওএস) আগস্ট ২০২৫'র ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিম্নে আগস্ট ২০২৫'র ভিসা বুলেটিন প্রকাশ করা হলো। উল্লেখ্য যে, "ফাইনাল এ্যাকশন ডেট" বলতে সেই ডেটকে বোঝায় যখন ইউএসসিআইএস/ ডিওএস জমাকৃত আবেদনের উপর তাদের চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করে। আর এতে করে প্রায়োরিটি তারিখ হয় এর পূর্বে।

আগস্ট ২০২৫'র সার্বিক পর্যালোচনায় দেখা যাচ্ছে যে, পরিবার ভিত্তিক ভিসা ক্যাটাগরিতে অগ্রগতি হয়নি।

ফ্যামিলি স্পনসর্ড প্রেফারেন্সেস :

প্রথম: (এফ ১): ইউএস সিটিজেনদের অবিবাহিত পুত্র-কন্যা : জুলাই ১৫, ২০১৬।

দ্বিতীয়: পার্মানেন্ট রেসিডেন্টদের স্পউসে (স্বামী/স্ত্রী), সন্তান এবং অবিবাহিত পুত্র-কন্যা।

এ. (এফ ২এ) ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস (স্বামী/স্ত্রী) এবং সন্তান ঃ সেপ্টেম্বর ০১, ২০২২।

বি. (এফ ২বি) ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত পুত্র-কন্যা (২১ বছর বা তদুর্ধ্ব বয়সী) ঃ অক্টোবর ১৫, ২০১৬।

তৃতীয় ঃ (এফ ৩) ঃ ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্র-কন্যা ঃ আগস্ট ০১, ২০১১।

চতুর্থ ঃ (এফ ৪) ঃ প্রাপ্ত বয়স্ক ইউএস সিটিজেনদের ভাই-বোন ঃ জানুয়ারি ০১ ২০০৮।

পারিবারিক এবং চাকুরিভিত্তিক ভিসার প্রাপ্যতা সম্পর্কে জানতে ইউএস ডিপার্টমেন্ট অফ স্টেটের ওয়েবসাইট ভিজিট করুন।

আমরা সবসময় যে পরামর্শ দিয়ে থাকি তা হচ্ছে যে, ইমিগ্রেশন বিষয়ে যেকোন চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের আগে প্রয়োজনবোধে একজন অভিজ্ঞ ইমিগ্রেশন এ্যাটর্নীর সাথে পরামর্শ করা ভালো। যেকোন ভুল সিদ্ধান্ত গ্রহণের ফলে অনেকসময় কেস বাতিল বা বিলম্বিত হওয়ার সম্ভাবনা থাকে। প্রয়োজনে আমাদের অফিসের সাথেও যোগাযোগ করতে পারেন।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

* Immigration Cases & Appeals * Bankruptcy Cases
* Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।


Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ণ স্বাস্থ্যসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com


PEOPLE TECH
DevOps
Scrum Master & Product Owner
[100% Scholarship for Training & Job Placement, Condition applied]
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing [QA] Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us


GLOBAL
Tours & Travel
BOOK YOUR FLIGHT
WITH OUR OTA
www.globaltravelbd.com
"We provide 24/7 customer support"
FLIGHT
VISA
HOTEL
$300 OFF
* Minimum $10000 cash purchase required
CALL NOW
718-406-9745
718-200-2655
Md Shamsuddin
PRESIDENT & CEO
Global Tours & Travel
World Tours & Travel


Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
MIRZA M ZAMAN
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

সাহিত্য সাময়িকী

যাবার সময় হলে
নাজনীন খলিল

কোথাও যাবার কথা হলেই আমার ট্রেনের কথা মনে হয়
এবং টিকেটচেকারের বিষাদময় আঙ্গুলে ধরা টিকেটের কথা
এক কামরাভরা যাত্রী,
সদ্য স্বজন ফেলে আসা বিরহব্যথা;
ইঞ্জিনের ঝিক ঝিক ঝিক বাজনার মন আনচান করা কোরাসে
সম্মিলিত বিষণ্নব্যথা বেজে ওঠে।
পূর্বতন ভ্রমণের নস্টালজিক স্মৃতিমন্থনের সাথে দুলতে দুলতে
আমরা এক নিরূপিত গন্তব্যের দিকে ছুটে যাই।

শেষ হুইসেল বেজে ওঠার সাথে সাথে
আসন্ন একাকীত্বের যন্ত্রণাব্যাকুল প্লাটফর্মের
হৃদয়মথিত দীর্ঘশ্বাসের কথা মনে হয়।

শব্দের রাজত্ব
জামসেদ ওয়াজেদ

ভ্রমণে আনন্দ আছে যদি হয় তাহা কাব্যময়
জগতের দৃশ্য দৃষ্টি আকর্ষণে ছবি আঁকে কবি
শব্দের রাজত্ব জুড়ে করায়ত্বে ছড়ান সুরভি
নিজস্ব ভাষার রঙে চিত্রায়িত কাব্য লোকালয়

দাগরেখে যাবো বলে সময়কে করছি ধারণ
সাহিত্যের রসনায় উদ্ভাসিত এই সমতট
উদার হৃদয় থেকে প্রেম দেবো নয়তো কপট
কবিরা মানে না জেনো এ মন্দের ইঙ্গিত বারন

বরেন্দ্র সাহিত্য কেন্দ্রে প্রাণোচ্ছল এ আমার দিন
চেনা ও অচেনা মুখ তারুণ্যের আধিক্য অধিক
ছড়াবে সুরভি তারা দেশময়, বিশ্ব চতুর্দিক
সাহিত্য সরল পথে প্রত্যাশা তো অন্ধকারহীন

পৃথিবী বৃত্তের গৃহে আতিযত্ন হাঁটি হাঁটি পায়ে
আমরা এগিয়ে চলি কাহ্নপার প্রিয় নওগাঁয়ে

আরক্ত দুপুর
হাদিউল ইসলাম

একদিন দুধ খাওয়াতে চেয়ে
নাচের ভঙ্গিমায় দৌড়ে পালিয়েছো ,এমন দুষ্টু দুপুর-
আচমকা দিলখোলা দাবানলে কম্পমান
চোরাপথের আগ্নেয়গিরি ছোবলের পরিভাষা হয়ে
আমাকে দেখালো জিভ
আমার দু'কান থেকে দু'কোটি মৌমাছি উড়ে গেলো
একমাত্র মহাজাগতিক রানির পেছনে
মুহূর্তে কামসূত্রের সমস্ত ভঙ্গিমা চিত্রিত হলো দিগন্তে
খরগোশের পা আত্মা থেকে চ্যুত হয়ে-
সহসা দৌড়াতে লাগলো নির্জনতার দিকে
আর গাভীময় গোকুলের মাঠ হেসে উঠলো রোদ্দুর
তোমার পালানোর পেছনে দিস্তা দিস্তা আরক্ত দুপুর

সেকেন্ড হ্যান্ড কার
আজিজুল রমিজ

তুমি আমি আফ্রিকার পুরোনো গাড়ি
চালায় সবাই, কেউ শোনে না ইঞ্জিনের কান্না।
জং ধরা শরীর, ক্লাচে জমে অবহেলা
গায়ে আঁচড়, ভেতরে পরিচয়হীন ইতিহাস।

নেই কোনো ইনস্যুরেন্স
নেই চার লেনের স্বপ্নময় রাজপথ
আমরা ধোঁয়াধরা, দূষিত, বাতিল-
তবু বয়ে চলি জরাজীর্ণ জীবনের ভার
পিঠে রঙ বে রঙের দায়ের বোঝা।

শেষে পড়ে থাকি ভাগাড়ের এক কোণে-
সস্তা একটা প্ল্যাকার্ডে লেখা থাকে
স্বপ্ন আছে, চালাবার মতো কেউ নেই!

মাহরিন মিস
শাহনাজ পারভীন

আহ! মাহরিন মিস!
আজ তো কবিতা লেখার সময় নয় কোন,
আজ তো নয় কোন যাপনের দিন।
আজ মনে প্রাণে ছন্দ নেই কোনো
তবুও কবিতারা মগজের গভীরে শুধু কিলবিল করে।
আজ তো কবিতা দেখার মন নেই কোন
তবুও কবিতারা চোখের সামনে বারবার ঘুরে ফিরে
হেঁটে হেঁটে, কেঁদে কেটে যায়।

কবিতার এক পায়ে জুতা নেই কারো
কারো কাপড় পুড়ে গেছে চামড়াসহ দেহের অধিক
কারো হাত ঝলসানো ধুলোবালি মাটিতে আজ গড়াগড়ি খায়
কারো দেহ দ্বিখন্ডিত অথবা দেহ নেই কারো
দগদগে হাড় পড়ে আছে মাইলস্টোন ক্লাসের মেঝেয়
কারো বা হৃদয় উড়ে গেছে আকাশের ওপার।

আর তুমি? তাই দেখো আর ফুলগুলো কোলে তুলে হাসিমুখে
আঁচলে ঢেকে ফেলো বাৎসল্য প্রেম।
এক, দুই, তিন- এভাবে বিশটি মানিক বুকে তুলে নিরাপদে
পৃথিবীর বুকে রেখে
নিজেই বিপন্ন হয়ে উড়ে গেলে শহীদী ছায়ায়।

আহা! মাহরিন ম্যাম। তুমিও তো এক ফুল!
তোমার সুবাস ছড়িয়ে পড়েছে আজ সারা পৃথিবীর নাকে,
মুখে, হৃদয়ে, চোখের কোনায়।
আমি তাই দেখি আর শ্রদ্ধায়, খুশিতে ডগমগ করে উঠি
আহা শিক্ষক! তারা তো এমনই হয় আজীবনভর।

এমন একটা আকাশ চাই
এস এম রাকিব

এমন একটা আকাশ চাই-
যেখানে থোকা থোকা শারদীয়া শুভ্র
মেঘের অবিরাম লুকোচুরি
এমন একটা আকাশ চাই-
যেখানে দল বেঁধে সমান্তরালে
উড়ে যায় বালিহাঁস সাদা বক,
যেখানে শরষে ফুলের মতো
জ্যোৎস্নারা ঝরে পড়ে.....

এমন একটা আকাশ চাই-
যেখানে বারুদের গন্ধ নেই,
গগনবিদারী আর্তনাদ নেই
এমন একটা আকাশ চাই-
যেখানে শকুনের শ্যেন দৃষ্টি নেই,
পারমানবিক উষ্ণতাও নেই

এমন একটা আকাশ চাই-
যেখানে প্রজাপতির ডানায়
রোদের নরম গন্ধেরা খেলা করে,
এমন একটা আকাশ চাই-
যেখানে শান্তির পায়রা ওড়ে সারাক্ষণ
যেখানে নজরুল, রবীন্দ্রনাথ,
কিটস্, বায়রণ, সুলতান, পিকাসো
মিলে মিশে হয় একাকার.....
এমন একটা আকাশ আমার চাই ই চাই.....

অনুগত হাওয়া
সাব্বির আহমাদ

আটপৌরে একটা পাহাড় ছায়ার নিচে চাপা।
দৃশ্যরা একে একে লুকিয়ে পড়ছে চোখের ভিতর।
আর রঙ অনুগত হাওয়ার মতো পেচিয়ে ধরছে
নিম্নগত গলার কণ্ঠ। ডানায় রৌদ্রের গন্ধ মুছে ফেলছে
বহুজাতিক পাখিরা। সুদূর উত্তরের কোনো মেঘের
অঞ্চলে একটা বিষদার গাছ শুকিয়ে লজ্জাবতীর
মতো নুয়ে পড়ছে ক্রমশ। যে মোহকর বেদনায় পাহাড়
নিজেকে ছাপিয়ে প্রতিনিয়ত হারায় ছায়া আর রঙের অরণ্যে
সেখানে একদল সন্ন্যাসী বহুবছর আগেই ধ্যানের
ভিতর ছড়িয়ে দিয়েছিলো অন্তর্গত বিষের পাখা।

ওজন পার্ক ফ্রেন্ডস ক্লাব'র মিলনমেলা







শেষ পৃষ্ঠায় পর সদস্যরা তাদের পরিবার পরিজন নিয়ে দিনভর এফডিআর স্টেট পার্কে আনন্দ আয়োজনে অংশ নেন।

আয়োজকরা জানান, বাঙালী সংস্কৃতির আবহে আনন্দঘন বনভোজনে বিপুল সংখ্যক প্রবাসী ওজন পার্কবাসী সহ কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ অংশ নেন। বনভোজনটি পরিনত হয় ওজন পার্কবাসীর মিলন মেলায়। তারা মজাদার খাবারসহ বিনোদন, আড্ডা আর কুশল বিনিময়ে উপভোগ করেন দিনটি।

এদিন সকালে সংগঠনের কর্মকর্তারা অতিথিদের সাথে নিয়ে বেলুন উড়িয়ে উৎসবমুখর পরিবেশে বনভোজনের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এর আগে নাস্তা পরিবেশন করা হয়।

সংগঠনের সভাপতি মোঃ ইকবাল হোসেন চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠান পরিচালনায় ছিলেন সাধারন সম্পাদক মোঃ জাহিদুল ইসলাম। বনভোজনে বিভিন্ন দায়িত্বে ছিলেন সহ-সভাপতি হিমেল স্বপন, যুগ্ম সম্পাদক মোঃ ফখরুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক নূর রতন, প্রেস সেক্রেটারী নুর হোসেন অনুষ্ঠান সমন্বয়ক ইমতিয়াজ আহমেদ প্রমুখ। অন্যান্য কার্যনির্বাহী সদস্যসহ উপদেষ্টারাও সার্বিক সহযোগিতায় ছিলেন।





বনভোজনে দিনব্যাপী অনুষ্ঠানসূচিতে ছিল বিভিন্ন খেলা-ধুলা ও রাফেল ড্র। খেলাধুলায় শিশু-কিশোর, যুবক-যুবতীদের বিভিন্ন ইভেন্ট ছাড়াও ছিল মহিলা-পুরুষদের আকর্ষণীয় ইভেন্ট। প্রবাসে জন্ম নেয়া ও বেড়ে ওঠা নতুন প্রজন্মের বিপুল সংখ্যক ছেলে-মেয়ে এতে অংশ নেয়। মধ্যাহ্ন ভোজে ছিল মজাদার সব খাবার।

উপভোগ্য খেলাধূলা ছাড়াও সবশেষে অনুষ্ঠিত হয় বনভোজনের অন্যতম আকর্ষণ র‍্যাফেল ড্র। শেষে খেলাধুলায় অংশগ্রহনকারি এবং র‍্যাফেল ড্র বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। র‍্যাফেল ড্রতে ছিল ওমরা প্যাকেজ, নিউইয়র্ক-ঢাকা-নিউইয়র্ক এয়ার টিকেট, স্বর্ণের সেট, আইফোন, নগদ অর্থ সহ ২০ টি বিশেষ পুরস্কার। রাফেল ড্র এর মাধ্যমে মিলন মেলা শেষ হয়।

সংগঠনের সভাপতি মোঃ ইকবাল হোসেন চৌধুরী এবং সাধারণ সম্পাদক মোঃ জাহিদুল ইসলাম আয়োজক কমিটির পক্ষ থেকে সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে বলেন, সকলের আন্তরিক সহযোগিতায় সৌহার্দপূর্ণ পরিবেশের এ বনভোজন আয়োজন সম্ভব হয়েছে। এবারের বনভোজনে প্রায় ৭শ অতিথি অংশগ্রহন করেন। এ চমৎকার আয়োজনে আন্তরিক আতিথিয়তার জন্য আয়োজকদের বিশেষ ধন্যবাদ জানান সাধারণ সদস্য ও অতিথিরা।

সভাপতি মোঃ ইকবাল হোসেন চৌধুরী জানান, ২০২৪ সালে ওজন পার্ক ফেন্ডস ক্লাব ইউএসএ'র যাত্রা শুরু হয়। বর্তমানে এ অলাভজনক সংস্থাটির মোট সদস্য সংখ্যা ৬০০ জন। ১১ সদস্যের কার্যনির্বাহী এবং ৮ সদস্যের উপদেষ্টা কমিটি সংগঠনটির সার্বিক কার্যক্রম পরিচালনা করছে।







'মেয়র হলেও এক মেয়াদ টিকবেন না'

প্রথম পৃষ্ঠার পর 'দ্য ফুল সেড পডকাস্ট'-এ নেতানিয়াহুর এই মন্তব্যের সূত্রপাত হয় তখন, যখন উপস্থাপক মামদানিকে 'ইহুদিবিদ্বেষী' আখ্যায়িত করে নেতানিয়াহুর প্রতিক্রিয়া জানতে চান। তখনই নেতানিয়াহু বলেন, "আপনি পুলিশের বাজেট কমাতে চান? তাহলে কি মানুষ দোকানে ঢুকে চুরি করবে আর কেউ বাধা দেবে না? এটাও কি কোনো সমাজব্যবস্থা?"

তবে সিএনএন-এর প্রতিবেদনে বলা হয়েছে, মামদানি পুলিশের অর্থ কমানোর পক্ষে নন, বরং বাজেট পুনর্বিন্যাসের মাধ্যমে গুরুতর অপরাধ মোকাবেলায় পুলিশের গুরুত্ব বাড়াতে চান।

নিউইয়র্ক শহরের প্রায় ১২ লাখ ইহুদি অধিবাসীর বড় অংশই ইসরায়েলের প্রতি সহানুভূতিশীল হলেও, নেতানিয়াহু বরাবরই শহরের উদারপন্থী ইহুদিদের কাছে জনপ্রিয় নন। ফলে তার এই বক্তব্য কতটা প্রভাব ফেলবে, তা নিয়েও বিশ্লেষকদের মধ্যে দ্বিধা রয়েছে।

মামদানি ইসরায়েলের গাজা অভিযানে প্রকাশ্যে সমালোচনা করেছেন, একে 'গণহত্যা' বলেছেন এবং প্রতিশ্রুতি দিয়েছেন যে, মেয়র নির্বাচিত হলে আন্তর্জাতিক অপরাধ আদালতের গ্রেপ্তারি পরোয়ানা থাকলে তিনি নেতানিয়াহুকে নিউইয়র্কে গ্রেপ্তার করবেন। ইসরায়েল অবশ্য গাজায় 'গণহত্যা' চালানোর অভিযোগ বারবার অস্বীকার করেছে।

মামদানির একটি মুখপাত্র নেতানিয়াহুর মন্তব্য নিয়ে তাৎক্ষণিক কোনো প্রতিক্রিয়া জানাননি। তবে নেতানিয়াহু থেমে থাকেননি। তিনি মামদানির করনীতি নিয়েও আক্রমণ করে বলেন, "আপনি ধনীদের উপর বাড়তি কর চাপাতে চান? ব্যবসা-বাণিজ্য ধ্বংস করতে চান? এসব করে কেউ এক মেয়াদও টিকতে পারে না।" তিনি আরও বলেন, "বাস্তবতা যখন ধাক্কা দেয়, তখন বোঝা যায় এগুলো কতটা হাস্যকর চিন্তা।"

নভেম্বরে নিউইয়র্কে অনুষ্ঠিতব্য মেয়র নির্বাচনে মামদানির প্রতিদ্বন্দ্বীদের মধ্যে রয়েছেন বর্তমান মেয়র এরিক অ্যাডামস, রিপাবলিকান নেতা কার্টিস স্লিওয়া এবং তৃতীয় দলের প্রার্থী হিসেবে মাঠে নামা সাবেক গভর্নর অ্যান্ড্রু কুওমো। অ্যাডামস ও কুওমো– দুজনই মামদানির বিরুদ্ধে 'ইহুদিবিদ্বেষের' অভিযোগ তুলেছেন। যদিও মামদানি তা দৃঢ়ভাবে অস্বীকার করেছেন।

সংস্কারে অগ্রগতি হলেও ধর্মীয় স্বাধীনতা নিয়ে দেশে উদ্বেগ

৩-এর পৃষ্ঠায় পর করেছে, এখানে 'বহুসংস্কৃতিবাদ' বা এর সমতুল্য কোনো বাংলা শব্দ ব্যবহার করা হোক।

ধর্মীয় সংখ্যালঘুরা অভিযোগ করেছেন, তাঁরা সংস্কারপ্রক্রিয়া থেকে বাদ পড়েছেন এবং রাজনীতি ও রাষ্ট্রীয় প্রতিষ্ঠানে তাঁদের প্রতিনিধিত্বও সীমিত।

নারী সংস্কার কমিশন নারীদের প্রতি বৈষম্য দূর করতে ৪৩৩টি সুপারিশ পেশ করেছে। তবে হেফাজতে ইসলামের মতো কয়েকটি সংগঠন এসব প্রস্তাবকে ইসলামবিরোধী আখ্যা দিয়ে বিক্ষোভ করে। প্রস্তাবিত সুপারিশগুলোর মধ্যে ধর্মভিত্তিক পারিবারিক ও ব্যক্তিগত আইনের সম্পূরক হিসেবে একটি সিভিল কোড চালুর প্রস্তাব ছিল, যা মিশ্র প্রতিক্রিয়া সৃষ্টি করে।

এমন প্রেক্ষাপটে চলতি বছরের মে মাসে হেফাজতে ইসলাম প্রায় ২০ হাজার সমর্থক নিয়ে ঢাকায় একটি সমাবেশ করে। সেখানে তারা নারী সংস্কার কমিশন বাতিল, সংবিধানে 'আল্লাহর ওপর পূর্ণ আস্থা ও বিশ্বাস' পুনঃস্থাপন এবং সংগঠনের নেতাদের বিরুদ্ধে করা সব মামলা প্রত্যাহারের দাবি জানায়।

প্রতিবেদনে আরও বলা হয়, বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসগুলোতে রক্ষণশীল ইসলামপন্থী মতাদর্শের উপস্থিতি আগের তুলনায় দৃশ্যমানভাবে বেড়েছে বলে কিছু নারী অভিযোগ করেছেন।

ইউএসসিআইআরএফ বলছে, অন্তর্বর্তী সরকার ধর্মীয় সংখ্যালঘুদের ওপর হামলার নিন্দা জানালেও জবাবদিহির অভাব রয়েছে। এ পরিস্থিতির জন্য সংস্থাটি আংশিকভাবে 'আইন প্রয়োগকারী ব্যবস্থা ভেঙে পড়া'কে দায়ী করেছে।

হিন্দু, আদিবাসী, আহমদিয়া ও সুফি সম্প্রদায়গুলো এখনো নানামুখী বৈষম্যের শিকার হচ্ছে বলে তারা অভিযোগ জানিয়ে আসছে।

প্রতিবেদনে সতর্ক করে বলা হয়, আগামী বছরের শুরুতে জাতীয় নির্বাচন সামনে রেখে ধর্মীয় উসকানিমূলক সহিংসতার আশঙ্কা রয়ে গেছে। কিন্তু বাড়তি পুলিশ মোতায়েন ছাড়া সরকার এখনো এ ধরনের সহিংসতা মোকাবিলায় কোনো পূর্ণাঙ্গ কৌশল উপস্থাপন করতে পারেনি।

প্রতিবেদনটি আরও উল্লেখ করে, বাংলাদেশের রাজনীতিতে নেতৃত্ব দীর্ঘদিন ধরে আওয়ামী লীগ ও বিএনপির মধ্যে আবর্তিত হয়েছে। উভয় দলই রাজনৈতিক সুবিধা আদায়ে ধর্মীয় পরিচয়কে ব্যবহার করেছে। আওয়ামী লীগকে তুলনামূলকভাবে ধর্মনিরপেক্ষ ও অন্তর্ভুক্তিমূলক বিবেচনা করা হলেও শেখ হাসিনার শাসনামলে ধর্মীয় সংখ্যালঘুদের ওপর হামলার ঘটনা ঘটেছে। অন্তর্বর্তী সরকার আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধ করেছে।

বিএনপিকে আরও বেশি রক্ষণশীল হিসেবে উল্লেখ করে ইউএসসিআইআরএফ বলেছে, জামায়াতে ইসলামীর মতো ইসলামপন্থী দলগুলোর সঙ্গে তাদের সম্পর্ক রয়েছে। শেখ হাসিনার সময়ে জামায়াতে ইসলামীকে নিষিদ্ধ করা হয়েছিল।

প্রতিবেদনে বলা হয়, কিছু ধর্মীয় সংখ্যালঘু ও মুসলিম নারী জোর দিয়ে বলেছেন, তাঁরা এখনো সমাজের বিভিন্ন স্তরে 'কট্টরপন্থী ইসলামি গোষ্ঠীর' বৈষম্যের শিকার হচ্ছেন। বিচ্ছিন্নভাবে হলেও ধর্মীয় পরিচয়ের ভিত্তিতে হামলার ঘটনাও অব্যাহত রয়েছে।

যুক্তরাষ্ট্রের এ কমিশন জোর দিয়ে বলেছে, সব ধর্মীয় সংখ্যালঘুর নিজ নিজ ধর্ম নির্ভয়ে ও প্রতিশোধের আশঙ্কা ছাড়াই পালন করার অধিকার নিশ্চিত করা জরুরি।

জোহরান মামদানীর বিজয়ে জ্যামাইকায় উৎসব

শেষ পৃষ্ঠায় পর

উৎসব অনুষ্ঠান হয়েছে। গত ২৪ জনু অনুষ্ঠিত প্রাইমারীতে তিনি বিপুল ভোটের ব্যবধানে নিউইয়র্কের সাবেক গভর্নর অ্যান্ড্রু কুওমোকে পরাজিত করেন। মাত্র আগামী ৪ নভেম্বর অনুষ্ঠেয় সাধারণ নির্বাচনে ৩৩ বছর বয়সী মুসলিম তরুণ মামদানীর প্রতিপক্ষ রিপাবলিকান প্রার্থী ছাড়াও বর্তমান মেয়র এরিক অ্যাডামস ও এন্ড্রু কুওমো।

বর্তমানে নিউইয়র্ক স্টেট অ্যাসেম্বলীমান জোহরান মামদানী মেয়র নির্বাচনে বিজয়ের এক মাস গত হতে চললেও বিভিন্ন কমিউনিটিতে এখনও তার বিজয় উৎসব চলছে। এরই অংশ হিসেবে গত ২২ জুলাই মঙ্গলবার বিকেলে জ্যামাইকা কমিউনিটির সাথে বিজয় উৎসব আয়োজন করেন ড্রাম বিটস। অলাভজনক এই সংগঠনটির অন্যতম পরিচালক বাংলাদেশী-আমেরিকান কাজী ফৌজিয়া ছিলেন উৎসবের প্রধান আয়োজক।

স্থানীয় হিলসাইড এভিনিউর ১৭৩-১৭৫ স্ট্রিটস্থ পার্কে আয়োজিত এই আনন্দ উৎসবে বাংলাদেশী ছাড়াও বিভিন্ন জাতিগোষ্ঠীর বিপুলসংখ্যক মানুষ অংশ নেন। এসময় তারা জোহরান মামদানীর পক্ষে শ্লোগানে শ্লোগানে মুখরিত করে তুলেন গোটা এলাকা।

জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির সভাপতি ফকরুল ইসলাম দেলোয়ারের উপস্থাপনায় অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বাংলাদেশ সোসাইটির সাবেক সাধারণ সম্পাদক ফখরুল আলম, সোসাইটির ট্রাষ্টিবোর্ড সদস্য ও কমিউনিটি বোর্ড মেম্বার আহসান হাবীব, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট মো. শহীদুল্লাহ, কাজী ফৌজিয়া, জে. মোল্লা সানি, মোহাম্মদ জাহাঙ্গীর, ফাহাদ আহমেদ, জিল্লুর, রাসেল প্রমুখ। এছাড়া সাউথ এশিয়ান কমিউনিটির নেতৃবৃন্দও বক্তব্য রাখেন।

উৎসবে বক্তাগণ আগামী ৪ নভেম্বরের নির্বাচনে মামদানীকে সিটির মেয়রপদে নির্বাচিত করার জন্য ব্যাপক প্রচারণা চালিয়ে যাওয়ার অঙ্গীকার ব্যক্ত এবং মামদানিকে বিজয়ী করতে সবাইকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান।



নীলফামারী এসোসিয়েশনের বর্ণাঢ্য বনভোজন

শেষ পৃষ্ঠায় পর

প্রতিযোগিতা। কর্মময় ব্যস্ত জীবন থেকে কিছুটা স্বস্থি ও আনন্দঘন সময় কাটাতে তাই তারা বেছে নিচ্ছে কোলাহলহীন নির্জনতা। আয়োজন করছে বনভোজনের। নির্মল এমন উৎসব আয়োজন থেকে পিছিয়ে নেই প্রবাসের অন্যতম আঞ্চলিক সংগঠন নীলফামারী ডিষ্ট্রিক্ট এসোসিয়েশন নিউইয়র্ক, ইউএসএ। উত্তরবঙ্গের অন্যতম জনপদ নীলফামারী। প্রবাসী নীলফামারীবাসীর মাঝে পারস্পরিক সম্পর্ককে আরো সুদৃঢ় করবে এমন প্রত্যাশায় এসোসিয়েশন বার্ষিক বনভোজনের আয়োজন করে গত ১৯ জুলাই, শনিবার। লং আইল্যান্ডের বেথপেজ স্টেট পার্কের ঈগল প্যাভেলিয়নে দিনভর চলে বনভোজনের বর্ণাঢ্য আনন্দ উৎসব।

রং বে রং-এর একগুচ্ছ বেলুন উড়িয়ে বর্ণাঢ্য এই বনভোজনের আনুষ্ঠানিক উদ্বোধন করেন প্রধান অতিথি, নর্থ বেঙ্গল ফাউন্ডেশন ইউএসএ'র প্রতিষ্ঠাতা সভাপতি, নীলফামারীর সন্তান, আয়োজক সংগঠনের প্রধান উপদেষ্টা বিশিষ্ট শিল্পপতি হাসানুজ্জামান হাসান। এসময় নীলফামারী এসোসিয়েশনের কর্মকর্তা ও অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন।

উদ্বোধনী বক্তব্যে হাসানুজ্জামান হাসান বনভোজনে অংশগ্রহণকারীদেরকে শুভেচ্ছা জানিয়ে বলেন, নীলফামারীবাসীর সাথে আমার সম্পর্ক অত্যন্ত নিবিড়। বিশেষ করে এই সংগঠনের সাথে আমার পরিবারের দীর্ঘদিনের ঘনিষ্ঠ সম্পর্ক রয়েছে। সুশৃংখলভাবে বনভোজন আয়োজন করায় সংগঠনের কর্মকর্তাদের ধন্যবাদ জানান তিনি। তিনি বলেন, দেশ ও প্রবাসে নীলফামারীবাসীকে ঐক্যবদ্ধভাবে কাজ করে যেতে হবে।

মেলায় বিশেষ অতিথি ছিলেন অভিজাত গ্রুপের চেয়ারম্যান, বিশিষ্ট ব্যবসায়ী মুস্তাফিজুর রহমান, নর্থবেঙ্গল ফাউন্ডেশন ইউএসএ'র সাবেক সভাপতি ও বর্তমান প্রধান উপদেষ্টা ডা. আব্দুল লতিফ, ফাউন্ডেশনের সাধারণ সম্পাদক মোজাফফর হোসেন, সাবেক সাধারণ সম্পাদক তনু খান ও সহ সভাপতি আবু তাহের, এমটিএ নিউইয়র্ক সিটির অবসর প্রাপ্ত পরিচালক নূর হোসেন সরকার, সাবেক সভাপতি এবং নীলফামারী ডিস্ট্রিক্ট এসোসিয়েশনের বর্তমান উপদেষ্টা হাসান কবীর ডাবলু, মর্টগেজ কর্মকর্তা শামনুন শিবলী এবং সাপ্তাহিক বাংলাদেশ সম্পাদক ডা. ওয়াজেদ খান।



উদ্বোধনী পর্বে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন নীলফামারী এসোসিয়েশনের সভাপতি মোহাম্মদ রোকানুজ্জামান রোকন ও সাধারণ সম্পাদক হৃষিকেশ রায়। বনভোজন আয়োজক কমিটির আহ্বায়ক হাবিবুল হক হাবিব, সদস্য সচিব শফিকুল ইসলাম স্বপন সহ অন্যান্য কর্মকর্তাগণ এসময় উপস্থিত ছিলেন।

নিউইয়র্ক সিটি ও লং আইল্যান্ডে বিভিন্ন স্থান থেকে প্রবাসী নীলফামারীবাসীরা সময়মতো পৌছে যান বনভোজন স্পটে। ফলে চমৎকার আবহাওয়ায় আকর্ষনীয় বেথপেজ পার্কে সকাল থেকেই জমে উঠে বনভোজন। উদ্বোধনের পর সকালের নাস্তা শেষ করে নানাবিধ খেলাধূলায় মেতে উঠে শিশু-কিশোর-কিশোরী থেকে শুরু করে সব বয়সীরা। শুরু হয় নারী-পুরুষ এবং ছোটদের খেলাধূলা। প্রতিযোগিতা শেষে বিজয়ীদের মাঝে আকর্ষনীয় পুরস্কার বিতরণ করা হয়। মধ্যাহ্ন ভোজ পরিবেশন করা হয় বেলা দুপুর ২টায়। সবার মুখে ছিলো দেশীয় খাবারের প্রশংসা। যা বনভোজন আয়োজনের মাত্রাকে বাড়িয়ে দেয়। দুপুরের খাবারের পর ডেজার্ট হিসেবে পরিবেশন করা হয় ঐতিহ্যবাহী কালোজাম মিষ্টি এবং বাহারি মশলায় মিষ্টি পান-সুপারি।

অনুষ্ঠানে নীলফামারী ডিস্ট্রিক্ট এসোসিয়েশনের সৌজন্যে প্রধান অতিথি, বিশেষ অতিথি ও বর্তমান নীলফামারী ডিস্ট্রিক্ট এসোসিয়েশনের কার্যকরী কমিটির সদস্যদের সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়। এসময় শুভেচ্ছা বক্তব্য রাখেন প্রধান অতিথি, বিশেষ অতিথিবৃন্দ এবং নীলফামারী এসোসিয়েশনের কার্যকরী কমিটির মোহাম্মদ রোকন, হৃশি, হাবিবুল, স্বপন, গৌতম রায়, কৈলাশ, রাসেল, সুরুজ, রহমান, মুক্তা, টিটু, স্বপন রায়, পরিমল এবং রহিম।

সাংস্কৃতিক পর্বে সঙ্গীত পরিবেশন করেন প্রবাসের জনপ্রিয় কণ্ঠশিল্পী রোকসানা মির্জা ও গৌতম রায়। তাদের পরিবেশনায় গান ও নৃত্যে জমে ওঠে সাংস্কৃতিক অনুষ্ঠান। এসময় উপস্থিত সবাই নেচে-গেয়ে আনন্দে অংশগ্রহণ করেন। বিকেলের খাবার হিসেবে তরমুজ এবং





ঝাল-মুড়ির সাথে পরিবেশন করা হয় স্পেশাল চা। যা উপস্থিত সবার প্রশংসা কুড়ায়।

এবারের বনভোজনে আকর্ষনীয় র‍্যাফল ড্র-তে ১৫টি পুরস্কার প্রদান করা হয়। প্রথম পুরস্কার হিসেবে স্বর্ণের চেইন, দ্বিতীয় পুরস্কার টিভি, তৃতীয় পুরস্কার এ্যাপল ওয়াচ, চতুর্থ, পঞ্চম ও ষষ্ঠ পুরস্কার ল্যাপটপ সহ অন্যান্য আকর্ষনীয় পুরস্কার লটারী বিজয়ীদের হাতে পুরস্কার হিসেবে তুলে দেয়া হয়। পরিশেষে এসোসিয়েশনের সাধারণ সম্পাদক হৃষিকেশ রায় ধন্যবাদ সূচক এবং সভাপতি মোহাম্মদ রোকনুজ্জামান রোকন তার সমাপনী বক্তব্যে আগতদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে বনভোজন অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

ঐকমত্য কমিশনের বৈঠকে উত্তেজনা এক স্লিপ

৩-এর পৃষ্ঠায় পর

সাম্য, মানবিক মর্যাদা, সামাজিক ন্যায়বিচার, গণতন্ত্র ও ধর্মীয় স্বাধীনতা সংবিধানে অন্তর্ভুক্তির প্রস্তাব করা হয়েছে, বিশেষ করে, পঞ্চদশ সংশোধনী বাতিল হওয়ার সম্ভাবনার প্রেক্ষাপটে।'

তিনি বলেন, 'সমাজতন্ত্র ও জাতীয়তাবাদের মতো বিতর্কিত ধারণার পরিবর্তে কমিশন একটি অন্তর্ভুক্তিমূলক ও ন্যায়ভিত্তিক সংবিধানের আকাঙ্ক্ষা ব্যক্ত করেছে, যা বাংলাদেশের জনগণের স্বপ্ন পূরণ করবে।'

বাংলাদেশ লিবারেল ডেমোক্রেটিক পার্টির (এলডিপি) চেয়ারম্যান শাহাদাত হোসেন সেলিম বলেন, 'রাষ্ট্রের মূলনীতি নিয়ে আমরা গত চার দিন ধরে আলোচনা করছি। অধিকাংশ রাজনৈতিক দল মনে করে, ৭২ এর সংবিধানে ফিরে যাওয়ার কোনো প্রশ্নই আসে না। কারণ, সমাজতন্ত্র আন্তর্জাতিকভাবে একটা পরিত্যক্ত বিষয় হয়ে গেছে।'

শাহাদাত হোসেন সেলিম আরও বলেন, 'বিগত চার দিনের আলোচনার পর কমিশন আজ যে প্রস্তাব দিয়েছে, তার প্রতি আমরা সমর্থন দিয়েছি। যদিও আমাদের অনেকের মনের মধ্য ভিন্নমত আছে। সেটা হলো, আল্লাহর ওপর অবিচল আস্থা ও বিশ্বাস– এই শব্দটা যুক্ত করার প্রস্তাব দিয়েছিলাম। তারপর কমিশনের প্রস্তাবে যেহেতু ধর্মীয় স্বাধীনতা ও সম্প্রীতির কথা আছে, তাই আমরা ভিন্নমত থেকে সরে এসেছি। তবে ভবিষ্যতে কোনো রাজনৈতিক দল যদি সংবিধান সংশোধনের প্রস্তাব করে এবং সেটা পাস হয়, হয়তো তখন আমরা তার বিরোধিতা করব না।'

শেষ পৃষ্ঠায় পর

বনভোজনগুলোর ব্যয় মেটানো হয়। সহকর্মীদের সাথে চায়ের টেবিলের আলোচনায় জানা গেলো- অনেকের কাছে এই ডোনেশন নাকি এক প্রকার 'চাঁদাবাজী'-তে পরিণত হয়েছে। অনেক ডোনার নাকি এখন সামার মৌসুম-কে ভয় পান। একের পর এক ডোনেশনের দাবীতে অতিষ্ঠ হয়ে উঠেছেন তারা। তাদের ভাষায় 'সামাজিক মর্যাদা আর ব্যক্তিগত সম্পর্ক'-এর কারণে সংশ্লিস্টরা না পারছেন না বলতে, না পারছেন মুখে কিছু বলতে। এমন অবস্থায় কারো কারো ফেসবুক স্ট্যাটাস কমিউনিটিতে মিশ্র প্রতিক্রিয়ার সৃষ্টি করেছে। ২৭ জুলাই ২০২৪

একযোগে নাসার প্রায় ৪ হাজার কর্মকর্তার পদত্যাগ

শেষ পৃষ্ঠায় পর সংখ্যা নাসার মোট কর্মীর প্রায় ২০ শতাংশ। ফলে নাসার কর্মী ১৮ হাজার থেকে কমে ১৪ হাজারে নেমে এসেছে। এ ছাড়া নিয়মিত অবসর এবং অন্যান্য কারণে আরও ৫০০ জন কর্মী নাসা ছেড়েছেন।'

ওয়ার্নার জানান, কর্মসূচির দ্বিতীয় ধাপ শুক্রবার রাত ১২টায় শেষ হয়। এ পর্বে ৩ হাজার কর্মকর্তা পদত্যাগের আবেদন করেন। এর আগে প্রথম ধাপে আরও ৮৭০ জন কর্মী স্বেচ্ছায় পদত্যাগে সম্মত হন।

এই গণপদত্যাগকে ট্রাম্প প্রশাসনের 'ফেডারেল কর্মী বাহিনী হ্রাস' নীতির অংশ হিসেবে দেখা যাচ্ছে। প্রশাসনের অধীনে কাজ করা সরকারি দক্ষতাসংক্রান্ত বিভাগ নাসায় বড় ধরনের কর্মী ছাঁটাইয়ের সুপারিশ করে। এ বিষয়ে মন্তব্য চেয়ে এনপিআর হোয়াইট হাউসের সঙ্গে যোগাযোগ করলেও এখনো কোনো প্রতিক্রিয়া পাওয়া যায়নি।

ওয়ার্নার জানান, পুরো কর্মী হ্রাস কবে কার্যকর হবে, সে বিষয়ে এখনো নিশ্চিত করে কিছু বলা যাচ্ছে না। এ ছাড়া ছাঁটাইয়ের ফলে নাসার কার্যক্রমে কী প্রভাব পড়বে, সে বিষয়েও সংস্থাটি এনপিআরের প্রশ্নের উত্তর দেয়নি।

নাসার জন্য বাজেট কমানোর প্রস্তাবও দিয়েছে ট্রাম্প প্রশাসন। ২০২৬ অর্থবছরের বাজেট প্রস্তাব অনুযায়ী, সংস্থাটির বাজেট প্রায় ২৪ শতাংশ কমিয়ে ২৫ বিলিয়ন ডলার থেকে ১৯ বিলিয়ন ডলারে নামিয়ে আনার পরিকল্পনা রয়েছে। যদিও কংগ্রেসের উভয় কক্ষে এই বাজেট হ্রাসের বিরুদ্ধে আলোচনা চলছে এবং বর্তমান বাজেট ধরে রাখার সম্ভাবনাও রয়েছে।

তবে ভবিষ্যতের বাজেট পরিকল্পনায় কিছু ইতিবাচক দিকও রয়েছে। চলতি মাসে ট্রাম্প যে 'ওয়ান বিগ বিউটিফুল বিল অ্যাক্ট' নামে একটি বিল স্বাক্ষর করেছেন, তাতে ২০৩২ সাল পর্যন্ত নাসার জন্য অতিরিক্ত ১০ বিলিয়ন ডলারের তহবিল বরাদ্দ রাখা হয়েছে। এর মধ্যে রয়েছে মঙ্গলগ্রহ অভিযান এবং চাঁদে ফিরে যাওয়ার প্রকল্পে অর্থায়নের প্রতিশ্রুতি।

তবে হোয়াইট হাউসের এই বাজেট প্রস্তাব ও কর্মী ছাঁটাইয়ের পরিকল্পনা বেশ কিছু বিজ্ঞানী ও মহাকাশ সংস্থার সমালোচনার মুখে পড়েছে। বিল নাইয়ের নেতৃত্বাধীন বেসরকারি সংস্থা 'দ্য প্ল্যানেটারি সোসাইটি' এক বিবৃতিতে বলেছে, 'আমরা বিশ্বাস করি, একটি মহান জাতির উচিত একটি মহৎ মহাকাশ কর্মসূচি রাখা। কিন্তু এই বাজেট প্রস্তাব সেই প্রতিশ্রুতিকে সরাসরি প্রত্যাখ্যান করে।'

গত সোমবার নাসার বর্তমান এবং সাবেক ৩০০ জনের বেশি কর্মী 'ভয়েজার ডিক্লারেশন' নামের একটি খোলা চিঠি অন্তর্বর্তীকালীন প্রশাসক শন ডাফিকে পাঠিয়েছেন। এতে তাঁরা সংস্থায় চলমান 'দ্রুত ও অপচয়মূলক পরিবর্তনের' সমালোচনা করেন এবং প্রস্তাবিত বাজেট কাটছাঁট বাস্তবায়ন না করার অনুরোধ জানান। তাঁদের মতে, 'এই কাটছাঁট নাসার স্বার্থের পক্ষে নয়।'

পাঁচ মাসে ৫০ ইমিগ্রেশন বিচারক

প্রথম পৃষ্ঠার পর

বোস্টনে দুই বছরে দুই হাজারের বেশি ইমিগ্রেশন মামলা নিষ্পত্তি করেছেন জর্জ পাপাস। তিনি জানান, "এমন বরখাস্ত স্বেচ্ছাচারী, এটা আইন ও বিচারপ্রক্রিয়ার ওপর সরাসরি আক্রমণ।"

পেইটনের অভিজ্ঞতাও ভিন্ন নয়। নয় বছর ধরে তিনি নেতৃত্ব দিয়েছেন শিকাগোর অভিবাসন আদালতে। ছিলেন প্রশিক্ষক, তদারককারী, বিচারক। আর সেই পেইটন ছুটির দিনে এক ইমেইল পান– মাত্র তিন লাইনের। কোনো কারণ নেই, কোনো ব্যাখ্যা নেই।

তার অধীনেই কাজ করতেন কারলা এসপিনোজা, যিনি মাত্র এক বছরে এক হাজারের বেশি মামলা নিষ্পত্তি করেছেন। গড় বিচারকের দ্বিগুণ। সেই এসপিনোজাও বলছেন, আদালতের ভেতরে সবসময় একটা চাপ, এক ধরনের ভয় কাজ করত। কেউ বলত না, কিন্তু বোঝা যেত।

পাপাস ও পেইটন দাবি করছেন তাদের রায়ের ওপরও চাপ দেওয়া হতো। বলা হতো কীভাবে রায় দিতে হবে। কখনো নির্দেশ আসত, "মোশন টু ডিসমিস" মঞ্জুর করো। এমন সময়, যখন আইসিই আদালতের আশেপাশে ঘুরছে, মামলা খারিজ হলেই অভিযুক্তকে তখনই ধরে ফেরত পাঠানোর ঝুঁকি তৈরি হতো।

সানফ্রান্সিসকোতে আট বছর ধরে ইমিগ্রেশন কোর্টে বিচারক হিসেবে দায়িত্ব পালন করেছেন ইলা ডেইস। ডেইস বলেন, "এটা কেন হলো, আমি জানি না। তবে এটুকু জানি, কোনো অনৈতিকতা, অদক্ষতা বা ব্যর্থতার কারণে আমাকে সরানো হয়নি।"

তাদের মতো এরকম ছোট্ট ইমেইল বার্তায় আরো একাধিক ইমিগ্রেশন বিচারককে বরখাস্তের নোটিশ পাঠানো হয়েছে।









অর্থনৈতিক সমস্যার সমাধানে নিউইয়র্কসহ পুরো যুক্তরাষ্ট্রে সাউথ-ইস্ট গ্রুপ নিয়ে এলো

Micro Credit ও Micro Finance



- দরিদ্র ও স্বল্প আয়ের মানুষরা মাইক্রো ক্রেডিটের মাধ্যমে লোন পেতে পারেন সহজ শর্তে।
- ক্ষুদ্র ব্যবসায়ী, ফুড ভেন্ডার ও অন্যরা মাইক্রো ফাইন্যান্সের মাধ্যমে পেরেন পারেন সহজ শর্তে লোন।
- এছাড়াও পেতে পারেন সোলার প্যানেল ও উইন্ডমিলের জন্য লোন।
- চাষাবাদের জন্য লোন

যাদের ক্রেডিট স্কোর কম, কিংবা ব্যাড ক্রেডিট তাদের ক্রেডিট লাইন বিল্ড করে দেব।

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন

Southeast USA Group Inc.

74-09 37th Avenue, Suite # 206, Jackson Heights, NY 11372
Phone: 917-566-1612
www: southeastusagroup.com

FSR Multiservices Inc

মাল্টিসার্ভিস অফিস



বাংলাদেশী আমেরিকান কমিউনিটির জন্য
আমরা নিম্নলিখিত সার্ভিস সমূহ প্রদান করে থাকি

- মানি অর্ডার।
- ই-পাসপোর্ট এর জন্য আবেদন করা।
- ই-পাসপোর্ট এপ্লাই করার পর পাসপোর্টের স্ট্যাটাস/অবস্থান নিয়মিতভাবে আবেদনকারীকে অবহিত করা।
- মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর জন্য আবেদন করা।
- এনআইডি/ভোটার আইডি কার্ড আবেদন করা।
- জন্ম সনদের জন্য আবেদন পূণঃ মুদ্রণ/সঠিক তথ্য করা/পরিবর্তন আবেদন করা।
- পাওয়ার অব এ্যাটর্নি তৈরী করা।
- নো ভিসা ফরম পূরণ করা।
- দ্বৈত নাগরিকত্ব-এর জন্য আবেদন করা।
- তালাক নোটিশ তৈরী করা।
- এয়ার টিকেট।
- সকল প্রকার ইমিগ্রেশন ফাইল করা।
- ওয়ার্ক পারমিট রিনিউর আবেদন করা।
- ক্যাশ এসিসটেন্স আবেদন করা।
- ফুড স্ট্যাম্প আবেদন করা।
- রেন্টাল এসিসটেন্স আবেদন করা।
- ট্যাক্স ফাইল।
- বাংলাদেশে ট্যাক্স রিটার্ন জমা দেয়া/ই-টিন করা।
- বাংলাদেশে বাড়ী/ফ্ল্যাটের বাৎসরিক পৌর কর জমা করা।
- EB-3 আবেদন প্রসেস করা।
- ভারতীয় ভিসার আবেদন করা।
- সৌদি ওমরাহ ভিসার আবেদন করা।

Tel (917)-776-1235 646-461-0919

বিশ্বস্ত সেবার অন্যতম বাংলাদেশী প্রতিষ্ঠান

31-10 37th Avenue,
Suite- 206, (2nd Floor), NY 11101
Email: fsr2024@yahoo.com

GRAND OPENING! JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES

Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন



Naresh Gehi, Esq.

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

Call: 718-263-5999

- তুলনামূলকভাবে কম ফি
- সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।



Suryia Rahman, Esq

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

TODAY'S DENTAL

86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500



আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।



দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য



আপনাদের সেবায়

ডা: কাজী জাফরি সাত্তার
ডা: এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)

আমরা বাংলায় কথা বলি

REQUEST A FREE CONSULTATION
718-760-5500

HOW TO REACH US
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (ষ্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজ্যুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

MAMUN'S TUTORIAL

: Directed by :
SHEIKH AL MAMUN, Certified School Teacher
MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:
Summer Program will start from July 5th

SAT
8 Weeks Course
4 Hours Each Class
Total 32 Classes (4 days/week)
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

SHSAT
8 Weeks Course
5 days/week
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

COMMON CORE MATH & ENGLISH
1st Grade to 6th Grade
8 weeks course
3 Hrs./day, 4 days/week
Cost : 600.00

Get **25%** Discount
sign up by 4th July

Admission going on
K-6 & Common Core Regents Classes

Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : **347-657-0530, 917-561-1090**

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : **718-507-2113, 917-561-1090**

Quality Education Is Our Priority!

Congratulations to all our Students who made into Specialized High School

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকা যে কোন বড় ব্যবসা নতুনভাবে বিনিয়োগ করতে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হয়ে পড়েন।

অন্যথায় ১ মিলিয়ন বা তদুর্ধ্ব ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বিকল্পভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ আমাদের সাহায্যে পারস্পরিক করতে পারেন।

দেশে কোন রোগশয্যায় মরিয়া/পরিচালক হলে আপনি ও আপনার পরিবার যাতে তাঁহাকে দেখিতে পারেন এবং মৃত্যুর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

- আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার ক্রিমিনাল এটেস্টেড ক্লেইম, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিপ্যাসাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
- আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
- আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klplle@gmail.com, Web: www.k-lplle.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

SNS এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস



(একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান)

একাউন্টিং
ইনকাম ট্যাক্স, ব্যক্তিগত(Individual all States), কর্পোরেশন, পার্টনারশীপ, নট ফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আইআরএস -এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।

ইমিগ্রেশন
সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি।

Authorized e-file PROVIDER

